গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের ২০১৬১-৭ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয় বিভাগের নাম/	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পর ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) -সর্বনিম্ন সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
১।	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়	২২	২২	০	০	১৫	১৯	৮.৫৬% ৩৫০%	১৬	৩.৪৬% ৪১৬.৩১%

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা :২২

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ :মূল প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল বিধায় মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল ও ব্যয় বৃদ্ধি পেয়েছে।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা		সুপারিশ	
(১)		(২)	
৩১.	ক) Time over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০৬ বছর ০৬ মাস সময় বেশী (১৩০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে। খ) Cost over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৮৪৬১.৩৮ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে তিন বার সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ৩৯৭৬৭.৬১ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৩৮০১৫.৫৬ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ৯৫৫৪.১৮ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (৩৩.৫৭%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।	৩১.	প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;
৩২.	বাস্তবায়নকারী সংস্থা অনন্যা আবাসিক এলাকা ১ম পর্যায়ের কাজ শেষ হওয়ার পূর্বেই ২য় পর্যায়ের প্রকল্প গ্রহণ প্রক্রিয়া শুরু করে। ২য় পর্যায় প্রকল্পে উপরে গত ১১/১২/২০১৬ তারিখ পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে গত	৩২.	বিদ্যমান পরিপত্র মোতাবেক কোন উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায় অনুমোদনের পূর্বে ১ম পর্যায়ের সমাপ্তি মূল্যায়ন এর সুপারিশ গ্রহণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশন

	৩১/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে "অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়)'' শীর্ষক প্রকল্পটি অনুমোদন দেয়া হয়। ১ম পর্যায়ের কাজ শেষে আইএমইডি'র মূল্যায়ন ব্যতিরেকে ২য় পর্যায়ে প্রকল্প গ্রহণ করা সমীচীন হয়নি।		এ বিষয়টি নিশ্চিত করবে;
৩.৩	পরিদর্শনে লক্ষ্য করা যায় যে, গ্রামাঞ্চলে একট ফেরোসিমেন্ট ভবন নির্মাণের ক্ষেত্রে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় রামচন্দ্রপুর কালাকুমা গ্রামকে নির্বাচন করা যুক্তিযুক্ত হয়েছে। এলাকাটি গাড়ো পাহাড়ের পাদদেশে ভোগাই নদীর পাড়ে অবস্থিত। এখানের নদী থেকে সহজে সংগ্রহ করা যায়। এখানে বালি ও পাথর সহজ লভ্য হওয়ায় এ এলাকায় ফেরোসিমেন্ট প্রযুক্তিতে গৃহ নির্মাণ অনেক সাশ্রয়ী হয়েছে। উল্লেখ্য যে, মাটি বালিযুক্ত এবং এখানকার মাটি দিয়ে ইট প্রস্তুত করা সম্ভব নয় বিধায় আশে-পাশে কোথাও ইটের ভাটা নেই। ভবন নির্মণের জন্য অনেক দুর সংগ্রহ করতে গিয়ে জনগনকে বেশি মূল্যে ইট সংগ্রহ করতে হয়। তাই এসব এলাকায় গৃহ নির্মাণের ক্ষেত্রে ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহার বেশি উপযোগী।	৩৩.	গ্রামীন গৃহ নির্মাণে ফেরোসিমেন্ট প্রযুক্তি প্রয়োগের বিষয়ে জনসাধারণকে আরও উদ্বুদ্ধ করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/এইচবিআরআই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সচেষ্ট থাকতে হবে। স্কুল ভবনের দেয়াল গুলো ব্লক হওয়ায় তুলানামূলকভাবে উল্লিখিত ভবনে গরম কম অনুভব হয়। ব্যয় সাশ্রয়ী, কম শ্রমসাধ্য ও টেকসই সম্পন্ন এ প্রযুক্তিতে গৃহ নির্মাণে সকলেই আগ্রহ প্রকাশ করেন। এ প্রযুক্তিতে ভবন নির্মাণে কোন অসুবিধা নেই, বরঞ্চ তুলনামূলকভাবে এ প্রযুক্তিতে নির্মিত ভবনের ওজন তুলনামুলকভাবে কম হওয়ায় ভূমিকম্পনে এসব ভবনের তেমন ক্ষতি হয় না। তাই এ প্রযুক্তিতে ভবন নির্মাণের মাধ্যমে কৃষি জমির ক্ষয়ক্ষতি হ্রাস করার লক্ষ্যে এ প্রযুক্তিকে টেকসই করার প্রয়োজনীয় পদক্ষেপ মন্ত্রণালয় গ্রহণ করবে;
৩.৪	**নিয়মিত পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন না করা :** প্রকল্প দলিলে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলেও নিয়মিতভাবে উক্ত সভাসমূহ আয়োজন করা হয়নি। ফলে প্রকল্পটি বাস্তবায়নে জবাবদিহিতার অভাব ছিল এবং কেন্দ্রীয় পর্যায়ে থেকে যথাযথ দিক নির্দেশনা পায়নি।	৩৪.	**ভবিষ্যতে** প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইসি ও ষ্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে;
৩.৫	**রক্ষণাবেক্ষণের অভাব:** প্রকল্পের আওতায় নির্মিত ড্রেনসমূহ নিয়মিত পরিষ্কার করা হয় না। এর ফলে ড্রেনসমূহ দিয়ে পানি নিষ্কাশিত না হয়ে ড্রেনে পানি জমে থাকছে। এছাড়াও প্রকল্পের প্ল্যান অনুসারে ড্রেনসমূহ দিয়ে প্রবাহিত হয়ে রাজশাহী সিটি কর্পোরেশনের খালে পতিত হচ্ছে। কিন্তু খাল দিয়ে নিয়মিতভাবে পানি নিষ্কাশিত না হলে ভবিষ্যতে পুরো ড্রেনেজ সিস্টেম অকার্যকর হতে পারে।	৩.৫	প্রকল্পের প্ল্যান অনুসারে ড্রেনসমূহ দিয়ে প্রবাহিত হয়ে রাজশাহী সিটি কর্পোরেশনের খালে পতিত হচ্ছে। কিন্তু খাল দিয়ে নিয়মিতভাবে পানি নিষ্কাশিত না হলে ভবিষ্যতে পুরো ড্রেনেজ সিস্টেম অকার্যকর হতে পারে।

অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর' ২০১৬)

১। প্রকল্পের নাম : **অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন**

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (চউক)।

৪। প্রকল্পের অবস্থান : চট্টগ্রাম সদর।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৮৪৬১.৩৮	**৩৯৭৬৭.৬১**	**৩৮০১৫.৫৬**	জুলাই, ২০০৫ হতে জুন, ২০১০	জুলাই, ২০০৫ হতে জুন, ২০১৪ (পরবর্তীতে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ ডিসেম্বর, ২০১৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে)	জুলাই, ২০০৫ হতে ডিসেম্বর, ২০১৬	**৯৫৫৪.১৮ (৩৩.৫৭%)**	**৭৮ মাস (১৩০%)**

০৬। প্রকল্পের উদ্দেশ্য:

(ক) ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সংগতি রেখে পরিকল্পিত আবাসিক প্লটের চাহিদা পূরণ; এবং

(খ) অনুমোদিত মাস্টার প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে নগরীর পরিধিস্থ সম্প্রসারণ নিশ্চিতকরণ।

০৭। প্রকল্পের মূল কার্যক্রম :

- ভূমি অধিগ্রহণ (১৭২.৮১ একর);
- ভূমি উন্নয়ন (১৮০৫০৯৮.৫৫ ঘ:মি:);
- ১১'' পুরুত্বের ইটের রাস্তা নির্মাণ (২১৪৬৮.৪০ বর্গ:মি:);
- ৮'' পুরুত্বের ইটের রাস্তা নির্মাণ (৯৫৫৫৩৪.৩৯ বর্গ:মি:);
- রাস্তার ডিভাইডার নির্মাণ (৪৩৯৮.৪২ রা:মি:);
- বৃহৎ ড্রেন নির্মাণ (১৫৯৫.০০ রা:মি:); এবং
- আবাসিক বক্স কালভার্ট নির্মাণ (০৫টি)।

০৮। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৩৯৭৬৭.৬১লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৩৮০১৫.৫৬ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৫.৫৯%। বাস্তব অগ্রগতির

বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

(অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিস্তারিত পতাকা 'ক' তে সংযুক্ত)

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
জনাব সাহাব উদ্দিন খালেদ নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	১৩/০৪/২০০৮	৩১/০৭/২০১৬
জনাব রাজিব দাস নির্বাহী প্রকৌশলী	পূর্ণকালীন	-	০১/০৮/২০১৬	৩১/১২/২০১৬

১০। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ০২/০৮/২০১৭ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক (পূর্ত), জনাব আবদুল্লাহ-আল-মাসুদ, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :



চিত্র (১) : অনন্যা আবাসিক এলাকার চিত্র।



চিত্র (২) : ইতোমধ্যে বরাদ্দ গ্রহীতার প্লটের দখল বুঝে পাওয়ার দৃশ্য।



চিত্র (৩) : প্রকল্পের আওতায় নির্মিত অক্সিজেন কুয়াইশ সংযোগ সড়ক।



চিত্র (৪) : প্রকল্প এলাকায় বরাদ্দ প্রাপ্ত বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষের নির্মানাধীন ভবনের দৃশ্য।



চিত্র (৫) : প্রকল্পের আওতায় নির্মিত মেজর ওয়াটার ওয়েজ (বড় ড্রেন) এর দৃশ্য।



চিত্র (৬) : প্রকল্পের আওতায় নির্মিত ইটের তৈরী রাস্তার দৃশ্য।



চিত্র (৭): প্রকল্প এলাকায় নির্মিত চট্টগ্রাম ওয়াসার পাম্পহাউজের দৃশ্য।



চিত্র (৮) : প্রকল্প এলাকায় বিদ্যুতায়নের দৃশ্য।



চিত্র (৯) : প্রকল্পের আওতায় রাস্তা সংলগ্ন ডিভাইডারের দৃশ্য।



চিত্র (১০) : প্রকল্পের আওতায় নির্মিত পেরিফেরি ওয়াটার ওয়েজের দৃশ্য।

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
(ক) ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সংগতি রেখে পরিকল্পিত আবাসিক প্লটের চাহিদা পূরণ; এবং **(খ)** অনুমোদিত মাস্টার প্ল্যান বাস্তবায়নের লক্ষ্যে নগরীর পরিধিস্থ সম্প্রসারণ নিশ্চিতকরণ।	এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে চট্টগ্রাম শহরতলীতে পরিকল্পিত আবাসিক এলাকা নির্মাণ করা হয়েছে এবং অনুমোদিত মাস্টার প্লানের সাথে সংগতিরেখে নগরের পরিধি বিস্তৃত করা হয়েছে।	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।

১২। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

- এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে অক্সিজেন মোড় হতে কুয়াইশ মোড় পর্যন্ত সংযোগ সড়ক নির্মাণ করা হয়েছে। ফলে উক্ত এলাকায় যোগাযোগ ব্যবস্থার পূর্বের তুলনায় উন্নত হয়েছে;
- শহরতলীতে পরিকল্পিত আবাসিক এলাকা নির্মাণের ফলে বর্ধিত জনসংখ্যার একাংশের আবাসন ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে; এবং
- অত্র এলাকা ঘিরে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে।

১৩। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৪। **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য :**

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/jU থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেR/j•Ui ক্রয় সক্রান্ত তথ্যাদি নিম্ন সারণীতে উপস্থাপন করা হ'লঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ/ লটের নাম	কাজের বিবরণ	ক্রয় পদ্ধতি	ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য	টেন্ডার ইভালুয়েশনের তারিখ	টেন্ডারে অংশগ্রহণ কারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যা	টেন্ডারে রেসপনসিভ ব্যক্তি/ প্রতিষ্ঠানের সংখ্যা	চুক্তি সম্পাদনের তারিখ ও প্রতিষ্ঠানের নাম	চুক্তি অনুসার কার্য শেষ হওয়ার তারিখ	চুক্তি মূল্য	চূড়ান্ত বিল প্রদানের পরিমাণ	মন্তব্য
প্যাকেজ নং-১৮	অক্সিজেন-কুয়াইশ সংযোগ সড়ক সম্প্রসারণ ও উন্নয়ন	ওটিএম	১৯৭.৪২	২৩/০৪/১২	০৬ টি	০৬টি	০২/০৭/১২ মেসার্স রুহুল আমিন ভূইয়া	০৪/০১/১৩	১৮৭.৫৫	১১৭১.৮৩	কার্য সম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় হয়েছে।
প্যাকেজ নং-১৪	রাস্তা, ড্রেন, কালভার্ট, খাল ইত্যাদি নির্মাণ	ওটিএম	৩৩৭.২০	১০/০২/১০	১০টি	০৪টি	১১/০৪/১০ মেসার্স পারিশা ট্রেড সিস্টেম লি:	০৪/১০/১০	৩১৭.৫৩	২১৬.৯৩	কার্য সম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় হয়েছে।
প্যাকেজ নং-৭		ওটিএম	১৯৮.৪৩	০৯/০৩/১১	০৬ টি	০৬টি	১৩/০৪/১১ মোহাম্মদ ইউনুছ এন্ড ব্রাদার্স (প্রা) লি:	১৭/০৭/১১	১৮৮.৫১	১৮৬.৫৮	কার্য সম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় হয়েছে।

<u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে ;
- অধিকাংশ টেন্ডারের ভেরিয়েশন অর্ডার প্রদান করা হয়েছে; এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ।

১৫। **পর্যবেক্ষণ:**

১৫.১ <u>Time over run</u>: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০৬ বছর ০৬ মাস

সময় বেশী (১৩০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

১৫.২ Cost over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৮৪৬১.৩৮ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে তিন বার সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ৩৯৭৬৭.৬১ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৩৮০১৫.৫৬ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ৯৫৫৪.১৮ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (৩৩.৫৭%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৫.৩ নির্মিত রাস্তা ক্ষতিগ্রস্ত হওয়া: প্রকল্পটির আওতায় অক্সিজেন মোড় হতে কুয়াইশ মোড় পর্যন্ত সংযোগ সড়কটি উন্নয়ন ও সম্প্রসারণের কাজ সম্পন্ন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, বর্তমানে উক্ত রাস্তার উপরে চট্টগ্রাম ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন ওয়াটার ট্রিটমেন্ট প্রকল্পের কাজ চলমান রয়েছে ফলে নির্মিত রাস্তাটির বিভিন্ন অংশে ক্ষতিগ্রস্থ হয়েছে।



১৫.৪ নির্মিত ড্রেনের আউটলেটগুলোর মুখে নেট/গ্রিল না দেয়া: পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় নির্মিত অক্সিজেন মোড় হতে কুয়াইশ মোড় পর্যন্ত সংযোগ সড়কটির ড্রেনের আউটলেটগুলোর মুখে কোন নেট/গ্রিল দেয়া হয়নি। ফলে বর্জ্য –আবর্জনা সরাসরি ড্রেনে পড়ে ড্রেনের পানি নিষ্কাশন ক্ষমতা লোপ করতে পারে এবং সংলগ্ন এলাকায় জলাবদ্ধতা সৃষ্টি করতে পারে।



১৫.৫ পরিচর্যার অভাবে জলাবদ্ধতার সৃষ্টি: প্রকল্পের আওতায় নির্মিত মাইনর ও মেজর ওয়াটার ওয়েজগুলো (ড্রেন) নিয়মিত পরিষ্কার করা হয় না। এর ফলে ড্রেনসমূহ দিয়ে পানি নিষ্কাশিত না হয়ে জলাবদ্ধতা সৃষ্টি করছে। এছাড়াও প্রকল্পের প্ল্যান অনুসারে মাইনর ও মেজর ওয়াটার ওয়েজগুলো পেরিফেরি ক্যানেল দিয়ে প্রবাহিত হয়ে প্রাকৃতিক জলধারায় পতিত হয়েছে। কিন্তু প্রাকৃতিক জলধারা দিয়ে পানি নিষ্কাশিত না হওয়ায় পুরো ড্রেনেজ সিস্টেমটি কার্যকর ভূমিকা রাখতে পারছে না।



১৫.৬ রক্ষণাবেক্ষণের অভাব: প্রকল্প এলাকায় বসতি গড়ে না ওঠায় প্লট সংলগ্ন ইটের তৈরি রাস্তাগুলো ব্যবহার হচ্ছে না। ফলে রাস্তাগুলোতে ঘাস জন্মে যাচ্ছে, যা পরবর্তীতে রাস্তাকে চলাচলের অনুপোযোগী করতে পারে। কিন্তু পর্যাপ্ত জনবলের অভাবে এ বৃহৎ প্রকল্প এলাকার সামগ্রিক রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের পক্ষে সম্ভবপর নয় মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে বিদ্যমান চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের আইন অনুসারে নির্মিত অবকাঠামোসমূহ (রাস্তা, ড্রেন ইত্যাদি) দ্রুত চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা প্রয়োজন।



১৫.৭ সমন্বয় ভাউচার না থাকা: প্রকল্পের আওতায় অনন্যা আবাসিক এলাকায় পানি সুবিধা নিশ্চিত করার স্বার্থে এর সমুদয় কাজ ডিপোজেটরি ওয়ার্ক হিসেবে চট্টগ্রাম ওয়াসাকে হস্তান্তর করা হয়। এ খাতে ব্যয় করা হয়েছে ২৬৫.৮০ লক্ষ টাকা। কিন্তু ডিপোজেটরি ওয়ার্ক সম্পন্নের পর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে সমন্বয় ভাউচার প্রকল্প অফিসে প্রেরণ করা হয়নি।

১৫.৮ ক্রয় প্রক্রিয়ায় ভৌত নির্মাণ কাজ মাত্রারিক্ত লটে বিভক্তিকরণ : বাস্তবায়নকারী সংস্থা অক্সিজেন-কুয়াইশ সংযোগ সড়ক সম্প্রসারণ ও উন্নয়ন কাজকে ১৪টি লটে বিভক্ত করা হয়েছে। প্রকল্প এলাকায় ইটের রাস্তা, খাল ও কালভার্ট নির্মাণ কাজ ১৯টি লটে বিভক্ত করা হয়েছে। এছাড়াও মাটি ভরাটের কাজ ৪টি লটে বিভক্ত করা হয়েছে। বাস্তবতার নিরিখে ভৌত নির্মাণ কাজ অধিক সংখ্যক লটে বিভক্ত করায় আইএমইডি'র নিকট মাত্রারিক্ত মর্মে প্রতীয়মান হয়।

১৫.৯ অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি না হওয়া: প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন মেয়াদে ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট সম্পাদিত হয়েছে। প্রকল্পটির আর্থিক ব্যবস্থাপনার উপরে একাধিক অডিট আপত্তি রয়েছে যা এখন নিষ্পন্ন হয়নি। অডিট আপত্তিসমূহ নিস্পন্নের জন্য বাস্তবায়নকারী সংস্থা যথাযথ উদ্যোগ চালু রেখেছে মর্মে প্রকল্প পরিচালক অবহিত করেন।

১৫.১০ "অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়)'' শীর্ষক প্রকল্প গ্রহণ : বাস্তবায়নকারী সংস্থা অনন্যা আবাসিক এলাকা ১ম পর্যায়ের কাজ শেষ হওয়ার পূবেই ২য় পর্যায়ের প্রকল্প গ্রহণ প্রক্রিয়া শুরু করে। ২য় পর্যায় প্রকল্পে উপরে গত ১১/১২/২০১৬ তারিখ পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্তের আলোকে গত ৩১/০১/২০১৭ তারিখে অনুষ্ঠিত একনেক বৈঠকে "অনন্যা আবাসিক এলাকার উন্নয়ন (২য় পর্যায়)'' শীর্ষক প্রকল্পটি অনুমোদন দেয়া হয়। ১ম পর্যায়ের কাজ শেষে আইএমইডি'র মূল্যায়ন ব্যতিরেকে ২য় পর্যায়ে প্রকল্প গ্রহণ করা সমীচীন হয়নি।

১৬। <u>সুপারিশ/ মতামত :</u>

১৬.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় (**অনু: ১৫.১ ও ১৫.২**);

১৬.২ চট্টগ্রাম শহরস্থ উন্নয়ন প্রকল্পসমূহ বাস্তবায়নকালে বিভিন্ন সংস্থার মধ্যে সমন্বয় থাকতে হবে। নাগরিক দুর্ভোগ কমানোর জন্য একই প্রকল্প এলাকায় একাধিক প্রকল্পের কাজ একই সময়ে সম্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন বাস্তবায়নকারী সংস্থার মধ্যে নিয়মিত সমন্বয় সভা আয়োজন করা আবশ্যক (অনুঃ ১৫.৩);

১৬.৩ নির্মিত ড্রেনে পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে আউটলেটগুলোর মুখে নেট/গ্রিল স্থাপন করার ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে (অনু: ১৫.৪);

১৬.৪ বিধি মোতাবেক প্রকল্পের আওতায় নির্মিত রাস্তা, ড্রেনসহ যাবতীয় ভৌত অবকাঠামো অতি দ্রুত বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করতে হবে **(অনু: ১৫.৬);**

১৬.৫ ডিপোজেটরি ওয়ার্ক সম্পন্নকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সমন্বয় ভাউচার চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে **(অনু: ১৫.৭) ;**

১৬.৬ সমজাতীয় কাজের ক্ষেত্রে পিপিআর এর বিধানের আলোকে যৌক্তিক পর্যায়ে লট সংখ্যা নির্ধারণ করতে হবে। ভবিষ্যতে এ বিষয়ে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সচেষ্ট থাকবে **(অনু: ১৫.৮);**

১৬.৭ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ প্রকল্প সংশ্লিষ্ট সকল অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তিকরত: আইএমইডি'কে অবহিত করতে হবে **(অনু: ১৫.৯) ;**

১৬.৮ বিদ্যমান পরিপত্র মোতাবেক কোন উন্নয়ন প্রকল্পের দ্বিতীয় পর্যায় অনুমোদনের পূর্বে ১ম পর্যায়ের সমাপ্তি মূল্যায়ন এর সুপারিশ গ্রহণ করতে হবে। পরবর্তীতে সংশ্লিষ্ট প্রশাসনিক মন্ত্রণালয় ও পরিকল্পনা কমিশন এ বিষয়টি নিশ্চিত করবে **(অনু: ১৫.১০);** এবং

১৬.৯ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৮ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

গ্রামীন গৃহায়নে ফেরোসিমেন্ট প্রযুক্তির প্রয়োগশীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন' ২০১৭)

১।	**প্রকল্পের নাম**	:	গ্রামীন গৃহায়নে ফেরোসিমেন্ট প্রযুক্তির প্রয়োগ।
২।	**উদ্যোগী মন্ত্রণালয়**	:	গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট।
৪।	**প্রকল্পের অবস্থান**	:	দারুস সালাম, মিরপুর, ঢাকা; নালিতাবাড়ি, শেরপুর; মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ; মিরসরাই, চট্টগ্রাম; মুক্তাগাছা, ময়মনসিংহ।

৫.১। প্রকল্পের পটভূমি ও বর্ণনাঃ

দেশের বিপুল জনসংখ্যার আবাসনের চাহিদা পুরণের জন্য কৃষি জমির পরিমাণ ক্রমাগত হ্রাস পাচ্ছে। এ সমস্যা উত্তরণে বহুতল ভবন হলেও তা নির্মাণ অত্যন্ত ব্যয়বহুল। অন্যদিকে ফেরোসিমেন্ট হচ্ছে স্টীল ও সিমেন্ট মর্টারের তৈরী একটি নির্মাণ উপকরণ এবং উক্ত প্রযুক্তি ব্যয় সামগ্রী যথেষ্ট টেকসই, মানসম্মত ও ব্যয় সাশ্রয়ী। ব্যবহারের বৈচিত্র্যের কারণে ফেরোসিমেন্ট আরসিসি'র তুলনায় বিশেষ অবদান সৃষ্টিকারী এবং অপেক্ষাকৃত কম শ্রমসাধ্য। এতে দক্ষ শ্রমিক ও সময় ২৫% থেকে ৩০% কম লাগে। এ প্রেক্ষিতে ব্যয়-সাশ্রয়ী প্রযুক্তি হিসেবে ফেরোসিমেন্ট নির্মাণের বিষয়ে জিওবি অর্থায়নে এ স্টাডি প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

আলোচ্য প্রকল্পের আওতায় ফেরোসিমেন্ট প্রযুক্তিতে ব্যবহৃত নির্মাণ সামগ্রী যেমন-ফেরোসিমেন্ট রুফিং ম্যাটেরিয়াল, চ্যানেল, ওয়াল প্যানেল সাটার প্রভৃতি তৈরী ও পরীক্ষা করার কথা রয়েছে এবং এগুলো ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। প্রকল্পের আওতায় এইচবিআরআই অফিস এলাকায় দু'তলা বিশিষ্ট দু'টি মডেল ভবন ও গ্রামাঞ্চলে দু'তলা ভবন নির্মাণের সংস্থান রয়েছে। বালি ও পাথর সহজলভ্য হওয়ায় গ্রামাঞ্চলে ভবন নির্মাণের ক্ষেত্রে শেরপুর জেলার নালিতাবাড়ি উপজেলায় ইউনিয়নের কালাকুমা গ্রামকে নির্বাচন করা হয়। প্রকল্প সমাপ্তির পর নির্মিতব্য ভবন রক্ষণাবেক্ষণ ও মেরামত যেন কোন প্রতিষ্ঠানের আওতায় বা বিষয় বিবেচনায় রেখে উল্লিখিত এলাকায় আলহাজ্জ আব্দুল খালেক নিম্নমাধ্যমিক বিদ্যালয়কে নির্বাচন করা হয়। এছাড়া, প্রকল্পের আওতায় দক্ষ জনবল লক্ষ্যে দেশের বিভিন্ন এলাকাতে মোট ৬০০ জন রাজমিস্ত্রিকে ফেরোসিমেন্ট প্রযুক্তি সম্পর্কে হাতে-কলমে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। একই এলাকাতে দুটি মডেল ভবনের মধ্যে একটির কাজ দু'তলা পর্যন্ত এবং অপরটি এক তলা পর্যন্ত সম্পন্ন হয়েছে মর্মে জানা যায়।

৫.২। প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(ক) সারা দেশে বিভিন্ন ধরনের গ্রামীণ আবাসনের বিশ্লেষণ করা;

(খ) বাংলাদেশের গ্রামাঞ্চলে মানুষের জন্য একটি বিকল্প গৃহায়ণ প্রযুক্তির পরিচিতি তুলে ধরা;

(গ) এই প্রযুক্তির প্রচার মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন;

(ঘ) বাংলাদেশের গ্রামাঞ্চলে টেকসই ঘর নির্মাণ ও বিস্তার করে দেশের আর্থসামাজিক অবস্থার উপর একটি ভাল প্রভাব ফেলানোর লক্ষ্য।

(ঙ) মানুষকে ফেরোসিমেন্টের তৈরী গৃহ নির্মাণে উদ্বুদ্ধ করা।

(চ) মানুষকে ঢেউটিন ব্যবহারের বিকল্প হিসাবে ফেরোসিমেন্ট এর তৈরী গৃহ নির্মাণে আগ্রহী করে তোলা।

৬। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৮.৪০	**১৯৫.৫০**	**১৮১.১৮**	জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৫	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭	জুলাই ২০১৪ হতে জুন ২০১৭	**২.৯০ (২%)**	**১ বছর ৬ মাস (৫০%)**

৭.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (এইচবিআরআই হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১।	মেশিনারিস এ্যান্ড ইকুইপমেন্টস	থোক	২৯.৯০	১০০%	২৬.১৮	৮৭.৬%
০২।	লোকাল কনসালটেন্ট	থোক	৮.০০	১০০%	৪.০০	৫০%
০৩।	রিসার্চ এ্যান্ড সার্ভে ব্যয়	থোক	৪৫.৫০	১০০%	৩৯.৭০	৮৭.৩%
০৪।	টেকষই ঘর নির্মাণ	থোক	৬৫.১০	১০০%	৬৫.১০	১০০%
০৫।	বেতন ও ভাতা	থোক	৮.৫০	১০০%	৮.৫০	১০০%
০৬।	সরবরাহ ও সেবা	থোক	৩৮.৫০	১০০%	৩৭.৭০	৯৮%
	সর্বোমোট		**১৯৫.৫০**		**১৮১.১৮**	

৮। **<u>প্রকল্পের মূল কার্যক্রম</u> :**

ক) ফেরোসিমেন্টর তৈরী সর্বমোট ৩টি গৃহ নির্মাণ।

খ) দেশের বিভিন্ন স্থানের গ্রামাঞ্চলে হাউজিং Typology এর উপর জরিপ।

৯। প্রকল্পের সার্বিক অগ্রগতি:

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৯৫.৫ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৯৫.৫ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের সমান। পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
প্রকৌশলী মোঃ আব্দুল ওয়াহেদ প্রিন্সিপাল রিসার্চ ইঞ্জিনিয়ার	-	খন্ডকালীন	০১/০৭/২০১৪	৩০/০৬/২০১৭

১১। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ১৭/০৭/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয় ।এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

১২। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত	অর্জিত
(ক) ফেরোসিমেন্ট ব্যবহার করে গ্রামীন গৃহনির্মাণ; ফেরোসিমেন্ট প্রযুক্তি প্রয়োগ করে টেকসই গৃহ নির্মাণ এবং প্রচার; (খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ;	(ক) প্রদর্শনের জন্য দুইটি দোতালা ফেরোসিমেন্টের তৈরী বাড়ী এইচবিআরআই প্রাঙ্গনে তৈরী করা হয়েছে; নালিতাবাড়ী শেরপুরে চারতলা ভিত সম্বলিত একটি একতলা স্কুল বিল্ডিং প্রচারনার জন্য তৈরী করা হয়।
(খ) বাংলাদেশের গ্রামাঞ্চলে হাউজিং Typology এর উপর জরিপ; গ্রামীণ আবাসন, তাদের নির্মাণ পদ্ধতি, উপকরণ এবং অন্যান্য বিষয়াদির উপর একটি জরিপ করা হয়। এ জরিপের ফলে বাংলাদেশের গ্রামাঞ্চলের মানুষ ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধ হয়।	(খ) লিটারেচার সার্ভেসহ বিবিএস এবং অন্যান্য হাউজিং Typology এর উপর লিটারেচার পর্যালোচনা করা হয়। গ্রামীন সম্প্রদায়কে জড়িত করে FGD (Focus Group Discussion) পরিচালনা। জরিপের সময় ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহারে গ্রামাঞ্চলের মানুষদেরকে ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহারে উদ্বুদ্ধ করা হয় এবং তারা গ্রামীন গৃহায়ন এই প্রযুক্তি ব্যবহারে অতিব উৎসাহী হয়।

১৩। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:

গ্রামীন জনগোষ্ঠী এই প্রকল্পের মূল সুবিধাভোগী। এই গবেষণাধর্মী প্রকল্পের মাধ্যমে নির্মাণ কাঠামো জনিত বিভিন্ন সমস্যার একটি উন্নতমানের সমাধান তৈরী করা হয়েছে। প্রকল্প চলাকালীন সময়ে বিভিন্ন সংস্থা হতে আসা প্রতিনিধিরা প্রকল্প এলাকায় আসেন এবং এতে করে প্রকল্পটির ইতিবাচক দিকগুলি তাদের মাঝে প্রসারে সাহায্য করে। এই প্রকল্পের আওতায় জাতীয় পর্যায়ে সেমিনার আয়োজন করার ফলে উচ্চ পর্যায়ের সরকারী এবং বেসরকারী কর্মকর্তাদের ফেরোসিমেন্ট প্রযুক্তি প্রয়োগের উপর দৃষ্টি আকর্ষণ করে। প্রকল্পের আওতায় নালিতা বাড়ী স্কুল ভবন বিভিন্ন প্রকারের মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে। এ প্রকল্প বংশ পরম্পরায়নে পুরুষ এবং মহিলা, উভয়েরই আয়ের সুযোগ সৃষ্টি করে। এ মডেল হাউজটি প্রাইমারী স্কুল হিসাবে ব্যবহার হবে যা আত্বকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে।

১৪। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:

যেহেতু এই প্রকল্পটি ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহার করে যা প্রচলিত নির্মাণ সামগ্রী থেকে ব্যয় সাশ্রয়ী, পরিবেশ বান্ধব এবং টেকসই। সুতরাং এটি অত্যন্ত আস্থা দিয়ে বলা যেতে পারে যে প্রকল্পটি গ্রামীন গৃহায়নে সুফল বয়ে এনেছে।

প্রকল্প বাস্তবায়নের চিত্র:








১৫। সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ।

১৬। **পর্যবেক্ষণ:**

১৬.১ **Time & cost over run:** প্রকল্পটির মূল ডিপিপি ১৯৮.৪০ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীর মাধ্যমে ১৯৫.৫০ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। প্রকল্পের কিছু কাজ অসমাপ্ত থাকা ব্যতিরেকে গত ০৭/০৫/২০১৭ তারিখে প্রকল্প মেয়াদ আরও ১(এক) বছর অর্থাৎ জুলাই ২০১৪ হতে ৩০ জুন ২০১৭ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ২.৯০ লক্ষ টাকা (১.৪৬%)।

১৬.২ অডিট প্রতিবেদন না পাওয়া: প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে , প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন মেয়াদে ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট সম্পাদিত হয়েছে তবে অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৬.৩ স্কুলের শিক্ষক, শিক্ষার্থী, স্কুল ম্যানেজিং কমিটির সভাপতি ও প্রতিষ্ঠাতার নিকট ফেরোসিমেন্ট প্রযুক্তিতে নির্মিত ভবনের ক্ষেত্রে কোন মন্দ দিক আছে কিনা জানতে চাওয়া হলে সবাই ইতিবাচক মন্তব্য করেন। শিক্ষক ও শিক্ষার্থীরা উল্লেখ করেন যে, স্কুল ভবনের দেয়াল গুলো ব্লক হওয়ায় তুলানামূলকভাবে উল্লিখিত ভবনে গরম কম অনুভব হয়। এলাকার জনসাধারণের নিকট ফেরোসিমেন্ট প্রযুক্তিতে ভবন নির্মাণ বিষয়ে মত হলে তাঁরা ব্যয় সাশ্রয়ী, কম শ্রমসাধ্য ও টেকসই সম্পন্ন এই প্রযুক্তিতে গৃহ নির্মাণে আগ্রহ প্রকাশ করেন। উল্লেখিত প্রযুক্তিতে ভবন নির্মাণের কোন সমস্যা আছে কিনা সংশ্লিষ্ট মিস্ত্রির নিকট জানতে চাওয়া হলে তিনি জানান যে, এ প্রযুক্তিতে ভবন নির্মাণে কোন অসুবিধা নেই, বরঞ্চ এ প্রযুক্তিতে নির্মিত ভবনের ওজন তুলনামুলকভাবে কম হওয়ায় ভূমিকম্পনে এসব ভবনের ক্ষতি হয় না।

১৬.৪ উল্লেখিত ভবনটির কাজ সম্পূর্ণভাবে সম্পন্ন না হওয়ার বিষয়ে প্রকল্প পরিচালক উল্লেখ করেন যে, নালিতাবাড়ীস্থ ভবনটি দু'তলা বিল্ডিং বর্গফুট আয়তনের কথা থাকলেও ভবিষ্যতের কথা মাথায় রেখে চার তলার ফাউন্ডেশন দেয়া হয়েছে। এছাড়া, কক্ষ বৃদ্ধির জন্য হরিজন্টাল অতীব বর্গফুটের সংস্থান রাখা হয়েছে। এই অতিরিক্ত কাজ সম্পন্ন করতে গিয়ে কিছুটা সময় ক্ষেপন হয়েছে। তবে ভবনটির কাজ ইতিমধ্যে সম্পন্ন হয়েছে।

১৬.৫ পরিদর্শনে লক্ষ্য করা যায় যে, গ্রামাঞ্চলে একটি ফেরোসিমেন্ট ভবন নির্মাণের ক্ষেত্রে শেরপুর জেলার নালিতাবাড়ী উপজেলায় রামচন্দ্রপুর কালাকুমা গ্রামকে নির্বাচন করা যুক্তিযুক্ত হয়েছে। এলাকাটি গাড়ো পাহাড়ের পাদদেশে ভোগাই নদীর পাড়ে অবস্থিত। এখানের নদী থেকে সহজে সংগ্রহ করা যায়। এখানে বালি ও পাথর সহজ লভ্য হওয়ায় এ এলাকায় ফেরোসিমেন্ট প্রযুক্তিতে গৃহ নির্মাণ অনেক সাশ্রয়ী হয়েছে। উল্লেখ্য যে, মাটি বালিযুক্ত এবং এখানকার মাটি দিয়ে ইট প্রস্তুত করা সম্ভব নয় বিধায় আশে-পাশে কোথাও ইটের ভাটা নেই। ভবন নির্মণের জন্য অনেক দুর সংগ্রহ করতে গিয়ে জনগনকে বেশি মূল্যে ইট সংগ্রহ করতে হয়। তাই এসব এলাকায় গৃহ নির্মাণের ক্ষেত্রে ফেরোসিমেন্ট প্রযুক্তি ব্যবহার বেশি উপযোগী।

১৬.৬ পিসিআর প্রেরণে বিলম্ব: প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৭ সালে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ০৩ মাসের মধ্যে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও বিলম্বে (১৩ মাস পর) প্রেরণ করা হয়।

১৭। সুপারিশ/ মতামত :

১৭.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ভবিষ্যতে প্রকল্পের ডিজাইন /পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time

over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৭.২ গ্রামীন গৃহ নির্মাণে ফেরোসিমেন্ট প্রযুক্তি প্রয়োগের বিষয়ে জনসাধারণকে আরও উদ্বুদ্ধ করার জন্য গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়/এইচবিআরআই প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে সচেষ্ট থাকতে হবে।

১৭.৩ স্কুল ভবনের দেয়াল গুলো ব্লক হওয়ায় তুলানামূলকভাবে উল্লিখিত ভবনে গরম কম অনুভব হয়। ব্যয় সাশ্রয়ী, কম শ্রমসাধ্য ও টেকসই সম্পন্ন এ প্রযুক্তিতে গৃহ নির্মাণে সকলেই আগ্রহ প্রকাশ করেন। এ প্রযুক্তিতে ভবন নির্মাণে কোন অসুবিধা নেই, বরঞ্চ তুলনামূলকভাবে এ প্রযুক্তিতে নির্মিত ভবনের ওজন তুলনামুলকভাবে কম হওয়ায় ভূমিকম্পনে এসব ভবনের তেমন ক্ষতি হয় না। তাই এ প্রযুক্তিতে ভবন নির্মাণের মাধ্যমে কৃষি জমির ক্ষয়ক্ষতি হ্রাস করার লক্ষ্যে এ প্রযুক্তিকে টেকসই করার প্রয়োজনীয় পদক্ষেপ মন্ত্রণালয় গ্রহণ করবে;

১৭.৪ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ প্রকল্প সংশ্লিষ্ট সকল অডিট **প্রতিবেদন** দ্রুত আইএমইডি'তে **প্রেরণ** করতে হবে**;**

১৭.৫ প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিতে পিসিআর প্রেরণের বিষয়টি ভবিষ্যতে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৭.৬ অনুচ্ছেদ ১৭.১ হতে **১৭.৫** পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ১৫ দিনের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আগামী ডিসেম্বর/২০১৬ এ অনুষ্ঠিতব্য নবম গ্লোবাল ফোরাম মাইগ্রেশন উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এর আয়োজন উপলক্ষে বিশেষ মেরামত আধুনিকায়ন, সংযোজন ও পরিবর্তনকরণ কাজশীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : মার্চ, ২০১৭)

১। প্রকল্পের নাম : "বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে (বিআইসিসি) আগামী ডিসেম্বর/২০১৬ এ অনুষ্ঠিতব্য নবম গ্লোবাল ফোরাম মাইগ্রেশন উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এর আয়োজন উপলক্ষে বিশেষ মেরামত আধুনিকায়ন, সংযোজন ও পরিবর্তনকরণ কাজ" শীর্ষক প্রকল্প।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত অধিদপ্তর।

৪। প্রকল্পের অবস্থান : শেরে বাংলা নগর, ঢাকা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২২৭৫.২৫	২২৭৫.২৫	২২৫৩.০১	জুলাই, ২০১৬ হতে নভেম্বর, ২০১৬	জুলাই, ২০১৬ হতে মার্চ, ২০১৭	জুলাই, ২০১৬ হতে মার্চ, ২০১৭	-	৪ মাস (৮০%)

০৬। **প্রকল্পের উদ্দেশ্য :**

- আগামী ডিসেম্বর/২০১৬ এ অনুষ্ঠিতব্য নবম গ্লোবাল ফোরাম মাইগ্রেশন উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এর আয়োজন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের প্রয়োজনীয় সুবিধাদি প্রদান;
- বিআইসিসি হতে উন্নত সেবা প্রাপ্তি;
- বিআইসিসি এর সৌন্দর্য বৃদ্ধি এবং এর চারদিকে চলাচল সুগমকরণ;
- সুশাসন প্রতিষ্ঠায় সহায়তা।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

- সিলিং এর কাজ;
- স্যানিটারী ফিটিংস ও ফিক্সচারস;
- সড়ক সংস্কার;
- বিভিন্ন ধরনের বৈদ্যুতিক কাজ জেনারেটর, সুইচিং প্যানেল, লাইটিং চিলার সিস্টেম উন্নয়ন:
- অগ্নি নিরাপত্তা সিস্টেমের উন্নয়ন ইত্যাদি

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২২৭৫.২৫ লক্ষ টাকা । প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২২৫৩.০১ লক্ষ টাকা (৯৯.০২%) । বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি।

(অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিস্তারিত পতাকা 'ক' তে সংযুক্ত)

০৯। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:** প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্য পিসিআর-এ উল্লেখ নেই।

১০। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :**

বিগত ০২/১১/২০১৭ তারিখে আইএমইডি 'র সহকারী পরিচালক, জনাব আবদুল্লাহ-আল-মাসুদ, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :



চিত্র (১) : প্রকল্পের আওতায় বিআইসিসি চত্বরে সংস্কারকৃত রাস্তার দৃশ্য।




চিত্র (২) : লাইটিং এবং ডেকারেশনের দৃশ্য।



চিত্র (৩) : প্রকল্পের আওতায় দেয়ালে পেইন্টিংয়ের দৃশ্য।



চিত্র (৪) : প্রকল্পের আওতায় ক্রয়কৃত কার্পেট।



চিত্র (৫) : প্রকল্পের আওতায় কক্ষের ইন্টোরিয়ারের দৃশ্য।



চিত্র (৬) : সংস্কারকৃত কিচেন রুম।



চিত্র (৭): প্রকল্পের আওতায় স্থাপিত চিলারের দৃশ্য।



চিত্র (৮) : প্রকল্পের আওতায় স্থাপিত জেনারেটরের দৃশ্য।

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত
(ক) আগামী ডিসেম্বর/২০১৬ এ অনুষ্ঠিতব্য নবম গ্লোবাল ফোরাম মাইগ্রেশন উন্নয়ন বিষয়ক আন্তর্জাতিক সম্মেলন এর আয়োজন উপলক্ষে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের প্রয়োজনীয় সুবিধাদি প্রদান; (খ) বিআইসিসি হতে উন্নত সেবা প্রাপ্তি; (গ) বিআইসিসি এর সৌন্দর্য বৃদ্ধি এবং এর চারদিকে চলাচল সুগমকরণ; (ঘ) সুশাসন প্রতিষ্ঠায় সহায়তা।	এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের প্রয়োজনীয় সুবিধাদি নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন ধরণের সংস্কার ও প্রয়োজনীয় যন্ত্রপাতি স্থাপনা করা হয়েছে। অবকাঠামোগত সুবিধা নিশ্চিত করে উন্নত সেবা প্রাপ্তি সহজলভ্য করা হয়েছে। তবে সুশাসন প্রতিষ্ঠার মূল্যায়ন এ পর্যায়ে সম্ভব নয় মর্মে প্রতীয়মান হয়।

১২। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৩। **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য :**

দরপত্র সংক্রান্ত তথ্য যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/jU থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেজ ক্রয় সক্রান্ত তথ্যাদি নিম্ন সারণীতে উপস্থাপন করা হ'লঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ / লটের নাম	কাজের বিবরণ	ক্রয় পদ্ধতি	ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য	টেন্ডার ইভালুয়েশনের তারিখ	টেন্ডারে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যা	টেন্ডারে রেসপনসিভ ব্যক্তি/ প্রতিষ্ঠানের সংখ্যা	চুক্তি সম্পাদনের তারিখ ও প্রতিষ্ঠানের নাম	চুক্তি অনুসার কার্য শেষ হওয়ার তারিখ	চুক্তি মূল্য	চূড়ান্ত বিল প্রদানের পরিমাণ	মন্তব্য
প্যাকেজ নং-WD-2	বিআইসিসি'র অভ্যন্তরীণ রাস্তা সংস্কার	ওটিএম	২৮৯.৩৮	১৪/০৮/১৬	০২ টি	০২ টি	০৩/১০/১৬ মেসার্স শফিক ট্রেডার্স	০২/০১/১৭	২৮৯.২৯	২৮৯.২৯	-
প্যাকেজ নং-GD-2	হল অব ফ্রেম এ জন্য আধুনিক চেয়ার ও অন্যান্য আসবাবপত্র ক্রয়	ওটিএম	২৫৭.৯৫	০৪/০৯/১৬	০৫ টি	০১ টি	২৯/০৯/১৬ MS.EA-LF (JV)	২৮/১২/১৬	২৮৯.২৯	২৩২.৯৯	তুলনামূলক কম প্রতিযোগিতা মূলক
প্যাকেজ নং-WD-3	স্যানেটারি ফিটিং ফিক্সিং পরিবর্তনসহ বিবিধ কাজ	ওটিএম	২৩৬.৫২	১৪/০৮/১৬	০২ টি	০১ টি	০৩/১০/১৬ মেসার্স হেলাল এন্টারপ্রাইজ	০২/০১/১৭	২৩৪.০৯	২৩৪.০৯	তুলনামূলক কম প্রতিযোগিতা মূলক

(তথ্য সূত্র: প্রকল্প অফিস)

১৪। **পর্যবেক্ষণ:**

১৪.১ **Time over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি 'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৪ মাস সময় বেশী (৮০%) ব্যয় হয়েছে।

১৪.২ **রাস্তা সংস্কারের কাজ সন্তোষজনক না হওয়া :** প্রকল্পটির আওতায় বিআইসিসি চত্বরের রাস্তা সংস্কারের জন্য ২৮৯.২৯ লক্ষ টাকা ব্যয় করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, রাস্তার স্লোপিং যথাযথভাবে না হওয়ায় রাস্তার পানি অপসারণ বাঁধাগ্রস্ত হচ্ছে। রাস্তার মধ্যে ম্যানহোলের ঢাকনাগুলো সমান্তরাল/যথাযথভাবে না থাকায় রাস্তার সৌন্দর্য্যহানি ঘটছে এবং চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। এছাড়াও রাস্তার কার্পেটিংয়ের অসামঞ্জস্যতা রয়েছে।




১৪.৩ **সিসি ক্যামেরা বিকল থাকা :** পরিদর্শনকালে দেখা যায় যে , প্রকল্পের আওতায় স্থাপিত সিসি ক্যামেরার মধ্যে ৬/৭ টি ক্যামেরা বিকল অবস্থায় রয়েছে। নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা সার্বক্ষনিক সচল থাকা প্রয়োজন।



১৪.৪ **পরিচ্ছন্নতার অভাব :** প্রকল্পের আওতায় ২৬২.৫০ লক্ষ টাকা ব্যয়ে বিআইসিসি ভবনের সম্মুখে অবস্থিত ফোয়ারার সংস্কার ও উন্নয়নের কাজ করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, ফোয়ারার পানি অপরিচ্ছন্ন রয়েছে এবং পানিতে ময়লা রয়েছে।



১৪.৫ **ব্যয় সংক্রান্ত তথ্য পর্যালোচনা :** প্রাপ্ত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, পিসিআর এর ৫ নং অনুচ্ছেদে অঙ্গভিত্তিক প্রাক্কলিত ব্যয় ও আর্থিক অগ্রগতি শতভাগ সমান। প্রকল্পের আওতায় সম্পাদিত কাজের আর্থিক হিসাবাদি বিস্তারিত পর্যালোচনা করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হয়।

১৪.৬ **অডিট সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য না থাকা :** প্রাপ্ত ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের পিসিআর-এর অডিট সংক্রান্ত অনুচ্ছেদে পূর্ণাঙ্গ তথ্য প্রদান করা হয়নি। এক্ষেত্রে প্রকল্প চলাকালীন ও প্রকল্প সমাপ্তির পরে আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য পিসিআর-এ অন্তর্ভুক্ত করা সমীচীন ছিল।

১৪.৭ **বাজেট ব্যবস্থাপনা:** বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রটি ২০ বছর মেয়াদী সরকারের সাথে লিজ ব্যবস্থাপনায় একটি বেসরকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত হচ্ছে। বাণিজ্যিক ব্যবস্থাপনায় থাকা গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন এ জাতীয় স্থাপনা সংস্কার ও রক্ষনাবেক্ষনের জন্য উন্নয়ন বাজেট ব্যবহার না করে রাজস্ব বাজেট ব্যবহার করা সমীচীন।

১৪.৮ **নিয়মিত পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন না করা :** প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুসারে প্রতি এক মাস অন্তর একবার পিআইসি সভা ও তিন মাসে অন্তত এক বার স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান ছিল। কিন্তু বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হয়নি।

১৫। **<u>সুপারিশ/ মতামত :</u>**

১৫.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় **(অনু: ১৪.১);**

১৫.২ প্রকল্পের আওতায় রাস্তা সংস্কারের কাজটি সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী বা তাঁর উপযুক্ত প্রতিনিধি সরেজমিন পরিদর্শনকরত: রাস্তার কাজের মান ও ব্যয় সংক্রান্ত পর্যালোচনা প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিকে অবহিত করবে (অনুঃ ১৪.২);

১৫.৩ নিরাপত্তার জন্য স্থাপিত সিসি ক্যামেরা বিকল থাকার বিষয়টি অনুসন্ধানপূর্বক এগুলো সচল রাখার পরবর্তী পদক্ষেপ গ্রহণ করতে হবে (অনু: ১৪.৩);

১৫.৪ বিআইসিসি'র অভ্যন্তরে অবকাঠামোসমূহের পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়ে লীজ গ্রহীতা প্রতিষ্ঠানকে সচেষ্ট হতে হবে এবং এ বিষয়ে গণপূর্ত অধিদপ্তর নিয়মিত মনিটরিং নিশ্চিত করবে **(অনু: ১৪.৪);**

১৫.৫ আর্থিক ব্যবস্থাপনায় স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে প্রকল্পের আওতায় সম্পাদিত ব্যয় সংক্রান্ত তথ্যাদি পুন:পর্যালোচনা করে এ সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন আইএমইডি'র নিকট দাখিল করতে হবে **(অনু: ১৪.৫);**

১৫.৬ প্রকল্পের অডিট সম্পন্ন করে এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আইএমইডিকে অবহিত করতে হবে **(অনু: ১৪.৬);**

১৫.৭ ভবিষ্যতে বাণিজ্যিক ব্যবস্থাপনায় থাকা গণপূর্ত অধিদপ্তরের আওতাধীন এ জাতীয় স্থাপনা সংস্কার ও রক্ষনাবেক্ষনের জন্য উন্নয়ন বাজেট ব্যবহার না করে রাজস্ব বাজেট ব্যবহার করার বিষয়টি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নীতি নির্ধারক পর্যায়ে বিবেচনা করবে **(অনু: ১৪.৭);**

১৫.৮ ভবিষ্যতে অনুমোদিত ডিপিপি অনুসারে প্রকল্পের নিয়মিত মনিটরিংয়ের স্বার্থে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে **(অনু: ১৪.৮);**

১৫.৯ সংস্কার ও উন্নয়নধর্মী প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কর্মপরিধিভুক্ত অবকাঠামো অংশের পূর্ববর্তী চিত্র ও প্রকল্প বাস্তবায়নের পরবর্তী চিত্র ডকুমেন্টরী আকারে সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে, যাতে প্রকল্প চলাকালীন সময়ে যথাযথ পরিবীক্ষণ ও প্রকল্প সমাপ্ত হওয়ার পরে প্রকৃত মূল্যায়ন সম্ভব হয়; এবং

১৫.১০ অনুচ্ছেদ ১৫.১ হতে ১ ৫.৯ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

বনলতা বাণিজ্যিক এলাকা সম্প্রসারণ ও আবাসিক এলাকা উন্নয়ন (২য় সংশোধিত)শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর' ২০১৬)

১। **প্রকল্পের নাম** : বনলতা বাণিজ্যিক এলাকা সম্প্রসারণ ও আবাসিক এলাকা উন্নয়ন (২য় সংশোধিত)।

২। **উদ্যোগী মন্ত্রণালয়** : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ (আরডিএ)।

৪। **প্রকল্পের অবস্থান** : রাজশাহী সদর।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৩৫০.০০	৭৩০০.০৫	৬৯৭০.২৮	জুলাই, ২০০৬ হতে জুন, ২০০৯	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১৬	জুলাই, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১৬	৫৬২০.২৮ (৪১৬.৩১%)	৯০ মাস (২৫০%)

০৬। **প্রকল্পের উদ্দেশ্য**:

(ক) পরিকল্পিত বাণিজ্যিক এলাকা উন্নয়নের মাধ্যমে রাজশাহী শহরের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়ন ;
(খ) রাজশাহী মহানগরীর আবাসন সমস্যা সমাধানে পরিকল্পিত আবাসন তৈরী ; এবং
(গ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আয়ের উৎস সৃজন।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

- ২০.৭১ একর জমি অধিগ্রহণ ;
- ২৯৩টি প্লট নির্মাণ ;
- ৩৭৫৫.৮২ মিটার রাস্তা নির্মাণ
- ২১টি বক্স কালর্ভাট নির্মাণ ;
- ৭০০৩.২২ মিটার আরসিসি ড্রেন নির্মাণ ;
- পানি, গ্যাস ও বিদ্যুৎ লাইন স্থাপন ;এবং
- ০১ টি জীপ গাড়ি ও ২টি মোটর সাইকেল ক্রয়।

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ৭৩০০.০৫ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৬৯৭০.২৮ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৫.৪৮%। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি।

(অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিস্তারিত পতাকা 'ক' তে সংযুক্ত)

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
		হতে	পর্যন্ত
জনাব শেখ কামরুজ্জামান সহকারী প্রকৌশলী	পূর্ণকালীন (অতিরিক্ত দায়িত্ব)	০১/০৬/২০০৬	৩১/১২/২০১৬

১০। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ২৮/০৮/২০১৭ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক জনাব আবদুল্লাহ-আল-মাসুদ কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

<u>প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :</u>



চিত্র (১) : বনলতা আবাসিক এলাকার বর্তমান চিত্র।



চিত্র (২) : বনলতা আবাসিক এলাকায় প্রবেশের সংযোগ সড়কের দৃশ্য।



চিত্র (৩) : প্রকল্পের আওতায় নির্মাণ কাজের দরপত্রের তথ্যাদি সম্বলিত সাইনবোর্ড।



চিত্র (৪) : প্রকল্প এলাকায় নির্মিত অভ্যন্তরীণ রাস্তার দৃশ্য।



চিত্র (৫) : প্রকল্পের আওতায় নির্মিত ড্রেনের দৃশ্য।



চিত্র (৬) : প্রকল্পের আওতায় বরাদ্দকৃত প্লটের দৃশ্য।

১১। প্রকল্পের উদ্দেশ্য অর্জন :

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
(ক) পরিকল্পিত বাণিজ্যিক এলাকা উন্নয়নের মাধ্যমে রাজশাহী শহরের অর্থনৈতিক সমৃদ্ধি আনয়ন ; (খ) রাজশাহী মহানগরীর আবাসন সমস্যা সমাধানে পরিকল্পিত আবাসন তৈরী ; এবং (গ) রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের আয়ের উৎস সৃজন।	এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে রাজশাহী শহরে পরিকল্পিত আবাসিক এলাকা নির্মাণ করা হয়েছে এবং রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ সর্বসাধারণের মাঝে প্লট বিক্রির মাধ্যমে অর্থনৈতিকভাবে লাভবান হয়েছে।	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।

১২। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

- এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ২৯৩টি আবাসিক প্লট প্রস্তুত করা হয়েছে, যা রাজশাহী শহরে পরিকল্পিত আবাসন ব্যবস্থার সুযোগ সৃষ্টি করেছে;
- শহরতলীতে পরিকল্পিত আবাসিক এলাকা নির্মাণের ফলে বর্ধিত জনসংখ্যার একাংশের আবাসন ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে; এবং
- অত্র এলাকা ঘিরে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে।

১৩। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৪। **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য :**

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/লট থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেজ/লটের ক্রয় সক্রান্ত তথ্যাদি নিম্ন সারণীতে উপস্থাপন করা হ'লঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ /লটের নাম	কাজের বিবরণ	ক্রয় পদ্ধতি	ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য	টেন্ডার ইভালুয়েশনের তারিখ	টেন্ডারে অংশগ্রহণ কারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যা	টেন্ডারে রেসপনসিভ ব্যক্তি/ প্রতিষ্ঠানের সংখ্যা	চুক্তি সম্পাদনের তারিখ ও প্রতিষ্ঠানের নাম	চুক্তি অনুসার কার্য শেষ হওয়ার তারিখ	চুক্তি মূল্য	চূড়ান্ত বিল প্রদানের পরিমাণ	মন্তব্য
প্যাকেজ নং-১	ভূমি উন্নয়ন, আরসিসি ড্রেন, বিটুমিনাস ওয়ারিং কোর্স রাস্তা ও আরসিসি বক্স কালভার্ট নির্মাণ	ওটিএম	১২৯৫.০০	০৫/০১/১৬	১৪ টি	০৮টি	১১/০১/১৬ DON-RAB RC (JV)	১৪/০৮/১৬	৯৮২.৮৬	৯৭২.৪৭	কার্য সম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় হয়েছে।
প্যাকেজ নং-২	পানি সরবরাহের লাইন স্থাপন	ওটিএম	৬৩.০৫	০৩/১০/১৬	০৮টি	০৫টি	১৭/১০/১৬ কবির হোসেন (জেভি)	২৪/১২/১৬	৪১.৮৭	৪১.৭০	-

(তথ্য সূত্র: প্রকল্প অফিস)

১৫। **পর্যবেক্ষণ:**

১৫.১ **Time over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০৭ বছর ০৬ মাস সময় বেশী (২৫০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে অত্যাধিক বিলম্ব ঘটেছে।

১৫.২ **Cost over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৩৫০.০০ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ৭৩০০.০৫ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৬৯৭০.২৮ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ৫৬২০.২৮ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (৪১৬.৩১%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৫.৩ **ভূমি অধিগ্রহণে বিলম্ব হওয়া:** প্রকল্পটি গত জুলাই, ২০০৬ অনুমোদিত হলেও প্রকল্পের মূল কার্যক্রম অনেক বিলম্বে শুরু করা হয়। প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ ভূমি অধিগ্রহণের নথি পর্যালোনায় দেখা যায় যে, গত ২০/১০/২০১১ তারিখে জেলা প্রশাসক ও আরডিএ এর কর্তৃপক্ষের সমন্বয়ে যৌথ সার্ভে সম্পাদন করা হয়।

ভূমি অধিগ্রহণ প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতার কারণে গত ১১/০৮/২০১৪ তারিখে জেলা প্রশাসকের কার্যালয় হতে ০৭ ধারায় নোটিশ জারি করা হয়। ভূমি অধিগ্রহণের দীর্ঘসূত্রিতার কারণে প্রকল্পের বাস্তবায়ন যথাসময়ে সম্পাদন করা যায়নি। ফলশ্রুতিতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং একই কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে।

১৫.৪ **পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণ না করা :** প্রকল্পের আওতায় অধিকৃত এলাকায় ৩টি বৃহৎ আকারের জলাশয় ছিল। গত ০৪/০৫/২০১৫ তারিখে আইএমইডি কর্তৃক পরিদর্শিত প্রতিবেদনে পরিবেশ অধিদপ্তরের অনাপত্তি গ্রহণ করার জন্য সুপারিশ করা হয়। কিন্তু প্রকল্প সমাপ্ত ঘোষণা করা হলেও রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক অত্র প্রকল্পের অনুকুলে অদ্যাবধি পরিবেশ অধিদপ্তর কর্তৃক কোন অনাপত্তি গ্রহণ করা হয়নি।

১৫.৫ **প্রাক্কলন অপেক্ষা ব্যয় বেশি করা:** প্রাপ্ত পিসিআর এর খাতওয়ারী ব্যয় পর্যালোচনায় দেখা যায় যে, অনুমোদিত আরডিপিপি'তে বৈদ্যুতিক লাইন স্থাপন খাতে ৯২.৯৩ লক্ষ টাকা নির্ধারিত থাকলেও প্রকৃত ব্যয় করা হয়েছে ১৩৫.৪৮ লক্ষ টাকা যা বরাদ্দ অপেক্ষা ৪২.৫৫ লক্ষ টাকা বেশি। প্রাক্কলন অপেক্ষা অতিরিক্ত ব্যয় আর্থিক ও পরিকল্পনা শৃঙ্খলার পরিপন্থী।

১৫.৬ **রক্ষণাবেক্ষণের অভাব:** প্রকল্পের আওতায় নির্মিত ড্রেনসমূহ নিয়মিত পরিষ্কার করা হয় না। এর ফলে ড্রেনসমূহ দিয়ে পানি নিষ্কাশিত না হয়ে ড্রেনে পানি জমে থাকছে। এছাড়াও প্রকল্পের প্ল্যান অনুসারে ড্রেনসমূহ দিয়ে প্রবাহিত হয়ে রাজশাহী সিটি কর্পোরেশনের খালে পতিত হচ্ছে। কিন্তু খাল দিয়ে নিয়মিতভাবে পানি নিষ্কাশিত না হলে ভবিষ্যতে পুরো ড্রেনেজ সিস্টেম অকার্যকর হতে পারে।



১৫.৭ **সমন্বয় ভাউচার না থাকা:** প্রকল্পের আওতায় বনলতা আবাসিক এলাকায় বিদ্যুৎ সুবিধা নিশ্চিত করার স্বার্থে এর সমুদয় কাজ ডিপোজেটরি ওয়ার্ক হিসেবে রাজশাহী পিডিবিকে হস্তান্তর করা হয়। কিন্তু ডিপোজেটরি ওয়ার্ক এর সমন্বয় ভাউচার প্রকল্প অফিসে পাওয়া যায়নি।

১৫.৮ **ক্রয় প্রক্রিয়া পর্যালোচনা** : প্রকল্পের মূল ভৌত কাজ ভূমি উন্নয়ন, আরসিসি ড্রেন, বিটুমিনাস, ওয়ারিংকোর্স রাস্তা ও আরসিসি বক্স কালভার্ট নির্মাণের জন্য ডিপিপিতে/টেন্ডারে ১২৯৫.১৫ লক্ষ টাকার প্রাক্কলন করা হয়। কিন্তু টেন্ডার প্রক্রিয়ায় সর্বনিম্ন দরদাতা একই কাজ সম্পাদনের জন্য ৯৮২.৮৬ লক্ষ টাকা দর প্রাক্কলন করে নির্মাণ কাজ সম্পাদন করেন। এ ক্ষেত্রে প্রতীয়মান হয় যে, বাস্তবায়নকারী সংস্থার প্রাক্কলিত দর অপেক্ষা প্রায় ২৪% কম দরে নির্মাণ কার্য সম্পাদন করা সম্ভব হয়। তাই বাস্তবায়নকারী সংস্থার দর প্রাক্কলনে কোন ঘাটতি ছিল কিনা তা পর্যালোচনা করা প্রয়োজন।

১৫.৯ **অডিট সম্পর্কিত তথ্য না থাকা:** মন্ত্রণালয় কর্তৃক প্রেরীত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, অডিট সংক্রান্ত নির্ধারিত কলামে কোনো তথ্য প্রদান করা হয়নি। প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে অডিট সংক্রান্ত তথ্যাদি পিসিআর এ সন্নিবেশিত করা সমীচীন ছিল।

১৬। <u>সুপারিশ/ মতামত :</u>

১৬.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় **(অনু: ১৫.১ ও ১৫.২);**

১৬.২ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নীতিনির্ধারণী পর্যায়ে উদ্যোগ গ্রহণ করে স্বল্পতম সময়ে ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া নিশ্চিত করবে (অনুঃ ১৫.৩);

১৬.৩ আইএমইডি'র সুপারিশের আলোকে কেন পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র বা অনাপত্তি গ্রহণ করা হয়নি সে বিষয়টি সংশ্লিষ্ট মন্ত্রণালয় যাচাই-বাছাই করে বাস্তবায়নকারী সংস্থার জবাবদিহিতা নিশ্চিতকরত: এ বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণ করবে (অনু: ১৫.৪);

১৬.৪ বৈদ্যুতিক লাইন স্থাপন খাতে বরাদ্দ অপেক্ষা অতিরিক্ত ব্যয় নির্বাহের বিষয়ে সংশ্লিষ্টদের দায়-দায়িত্ব নির্ধারণ করে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে আইএমইডিকে অবহিত করবে (অনু: ১৫.৫);

১৬.৫ বিধি মোতাবেক প্রকল্পের আওতায় নির্মিত রাস্তা ও ড্রেনসহ যাবতীয় ভৌত অবকাঠামো অতি দ্রুত বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করতে হবে **(অনু: ১৫.৬);**

১৬.৬ ডিপোজেটরি ওয়ার্ক সম্পন্নকারী প্রতিষ্ঠান কর্তৃক সমন্বয় ভাউচার রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে **(অনু: ১৫.৭);**

১৬.৭ ভৌত নির্মাণ কাজে বাস্তবায়নকারী সংস্থার দর প্রাক্কলনে কোন ঘাটতি ছিল কিনা তা পর্যালোচনা করে এ সংক্রান্ত একটি প্রতিবেদন আইএমইডি'র নিকট দাখিল করতে হবে এবং ভবিষ্যতে পূর্ত নির্মাণ কাজের দর প্রাক্কলনে অধিকতর সতর্কতা অবলম্বন করতে হবে (অনু: ১৫.৮);

১৬.৮ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে অত্র প্রকল্পের অডিট সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আইএমইডি ও পরিকল্পনা কমিশনকে অবহিত করতে হবে **(অনু: ১৫.৯) ;**

১৬.৯ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৮ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

Exploration and Development of Alternative to Bricks শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

(সমাপ্ত: জুন' ২০১৭)

১। প্রকল্পের নাম : "Exploration and Development of Alternative to Bricks" শীর্ষক প্রকল্প।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : হাউজিং এন্ড বিল্ডিং রিসার্স ইনস্টিটিউট।

৪। প্রকল্পের অবস্থান : দারুস সালাম, মিরপুর, ঢাকা।

৫। প্রকল্পের পটভূমি:

বাংলাদেশের নদ-নদীর নাব্যতা বৃদ্ধি, বন্যা মোকাবিলা ও নৌ-পথ সচল রাখার জন্যে নদ- নদীসমূহ ড্রেজিং করায় নদী থেকে প্রচুর পরিমাণ ড্রেজিং সয়েল উত্তোলন করা হয়। অপরদিকে দেশের উন্নয়ন এবং নির্মাণ কার্যক্রমে ব্যবহারের জন্য ইট উৎপাদনে কৃষি জমির টপ সয়েল ব্যবহার করায় কৃষি জমির পরিমাণ ক্রমশ কমে যাচ্ছে। এছাড়াও ইট পোড়ানোর কাজে প্রচুর পরিমাণ কাঠ, কয়লা, গ্যাস ইত্যাদি জ্বালানী ব্যবহারের ফলে পরিবেশ দূষণ এবং জনস্বাস্থ্যের ব্যাপকভাবে ক্ষতি হচ্ছে। এ প্রেক্ষিতে কৃষি জমি রক্ষা, পরিবেশ দূষণরোধ কল্পে ড্রেজিং সয়েল ব্যবহার করেই টের বিকল্প উদ্ভাবনে এইচবিআরআই নদী হতে উত্তোলনকৃত ড্রেজিং সয়েলের দ্বারা পলিব্রিকস, থার্মাল ব্লক, CSEB (Compressed Stabilized Earth Block), sand cement block তৈরির বিষয়ে গবেষণা পরিচালনা করে প্রাথমিকভাবে আশানুরূপ ফল পেয়েছে। এখন এই বিষয়ে আরো বিস্তারিত গবেষণার দ্বারা জনসমক্ষে উপস্থাপনার উপযোগী মানসম্পন্ন ব্লক উৎপাদন এবং ব্লক তৈরির প্রযুক্তি উদ্ভাবনের প্রচেষ্টা চালানো হচ্ছে।

৫.১। প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

১. প্রচলিত ইটের বিকল্প, পরিবেশ বান্ধব, ব্যয় সাশ্রয়ী নির্মাণ উপকরণ উদ্ভবন ও উন্নয়ন ।

২. প্রচলিত ইটের বিকল্প হিসেবে স্যান্ড সিমেন্ট হলো ব্লক, কংক্রিট হলো ব্লক, এডব ব্রিকস, পলি ব্রিকস, পলি ব্লক, সি এস ই বি, থার্মাল ব্লক, একরা ওয়াল, পলিস্টাইরিন ফেরোসিমেন্ট প্যানেল এবং হালকা ওজনের এরিয়েটেড কনক্রিট উৎপাদনের প্রযুক্তি উদ্ভাবন।

৩. ইটের বিকল্প উদ্ভাবনের মাধ্যমে কৃষি জমির টপ সয়েল ও বনজ সম্পদ সুরক্ষা,

৪. কার্বন নির্গমণ হ্রাসকরন ও পরিবেশ সুরক্ষা।

৬। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		**প্রকৃত ব্যয়**	**পরিকল্পিত বাস্তবায়নকাল**		**প্রকৃত বাস্তবায়নকাল**	**হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)**	**অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)**
মূল	**সর্বশেষ সংশোধিত**		**মূল**	**সর্বশেষ সংশোধিত**			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৫.৮০	**১৯৬.০০**	**১৬৮.৪০**	জুলাই ২০১৪ থেকে ডিসেম্বর ২০১৫	জুলাই ২০১৪ থেকে জুন ২০১৭	জুলাই ২০১৪ থেকে জুন ২০১৭	**২৭.৫০ (১৪%)**	-

৭.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে প্রাপ্ত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

(লক্ষ টাকায়)

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১।	পে অফ ফেলো	থোক	৬.০০	১০০%	৫.৮৫	৯৯%
০২।	সার্ভে ইনভেস্টিগেশন	থোক	২.০০	১০০%	২.০০	১০০%
০৩	টিএ/ডিএ	থোক	২.০০	১০০%	২.০০	১০০%
০৩।	প্রজেক্ট পার্সোনেলগণের সম্মানী	থোক	৬.০০	১০০%	৬.০০	১০০%
০৪।	পরামর্শক ফি	থোক	১২.৫০	১০০%	১২.৫০	১০০%
০৫।	টেন্ডার/কটেশন/বিজ্ঞাপন	থোক	২.০০	১০০%	২.০০	১০০%
০৬।	স্টেশনারী	থোক	৩.০০	১০০%	৩.০০	১০০%
০৭।	প্রিন্টিং এবং পাবলিকেশন	থোক	২.০০	১০০%	২.০০	১০০%
০৮।	সেমিনার/ওয়ার্কশপ	থোক	৫.০০	১০০%	৫.০৩	১০০%
০৯।	সভার সম্মানী	থোক	৩.০০	১০০%	৩.০০	১০০%
১০।	আপ্যায়ন খরচ	থোক	১.০০	১০০%	১.০০	১০০%
১১।	বই/ জার্নাল/সাহিত্য সার্ভে	থোক	৩.০০	১০০%	৩.০০	১০০%
১২।	বিবিধ	থোক	১.০০	১০০%	১.০০	১০০%
১৩।	প্রকল্প অফিসের জন্য আসবাবপত্র	থোক	২.২০	১০০%	২.২০	১০০%
১৪।	কম্পিউটার/ল্যাপটপ ও এক্সেসোরিস,	থোক	৫.৮০	১০০%	৫.৮০	১০০%
১৫।	মেশিনারিস, ইকুইপমেন্ট এবং ম্যাটারিয়ালস	থোক	৭০.০০	১০০%	৪২.৫০	৬১ %
১৬।	মডেল হাউজ এন্ড পাইলট প্লান্ট	থোক	৬৯.৫০	১০০%	৬৯.৫০	১০০%
	সর্বোমোট		**১৯৬.০০**	**১০০%**	**১৬৮.৪০**	**৮৬%**

বি:দ্র: প্রকল্পের অব্যয়িত ২৭.৫০ লক্ষ্য টাকা চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়া হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানান।

০৮। **প্রকল্পের মূল কার্যক্রম:**

- মাটি পোড়ান ইটের বিকল্প উদ্ভাবন ও উন্নয়ন;
- ইটে উৎপাদনের জন্য ব্যবহৃত কৃষি জমির উপরিভাগের মাটি ও বনজ সম্পদ রক্ষা করা;
- কার্বন নির্গমণ হ্রাস করা ;
- ড্রেজিং মাটির ব্যবহার করা;
- ডেমন্সট্রেশন বিল্ডিং নির্মান ও পাইলট প্লান্ট স্থাপন ।

০৯। **প্রকল্পের সার্বিক অগ্রগতি:**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৯৬ .০০ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ১৬৮.৪০ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৮৬%। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

১০। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মোঃ আকতার হোসেন সরকার সিনিয়র রিসার্চ অফিসার		খন্ডকালীন	২৯ মার্চ ২০১৫	জুন ২০১৭

১১। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

বিগত ১৭/০৭/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয় । এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	অর্জিত
১. প্রচলিত ইটের বিকল্প, পরিবেশ বান্ধব, ব্যয়-সাশ্রয়ী নির্মাণ উপকরণ উদ্ভাবন ও উন্নয়ন।	১. প্রচলিত ইটের বিকল্প, পরিবেশ বান্ধব, ব্যয়-সাশ্রয়ী নির্মাণ উপকরণ উদ্ভাবন ও উন্নয়ন করা হয়েছে।
২. প্রচলিত ইটের বিকল্প হিসেবে স্যান্ড সিমেন্ট হলো ব্লক, কংক্রিট হলো ব্লক, এডব ব্রিকস, পলি ব্রিকস, পলি ব্লক, সি এস ই বি, থার্মাল ব্লক, একরা ওয়াল, পলিস্টাইরিন ফেরোসিমেন্ট প্যানেল এবং হালকা ওজনের এরিয়েটেড কনক্রিট উৎপাদনের প্রযুক্তি উদ্ভাবন।	২. প্রচলিত ইটের বিকল্প হিসেবে স্যান্ড সিমেন্ট হলো ব্লক, কংক্রিট হলো ব্লক, এডব ব্রিকস, পলি ব্রিকস, পলি ব্লক, সি এস ই বি, থার্মাল ব্লক, একরা ওয়াল, পলিস্টাইরিন ফেরোসিমেন্ট প্যানেল এবং হালকা ওজনের এরিয়েটেড কনক্রিট উৎপাদনের প্রযুক্তি উদ্ভাবন করা হয়েছে। উক্ত উপকরণসমূহ ব্যবহার করে ডেমন্সট্রেশন বিল্ডিং নির্মাণ করা হয়েছে।
৩. ইটের বিকল্প উদ্ভাবনের মাধ্যমে কৃষি জমির টপ সয়েল ও বনজ সম্পদ সুরক্ষা।	৩ .ইটের বিকল্প উদ্ভাবনের মাধ্যমে কৃষি জমির টপ সয়েল ও বনজ সম্পদ সুরক্ষা উদ্যোগ গ্রহণ করা হয়েছে।
৪. কার্বন নির্গমণ হ্রাসকরণ ও পরিবেশ সুরক্ষা	৪. উদ্ভাবিত উপকরণ সমূহ উৎপাদনে কার্বন নির্গমণ কম হওয়ায় পরিবেশ দূষণ কম হবে।

১৩। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:

জনকল্যাণে ভুমিকা:

- কৃষি বান্ধব প্রযুক্তি।
- ড্রেজিং সয়েল ব্যবহার করার ফলে নদীর নাব্যতা বৃদ্ধি।
- ইট তৈরিতে কৃষি জমির ব্যবহার হ্রাস।
- পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহার।

আর্থ-সামাজিক সূচকে অবদান

- প্রয়োজনীয় উপকরণ সহজলভ্য এবং নির্মাণ কৌশলসহ উন্নত প্রযুক্তি ব্যবহার করে যে কেউ উন্নত গৃহ নির্মাণ করতে পারে;
- উদ্যোক্তা তৈরির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি।

১৪। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এর Sustainability:

কৃষি বান্ধব এবং পরিবেশ বান্ধব প্রযুক্তি ব্যবহারের ফলে খাদ্য সুরক্ষা এবং পরিবেশ রক্ষার মাধ্যমে উক্ত প্রকল্প SDG এর ২ এবং ৩ নম্বর গোল অর্জনে ভূমিকা রাখবে। একই সাথে উক্ত প্রকল্পে উদ্ভাবিত উপকরণ সমূহের উৎপাদনের লক্ষ্যে উদ্যোক্তা তৈরির মাধ্যমে দারিদ্র দূরীকরণ সম্ভব হবে যা SDG এর ১ নম্বর গোল অর্জনে সহায়ক হবে।তাছাড়া উক্ত নির্মাণ সামগ্রী ব্যবহারের মাধ্যমে অধিক টেকসই এবং উন্নত প্রযুক্তি ব্যবহারের ফলে টেকসই নগর নির্মানেও সহায়ক ভূমিকা রাখা সম্ভব হবে ফলে SDG এর ১১ নম্বর গোল অর্জন সম্ভব হচ্ছে।

১৫। প্রকল্প বাস্তবায়নের কিছু চিত্র:













১৫। **পর্যবেক্ষণ:**

১৫.১ **Time & cost over run:** প্রকল্পটির মূল ডিপিপি ১৯৫.৮০ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১৪ হতে ডিসেম্বর ২০১৫ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়েছিল। ১ম সংশোধনীর মাধ্যমে ১৯৬.০০ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১৪ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ১ (এক) বছর ৬ (ছয়) মাস এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ২৭.৫০ লক্ষ টাকা (১৪%)। প্রকল্পটি মূল ডিপিপির প্রাক্কলিত অর্থ ও নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেনি।

১৫.২ অডিট সম্পন্ন না হওয়া: প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন মেয়াদে ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট সম্পাদিত হয়েছে তবে অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৫.৩ পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা না হওয়া: প্রকল্প দলিলে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলেও নিয়মিতভাবে উক্ত সভাসমূহ আয়োজন করা হয়নি। ফলে প্রকল্পটি বাস্তবায়নে জবাবদিহিতার অভাব ছিল এবং কেন্দ্রীয় পর্যায়ে থেকে যথাযথ দিক নির্দেশনা পায়নি।

১৫.৪ পিসিআর প্রেরণে বিলম্ব: প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৭ সালে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ০৩ মাসের মধ্যে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও বিলম্বে (১৩ মাস পর) প্রেরণ করা হয়।

১৬। সুপারিশ/ মতামত :

১৬.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ভবিষ্যতে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৬.২ ভবিষ্যতে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইসি ও ষ্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে;

১৬.৩ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ প্রকল্প সংশ্লিষ্ট সকল অডিট প্রতিবেদন দ্রুত আইএমইডি'তে **প্রেরণ** করতে হবে;

১৬.৪ প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিতে পিসিআর প্রেরণের বিষয়টি ভবিষ্যতে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৬.৫ অনুচ্ছেদ ১৬.১ হতে **১৬.৪** পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

বাংলাদেশ সুপ্রিম কোর্টের অভ্যন্তরীণ অবকাঠামো উন্নয়নশীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত :জুন, ২০১৭)

১। প্রকল্পের নাম : বাংলাদেশ সুপ্রিম কোর্টের অভ্যন্তরীণ অবকাঠামো উন্নয়ন

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত অধিদপ্তর।

৪। প্রকল্পের অবস্থান : রমনা, ঢাকা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৪৬৬.৯১	-	২৪২৮.৩৮	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭	-	জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭	-	-

০৬। প্রকল্পের উদ্দেশ্য:

- সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের অফিস, চেম্বার ও এজলাসের সংস্কার করা;
- সুপ্রিম কোর্ট কম্পাউন্ডের অভ্যন্তরীণ রাস্তা, অভ্যন্তরীণ পয়:নিস্কাশন এবং বহি:বিদ্যুতায়নের উন্নয়ন; এবং
- সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের জন্য কাজের অনুকূল পরিবেশ তৈরি করা।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

- অফিস কক্ষ, চেম্বার ও এজলাসতৈরি ও সংস্কার করা;
- সীমানা প্রাচীর নির্মাণ;
- অভ্যন্তরীণ রাস্তার উন্নয়ন;
- ল্যান্ডস্কেপিং, আরবরিকালচার;এবং
- এসি, লাইটিং, সাব-লাইন, মেইন সার্ভিস লাইন স্থাপন, লিফট ও জেনারেটর স্থাপন, ইত্যাদি।

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৪৬৬.৯১ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৪২৮.৩৮ লক্ষ টাকা (৯৮.৪৪%)। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি।

(অংগভিত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিস্তারিত পতাকা ‘ক’ তে সংযুক্ত)

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
		হতে	পর্যন্ত
জনাব মো: আব্দুল হাই তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	০১/০৬/১৬	০১/০৮/১৬
জনাব মো: সেলিম খান তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	০১/০৮/১৬	২৪/০৪/১৭
জনাব সারওয়ার আহমেদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	২৪/০৪/১৭	২৯/০৬/১৭


১০। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :**

বিগত ০১/১১/২০১৭ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক, জনাব আবদুল্লাহ-আল-মাসুদ, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে সংশ্লিষ্ট তত্ত্বাবধায়ক প্রকৌশলীসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

<u>প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :</u>



চিত্র (১) : প্রকল্পের আওতায় সুপ্রীম কোর্টের প্রবেশপথে স্থাপিত মার্বেলের দৃশ্য।



চিত্র (২) : মাননীয় বিচারপতিদের জন্য নির্মিত ব্যক্তিগত চেম্বারের দৃশ্য।



চিত্র (৩) : প্রকল্পের আওতায় সংস্কারকৃত এজলাস ভবন।



চিত্র (৪) : প্রকল্পের আওতায় সংস্কারকৃত সুপ্রীম কোর্টের উইন্টার গার্ডেনের দৃশ্য।



চিত্র (৫) : কোর্ট ভবনে স্থাপিত জেনারেটর।



চিত্র (৬) : কোর্ট ভবনে স্থাপিত লিফট।



চিত্র (৭): প্রকল্পের আওতায় সংস্কারকৃত ভবনের বাইরের দৃশ্য।



চিত্র (৮) : সুপ্রীম কোর্টের অভ্যন্তরীণ এলাকায় ল্যান্ডস্ক্যাপিংয়ের দৃশ্য।

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
(ক) সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের অফিস, চেম্বার ও এজলাসের সংস্কার করা; (খ) সুপ্রিম কোর্ট কম্পাউন্ডের অভ্যন্তরীণ রাস্তা, অভ্যন্তরীণ পয়:নিস্কাশন এবং বহি:বিদ্যুতায়নের উন্নয়ন; এবং (গ) সুপ্রিম কোর্টের মাননীয় বিচারপতিদের জন্য কাজের অনুকূল পরিবেশ তৈরি করা।	এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সুপ্রিম কোর্টের অভ্যন্তরের সুনির্দিষ্ট কিছু অবকাঠামোর সংস্কার কাজ সম্পাদন করা হয়েছে। তবে সামগ্রিকভাবে সুপ্রিম কোর্টের জরাজীর্ণ অবকাঠামোর সামগ্রিক সংস্কার ও উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন।	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।

১২। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৩। প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য :

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/jU থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেR/j•Ui ক্রয় সক্রান্ত তথ্যাদি নিম্ন সারণিতে উপস্থাপন করা হ'লঃ

(লক্ষ টাকায়)

প্যাকেজ / লটের নাম	কাজের বিবরণ	ক্রয় পদ্ধতি	ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য	টেন্ডার ইভালুয়েশনের তারিখ	টেন্ডারে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যা	টেন্ডারে রেসপনসিভ ব্যক্তি/ প্রতিষ্ঠানের সংখ্যা	চুক্তি সম্পাদনের তারিখ ও প্রতিষ্ঠানের নাম	চুক্তি অনুসার কার্য শেষ হওয়ার তারিখ	চুক্তি মূল্য	চূড়ান্ত বিল প্রদানের পরিমাণ	মন্তব্য
প্যাকেজ নং-WD-2	অভ্যন্তরীন রাস্তার কার্পেটিংয়ের কাজ	ওটিএম	২৯৫.৮৫	২৪/১০/১৬	০৪ টি	০২ টি	১১/১২/১৬ মেসার্স এনসি-এমজেডবি এন্ড কোং (জেভি)	১০/০৩/১৭	২৯৫.৮৬	৩৩৯.৫৩	পরবর্তীতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।
প্যাকেজ নং-WD-7	কোরিডর ও লবিসহ আনুষাংগিক সৌন্দর্য্যবর্ধনের কাজ	ওটিএম	১১৭.৬৩	২২/০৩/১৭	০৬ টি	০১ টি	১৮/০৪/১৭ মেসার্স আমির এন্টারপ্রাইজ	৩০/০৬/১৭	১১৭.৪৩	১২৯.৯৭	তুলনামূলক কম প্রতিযোগিতা মূলক
প্যাকেজ নং-GD-1	লিফট সরবরাহ ও স্থাপন	ওটিএম	৪৩.৭৭	২৯/০৯/১৬	০২ টি	০২ টি	২০/১০/১৬ ডেফোডিল ইলেকট্রিক কোং	২০/০৪/১৭	৪৩.৫৩	৪৩.৫২	

(তথ্য সূত্র: প্রকল্প অফিস)

১৪। পর্যবেক্ষণ:

১৪.১ **কর্মপরিধি কম থাকা** : প্রকল্পটির আওতায় সুপ্রিম কোর্টের অভ্যন্তরীণ বিভিন্ন লবি, প্রবেশপথ, মাননীয় বিচারপতিদের কক্ষ সংস্কার ও উন্নয়নের কাজ সম্পন্ন করা হয়েছে। সংশ্লিষ্ট প্রকৌশলীগণ অবহিত করেন যে, ডিপিপি'তে সামগ্রিক সুপ্রিম কোর্টের অবকাঠামোসমূহের সংস্কার ও উন্নয়ন কাজ অন্তর্ভুক্ত ছিল না। ফলশ্রুতিতে সুপ্রিম কোর্টের অনেক লবি/করিডোর জরাজীর্ণ অবস্থায় রয়েছে। ডিপিপি প্রণয়নকালে সুপ্রিম কোর্টের অবকাঠামোসমূহের সামগ্রিক উন্নয়ন ও সংস্কার অন্তর্ভুক্ত থাকলে অধিক সুফল পাওয়া যেত মর্মে প্রতীয়মান হয়।



১৪.২ **কোর্টরুমে ব্যবহৃত বৈদ্যুতিক যন্ত্রপাতি ও টাইলস ব্যবহারে ভিন্নতা থাকা** : পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় সংস্কারকৃত কোর্টরুমে স্থাপিত লাইট, ফ্লোর টাইলস প্রভৃতিতে ভিন্নতা রয়েছে। নান্দনিকতা

সুনির্দিষ্ট করার ক্ষেত্রে এ জাতীয় উপকরণ ব্যবহারে ইউনিফাইট/সামঞ্জস্যতা থাকলে তা অধিক দৃষ্টিনন্দন হত মর্মে প্রতীয়মান হয়।

১৪.৩ **পরিচর্যার অভাব :** পরিদর্শনকালে দেখা যায় যে, প্রকল্পের আওতায় সুপ্রিম কোর্টের অভ্যন্তরের বিভিন্ন সিঁড়িতে মার্বেল স্থাপন করা হয়েছে। কিন্তু কিছু কিছু সিঁড়ি অপরিচ্ছন্ন অবস্থায় রয়েছে। এ প্রসঙ্গে গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট প্রকৌশলীরা অবহিত করেন যে, পরিস্কার-পরিচ্ছন্নতার জন্য পর্যাপ্ত জনবল নেই এবং কোর্ট ভবনে অধিক সংখ্যক জনসাধারণের সমাগম থাকায় পরিস্কার-পরিচ্ছন্নতা ব্যহত হয়।



১৪.৪ **অডিট সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য না থাকা :** প্রাপ্ত ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের পিসিআর-এর অডিট সংক্রান্ত অনুচ্ছেদে পূর্ণাঙ্গ তথ্য প্রদান করা হয়নি। এক্ষেত্রে প্রকল্প চলাকালীন ও প্রকল্প সমাপ্তির পরে আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য পিসিআর-এ অন্তর্ভুক্ত করা সমীচীন ছিল।

১৪.৫ **ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী :** প্রকল্পটি জুলাই, ২০১৬ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। মাত্র ১ (এক) বছর মেয়াদী প্রকল্পটি বাস্তবায়নে ৩ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। স্বল্প মেয়াদী এ জাতীয় প্রকল্প বাস্তবায়নে ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী কাম্য নয়।

১৪.৬ নিয়মিত পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন না করা : প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুসারে প্রতি এক মাস অন্তর একবার পিআইসি সভা ও তিন মাস অন্তত এক বার স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান ছিল। কিন্তু বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হয়নি।

১৫। <u>সুপারিশ/ মতামত :</u>

১৫.১ সুপ্রিম কোর্টের অবকাঠামোসমূহের সামগ্রিক সংস্কার ও উন্নয়নে এ প্রকল্পটি বিশেষ গুরুত্ব বহন করেছে। তবে সৌন্দর্য্যবর্ধনে প্রকল্পের কর্মপরিধি বিস্তৃত হওয়ার প্রয়োজন ছিল। ভবিষ্যতে এ জাতীয় প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সামগ্রিক চাহিদা নিরুপণ করে ডিপিপি প্রণয়ন করতে হবে (অনুঃ ১৪.১);

১৫.২ স্থাপত্য শৈলী ও নান্দনিকতা রক্ষাকরত: ব্যবহৃত ডেকোরেটিভ উপকরণসমূহের সামঞ্জস্যতা রক্ষার স্বার্থে স্থাপত্য অধিদপ্তর, গণপূর্ত অধিদপ্তর ও সুপ্রিম কোর্টের সমন্বয়ে একটি উচ্চ পর্যায়ের কমিটির আওতায় সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে (অনু: ১৪.২);

১৫.৩ সুপ্রিম কোর্টের অভ্যন্তরে প্রকল্পের আওতায় সংস্কারকৃত অবকাঠামোসমূহের পরিস্কার-পরিচ্ছন্নতার বিষয়টি নিশ্চিত করতে হবে **(অনু: ১৪.৩);**

১৫.৪ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে প্রকল্পের অডিট সম্পন্ন করে এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আইএমইডিকে অবহিত করতে হবে **(অনু: ১৪.৪) ;**

১৫.৫ এক বছর মেয়াদী একটি প্রকল্পে ঘনঘন প্রকল্প পরিচালক বদলী করার যৌক্তিকতা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক পর্যালোচনা করা আবশ্যক এবং ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের বিদ্যমান পরিপত্র অনুসরণ করা সমীচীন হবে (অনু: ১৪.৫);

১৫.৬ ভবিষ্যতে অনুমোদিত ডিপিপি অনুসারে প্রকল্পের নিয়মিত মনিটরিংয়ের স্বার্থে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে সচেষ্ট থাকতে হবে **(অনু: ১৪.৬);**

১৫.৭ সংস্কার ও উন্নয়নধর্মী প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে কর্মপরিধিভুক্ত অবকাঠামো অংশের পূর্ববর্তী চিত্র ও প্রকল্প বাস্তবায়নের পরবর্তী চিত্র ডকুমেন্টরী আকারে সংগ্রহের উদ্যোগ গ্রহণ করতে হবে, যাতে প্রকল্প চলাকালীন সময়ে যথাযথ পরিবীক্ষণ ও প্রকল্প সমাপ্ত হওয়ার পরে প্রকৃত মূল্যায়ন সম্ভব হয়; এবং

১৫.৮ অনুচ্ছেদ ১৫.১ হতে ১৫.৭ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

ঢাকা-মাওয়া রোডের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক শহর (ঝিলমিল) নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন, ২০১৭)

১। **প্রকল্পের নাম** : **ঢাকা-মাওয়া রোডের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক শহর (ঝিলমিল) নির্মাণ প্রকল্প।**

২। **উদ্যোগী মন্ত্রণালয়** : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)।

৪। **প্রকল্পের অবস্থান** : কেরানীগঞ্জ উপজেলা, ঢাকা।

৫। **প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :**

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল
মূল	সর্বশেষ সংশোধিত	মূল	সর্বশেষ সংশোধিত	
১	২	৪	৫	৬
১৩৬১৭.০০	২৮৮৮৪.৪৪	জুলাই, ১৯৯৭ হতে ডিসেম্বর, ২০১৬	জুলাই, ১৯৯৭ হতে জুন, ২০১৭	জুলাই, ১৯৯৭ হতে জুন, ২০১৭

০৬। **প্রকল্পের উদ্দেশ্য** :

(ক) তীব্র আবাসন সমস্যা হ্রাস করা ;

(খ) ঢাকা শহরের জনসংখ্যার চাপ হ্রাস করণে বর্ধিত এলাকায় শহরবাসীর জন্য আবাসিক সুবিধা তৈরি করা;

(গ) ঢাকা ও কেরানীগঞ্জের মধ্যে ক্রমাগতভাবে শহরায়নের মাধ্যমে নাগরিক সুবিধা বৃদ্ধি করা; এবং

(ঘ) যথাযথ শহরায়নের মাধ্যমে পরিবেশগত ভারসাম্য রক্ষা করা।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

- পরামর্শক সেবা;
- ৩৮১.১৯ একর জমি অধিগ্রহণ ;
- ৭৫৪০৬২৭.০৭ ঘ: মি: ভূমি উন্নয়ন;
- ৩১ কিলোমিটার রাস্তা নির্মাণ;
- ২৮২৭.২৩ বর্গমিটার কালর্ভাট নির্মাণ ;
- ১৩৩৯.১৯ বর্গমিটার ব্রিজ নির্মাণ;
- পানি, গ্যাস ও বিদ্যুৎ লাইন স্থাপন ;এবং
- ০১ টি জীপ গাড়ি, ১ টি পিকআপ ও ২টি মোটর সাইকেল ক্রয়।

৮। প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি:

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১।	পরামর্শক	থোক	৩২৫	থোক	২৮৩.৪৮	থোক
০২।	সার্ভে	থোক	২.৪৮	থোক	২.৪৮	থোক
০৩।	ভূমি অধিগ্রহণ	৩৮১.১৯ একর	১০১১১.৫৩	৩৮১.১৯ একর	১০১১১.৫৩	৩৮১.১৯ একর
০৪।	মাটি পরীক্ষা	থোক	২৯.৬৪	থোক	২৯.৬৪	থোক
০৫।	ভূমি উন্নয়ন	৭৫৪০৬২৭.০৭ ঘ: মি:	১০০৯৭.৮৪	৭৫৪০৬২৭.০৭ ঘ: মি:	১০০৯৭.৮৪	৭৫৪০৬২৭.০৭ ঘ: মি:
০৬।	লেক খনন	৮০০ মি:	৬৬.৩৩	৮০০ মি:	৬৬.৩৩	৮০০ মি:
০৭।	রাস্তা নির্মাণ	৩১ কি:মি:	৪১৬০.৩৮	৩১ কি:মি:	৪১৬০.৩৮	৩১ কি:মি:
০৮।	পাকা ড্রেন	১.৬১ কি:মি:	১০৬.৯৬	১.৬১ কি:মি:	১০৬.৯৬	১.৬১ কি:মি:
০৯।	স্লোপ প্রটেকশন	থোক	৪০১.০০	থোক	৪০১.০০	থোক
১০।	কালভার্ট নির্মাণ	২৮২৭.২৩ ব:মি:	৪০৫.৮৩	২৮২৭.২৩ ব:মি:	৪০৫.৮৩	২৮২৭.২৩ ব:মি:
১১।	ব্রিজ নির্মাণ	১৩৩৯.১৯ ব:মি:	২০৪৭.০০	১৩৩৯.১৯ ব:মি:	২০৪৫.৭৬	১৩৩৯.১৯ ব:মি:
১২।	সাইট অফিস	১১১.৫২ ব:মি:	২৯.৩৩	১১১.৫২ ব:মি:	২৯.৩৩	১১১.৫২ ব:মি:
	বাউন্ডারি পিলার	১৬০	৬.৪৯	১৬০	৬.৪৯	১৬০
১৩।	প্লট পিলার/ ব্লক পিলার	৪০০০ টি	৩৭.৩৭	৪০০০ টি	৩৭.৩৭	৪০০০ টি
১৪।	বিদ্যুৎ	থোক	১৭৫.০০	থোক	১৭৫.০০	থোক
১৫।	মসজিদ	থোক	৪০০.০০	থোক	--	--
১৬।	যানবাহন	১ টি জীপ, ১ টি পিকআপ ও ২ টি মোটর সাইকেল	৪১.৫৬	১ টি জীপ, ১ টি পিকআপ ও ২ টি মোটর সাইকেল	৪১.৫৬	১ টি জীপ, ১ টি পিকআপ ও ৪ টি মোটর সাইকেল
১৭।	টুলস প্লান্ট	--	১.৫৩	--	১.৫৩	--
১৮।	আরবোরিকালচার	৫০০০টি	৮৪.০০	৫০০০টি	৭৮.৬৪	৫০০০টি
১৯।	আসবাবপত্র	থোক	১০.৯৫	থোক	১০.৯৫	থোক
২০।	মেইনটেনেন্স	থোক	৪৪.২২	থোক	৩৯.৬৭	থোক
২১।	প্রাইস কন্টিনজেন্সি	--	০	--	--	--
২২।	ফিজিকাল কন্টিনজেন্সি		৩০০.০০	--	১৭৮.৮৮	--
২৩।	**সর্বমোট**		২৮৮৮৪.৪৪		২৮৩১০.৬৫	-

০৯। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৮৮৮৪.৪৪ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৮৩১০.৬৫ লক্ষ টাকা, যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৮.০১%। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
		হতে	পর্যন্ত
জনাব মোঃ সিরাজুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (PWD)	পূর্ণকালীন	০১/০৭/২০০১	৩০/১২/২০০২
মোঃ এমদাদুল ইসলাম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (রাজউক)	খন্ডকালীন	৩১/১২/২০০২	১৫/০৫/২০০৪
মোঃ রুহুল আমিন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (PWD)	পূর্ণকালীন	১৫/০৫/২০০১	২৫/০৬/২০০৫
মোঃ আনোয়ার হোসাইন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (রাজউক)	খন্ডকালীন	২৫/০৬/২০০৫	৩১/১২/২০০৭
মোঃ আব্দুল লতিফ হেলালী, নির্বাহী প্রকৌশলী, (রাজউক)	খন্ডকালীন	৩১/১২/২০০৭	৩০/০৯/২০০৮
মোঃ সাইদুর রহমান, নির্বাহী প্রকৌশলী, (রাজউক)	খন্ডকালীন	৩০/০৯/২০০৮	২০/১০/২০০৮
মোঃ আব্দুল লতিফ হেলালী, নির্বাহী প্রকৌশলী, (রাজউক)	খন্ডকালীন	২০/১০/২০০৮	০৮/০৭/২০০৯
মোঃ আনোয়ার হোসাইন, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (রাজউক)	খন্ডকালীন	০৮/০৭/২০০৯	২০/১২/২০১০
শেখ জাহিদ হাসান ফারুক, পরিচালক, (রাজউক)	পূর্ণকালীন	২০/১২/২০১০	২৬/১২/২০১৩
মোঃ আব্দুল লতিফ হেলালী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, (রাজউক)	পূর্ণকালীন	২৬/১২/২০১৩	৩০/০৬/২০১৭

১১। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ২১/০৭/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক জনাব মশিউর রহমান কর্তৃক অত্র প্রকল্পটি (কেরানীগঞ্জ, ঢাকা)পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

<u>প্রকল্পের বাস্তবায়নের কতিপয় চিত্র :</u>










১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
ক) তীব্র আবাসন সমস্যা হ্রাস করা ; (খ) ঢাকা শহরের জনসংখ্যার চাপ হ্রাস করণে বর্ধিত এলাকায় শহরবাসীর জন্য আবাসিক সুবিধা তৈরি করা; (গ) ঢাকা ও কেরানীগঞ্জের মধ্যে ক্রমাগতভাবে শহরায়নের মাধ্যমে নাগরিক সুবিধা বৃদ্ধি করা; এবং ঘ) যথাযথ শহরায়নের মাধ্যমে পরিবেশগত ভারসাম্য রক্ষা করা।	ক) তীব্র আবাসন সমস্যা হ্রাস করার প্রচেষ্টা গ্রহণ করা হয়েছে ; (খ) ঢাকা শহরের জনসংখ্যার চাপ হ্রাস করণে বর্ধিত এলাকায় শহরবাসীর জন্য আবাসিক সুবিধা তৈরি করা হয়েছে; (গ) ঢাকা ও কেরানীগঞ্জের মধ্যে ক্রমাগতভাবে শহরায়নের মাধ্যমে নাগরিক সুবিধা বৃদ্ধি করা হয়েছে; এবং ঘ) যথাযথ শহরায়নের মাধ্যমে পরিবেশগত ভারসাম্য রক্ষার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।

১২। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে:

➢এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ১৭৭৪টি আবাসিক প্লট প্রস্তুত করা হয়েছে এবং প্রায় ৩০ কি: মি: রাস্তা নির্মাণ করা হয়েছে যা ঢাকা শহরে পরিকল্পিত আবাসন ও যোগাযোগ ব্যবস্থার সুযোগ সৃষ্টি করেছে;

- শহরতলীতে পরিকল্পিত বর্ধিত আবাসিক এলাকা নির্মাণের ফলে বর্ধিত জনসংখ্যার একাংশের আবাসন ব্যবস্থা নিশ্চিত করা হয়েছে; এবং
- অত্র এলাকা ঘিরে অর্থনৈতিক কর্মকান্ড বৃদ্ধির সুযোগ সৃষ্টি হয়েছে।

১৩। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৪। **পর্যবেক্ষণ:**

১৪.১ **Time over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ১৬ বছর সময় বেশী (৪০০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে অত্যাধিক বিলম্ব ঘটেছে।

১৪.২ **Cost over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৩৬১৭.০০ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ২৮৮৮৪.৪৪ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৮৩১০.৬৫ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ১৪৬৯৩.৬৫ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (১০৭.৯১%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৪.৩ **ভূমি অধিগ্রহণে বিলম্ব হওয়া:** প্রকল্পটি গত জুলাই, ২৪/০৯/১৯৯৮ এ অনুমোদিত হলেও প্রকল্পের মূল কার্যক্রম ০২ বছর বিলম্বে শুরু করা হয়। প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ ভূমি অধিগ্রহণের নথি পর্যালো চনায় দেখা যায় যে, গত ১৭/০৮/২০০০ তারিখে দরপত্র আহবান করা হলেও ভূমি অধিগ্রহণে মামলাজনিত কারণে প্রকল্পের বাস্তবায়ন যথাসময়ে সম্পাদন করা যায়নি। ফলশ্রুতিতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং একই কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে। মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা পরবর্তী ভূমি অধিগ্রহণ সম্বলিত প্রকল্পের ক্ষেত্রে অধিগ্রহণকৃত ভূমি সরেজমিন দখল বুঝে নিবেন।

১৪.৪ **বন্যা এবং মাটি ভরাটে বিলম্ব:**প্রকল্পের আওতায় বন্যা এবং মাটি ভরাটে বিলম্ব হয়। ফলে প্রকল্পের অনুকুলে মাটি ভরাটের কাজ সমাপ্ত হয়েছে জুন ২০১১ এ।

১৪.৫ **প্রকল্প পরিচালক বারবার পরিবর্তন:** এ প্রকল্পের মেয়াদে ১০ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে এবং ১০ জনের মধ্যে ০৬ জনই খন্ডকালীন দায়িত্ব িহসেবে প্রকল্প পরিচালকের কাজ করেছেন। জরুরী প্রয়োজন না হলে প্রকল্প সংশ্লিষ্ট জনবল বদলী/পরিবর্তন না করার জন্য এবং ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক পদায়নের বিষয়ে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার দৃষ্টি আকর্ষণ করা হলো।

১৪.৬ প্রকল্পটি সরেজমিন পরিদর্শনে দেখা যায়, ঢাকা ওয়াসা কর্তৃক দুইটি ডিপ-টিউবওয়েল বসানোর কাজ সম্পন্ন হয়েছে। গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে, পানির লাইন দেওয়া সম্ভব হবে। এছাড়া বাংলাদেশ পল্লী বিদ্যুৎ-এর মাধ্যমে ইতোমধ্যে বিদ্যুৎ লাইন (২টি সাব-স্টেশন) স্থাপন করা হয়েছে। গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে

বিদ্যুৎ সংযোগ প্রদান করা সম্ভব হবে মর্মে প্রকল্প পরিচালক জানান। তবে ডিপ টিউবওয়েল ও পানির লাইন রক্ষনাবেক্ষণের অভাব পরিলক্ষিত হয়েছে;

১৪.৭ সরকারি সিদ্ধান্ত মোতাবেক বর্তমানে গ্যাস লাইন সংযোগ বন্ধ থাকায় গ্রাহকগণকে এলপিজি গ্যাস ব্যবহারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছেন। এত বৃহৎ সংখ্যক আবাসন এলাকার জন্য এলপিজি গ্যাস ব্যবহারের বিষয়টি যথেষ্ট ঝামেলাপূর্ণ হবে মর্মে পরিলক্ষিত হয়;

১৪.৮ **অডিট সম্পর্কিত তথ্য না থাকা:** মন্ত্রণালয় কর্তৃক প্রে রিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, অডিট সংক্রান্ত নির্ধারিত কলামে কোনো তথ্য প্রদান করা হয়নি। প্রকল্পের আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে অডিট সংক্রান্ত তথ্যাদি পিসিআর এ সন্নিবেশিত করা সমীচীন ছিল।

১৫। সুপারিশ/ মতামত :

১৫.১ মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে **Time over run** হয়েছে ৪০০% এবং **Cost over run** হয়েছে ১০৭.৯১%। প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের বদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থার পরবর্তি প্রকল্পের ক্ষেত্রে মেয়াদ ও প্রাক্কলন এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের **Time over run** ও **Cost over run** না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৫.২ প্রকল্পের অন্যতম গুরুত্বপূর্ণ অঙ্গ ভূমি অধিগ্রহণের নথি পর্যালোচনায় দেকা যায় যে, গত ১৭/০৮/২০০০ তারিখে দরপত্র আহ্বান করা হলেও ভূমি অধিগ্রহণে মামলাজনিত কারণে প্রকল্পের বাস্তবায়ন যথাসময়ে সম্পাদন করা যায়নি। ফলশ্রুতিতে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা হয়েছে এবং একই কারণে প্রকল্পের ব্যয় বৃদ্ধি পেয়েছে। তাই মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী সংস্থা পরবর্তী ভূমি অধিগ্রহণ সম্বলিত প্রকল্পের ক্ষেত্রে অধিগ্রহণকৃত ভূমি সরেজমিন দখল বুঝে নিবেন।

১৫.৩ এ প্রকল্পের মেয়াদে ১০ জন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে এবং ১০ জনের মধ্যে ০৬ জনই খন্ডকালীন দায়িত্ব হিসেবে প্রকল্প পরিচালকের কাজ করেছেন। জরুরী প্রয়োজন না হলে প্রকল্প সংশ্লিষ্ট জনবল বদলী/পরিবর্তন না করার জন্য এবং ৫০ কোটি টাকার উর্ধ্বে প্রকল্পের ক্ষেত্রে নিয়মিত প্রকল্প পরিচালক পদায়নের বিষয়ে মন্ত্রণালয় ও বাস্তবায়নকারী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৫.৪ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে অডিট সংক্রান্ত নির্ধারিত কলামে কোনো তথ্য প্রদান করা হয়নি। আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে অত্র প্রকল্পের অডিট সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আইএমইডি ও পরিকল্পনা কমিশনকে অবহিত করতে হবে;

১৫.৫ প্রকল্পটি সরেজমিনে পরিদর্শনে দেখা যায় ঢাকা ওয়াসা কর্তৃক দুইটি ডিপ-টিউবওয়েল বসানোর কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া বাংলাদেশ পল্লী বিদ্যুৎএর মাধ্যমে ইতোমধ্যে বিদ্যুৎ লাইন স্থাপন করা হয়েছে। গ্রাহকের আবেদনের প্রেক্ষিতে বিদ্যুৎ সংযোগ যথাসময়ে প্রদান এবং পানির লাইন নিয়মিত রক্ষনাবেক্ষণের বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যত্নবান হবেন;

১৫.৬ সরকারি সিদ্ধান্ত মোতাবেক বর্তমানে গ্যাস লাইন সংযোগ বন্ধ আছে। সে প্রেক্ষিতে গ্রাহকগণকে এলপিজি গ্যাস ব্যবহারের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে মর্মে প্রকল্প পরিচালক জানিয়েছে। এত বৃহৎ সংখ্যক আবাসন

এলাকার জন্য এলপিজি গ্যাস ব্যবহারের বিষয়টি যথেষ্ট ঝামেলাপূর্ণ হবে বিধায় যথাসম্ভব দ্রুত পাইপের মাধ্যমে গ্যাস সংযোগের বিষয়টি প্রক্রিয়াকরণ করা যেতে পারে;

১৫.৭ অনুচ্ছেদ ১৫.১ হতে ১৫.৬ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ২১ দিনের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

নোয়াখালী জেলার মাইজদীতে মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন, ২০১৭)

১।	**প্রকল্পের নাম**	:	নোয়াখালী জেলার মাইজদীতে মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ।
২।	**উদ্যোগী মন্ত্রণালয়**	:	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৪।	**প্রকল্পের অবস্থান**	:	নোয়াখালী জেলার মাইজদী।

৫। **প্রকল্পের পটভূমি:**

বর্তমানে বাংলাদেশের পুরাতন জেলা শহরের মধ্যে জনসংখ্যার দিক থেকে রাজধানী ও বিভাগীয় শহরের পরেই নোয়াখালী শহর হওয়ায় এখানে বিভিন্ন সরকারী ও বেসরকারী দপ্তর, অধিদপ্তর, এবং সংস্থার অফিস সমূহ বিদ্যমান। শিল্প ও বাণিজ্যিক শহরের সীমিত জমিতে জনগণের আবাসন সমস্যার সমাধান করা খুবই কষ্টসাধ্য ব্যাপার। জেলাটি চরাঞ্চল, ছোট ছোট দ্বীপ ও উপকূলীয় অঞ্চল দ্বারা বেষ্টিত হওয়ায় উক্ত চর ও উপকূলীয় অঞ্চলের নাগরিকগণ বিদ্যমান নাগরিক সুবিধা ও চাকুরী পাওয়ার আশায় জেলার বিভিন্ন স্থান হতে প্রায় প্রতিদিনই বহু লোক নোয়াখালী জেলায় আশ্রয় নিচ্ছে। নোয়াখালী জেলার প্রচুর লোকজন ইউরোপ, আমেরিকাসহ বিভিন্ন দেশে প্রবাসি থাকায় নোয়াখালী জেলা শহরের জমির মূল্য ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে এমন পর্যায়ে পৌছেছে যা স্বল্প ও মধ্যম আয়ের লোকদের ক্রয় ক্ষমতার বাইরে চলে গেছে। এসব জনগোষ্ঠীর আবাসন সমস্যা নিরসন কল্পে, নোয়াখালীস্থ মাইজদী হাউজিং এস্টেটে জমি সদ্ব্যবহারের লক্ষ্যে ৯ (নয়) তলা ভবন নির্মাণের জন্য প্রকল্পটির ডিপিপি প্রণয়ন করা হয়েছে।

আলোচ্য উক্ত জায়গার উপর ৯(নয়) তলা বিশিষ্ট আবাসিক ভবন নির্মাণ করে গ্রাউন্ড ফ্লোরে কার পাকিং এর সুবিধা এবং অবশিষ্ট ফ্লোরে আবাসিক হিসেবে ব্যবহার করিলে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজস্ব আয়সহ জনগণের আবাসন সমস্যা কিঞ্চিৎ পরিমাণ হলেও সমাধান হবে, উক্ত জায়গাটি পরিত্যাক্ত অবস্থায় না রেখে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের আয়ের স্বার্থে পরিকল্পিত আবাসিক ভবন নির্মাণের মাধ্যমে উক্ত জায়গাটির সবোর্ত্তম ব্যবহার নিশ্চিত করা অতীব জরুরী। গ্রাউন্ড ফ্লোর ও প্রথম তলা থেকে নবম তলা পর্যন্ত প্রতিটি ফ্লোরে ০৪ টি ইউনিটের ০২ টি দালানে মোট ৬৪ টি ফ্ল্যাটের সংস্থান রাখা হয়েছে। গণপূর্ত অধিদপ্তরের প্রচলিত সিডিউল অব রেট /২০০৮ অনুযায়ী খসড়া প্রাক্কলনটি প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে, প্রাক্কলনটিতে কক্ষ সমূহের মেঝে ও সিড়িতে মোজাইক বাথরুমে টাইলস এবং উন্নত মানের বাথরুম ফিটিংস, উন্নত মানের বৈদ্যুতিক ফিটিংস, ট্রান্সফরমার, জেনারেটর, লিফট, জানালায় থাইএলুমিনিয়াম এবং দরজায় সেগুন কাঠের সাটার ও ফ্রেম ইত্যাদি স্থাপনের সংস্থান রাখা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে, স্বল্প জায়গায় পরিকল্পিত উপায়ে আবাসনের মাধ্যমে নোয়াখালী শহরের লোকদের নিকট বিক্রির জন্য “নোয়াখালী জেলার মাইজদীতে মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ” শীর্ষক প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে।

৬.২। প্রকল্পের উদ্দেশ্য নিম্নরূপ:

(ক) স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে আবাসনের ব্যবস্থা করা;

(খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ;

(গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক ফ্ল্যাট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৩৮.০৫	**২৫৩৯.০৭**	**২৪১৭.৭১**	মে, ২০১১ হতে ডিসেম্বর, ২০১৬	মে, ২০১১ হতে জুন, ২০১৭	মে, ২০১১ হতে জুন, ২০১৭	**৪৮০** (২৪.৭৫%)	**৬ মাস** (১০%)

৬.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১।	সাপ্লাই এন্ড সার্ভিস	থোক	৫.০০	-	৫.০০	-
০২।	রিপেয়ার এন্ড মেইন্টেনেন্স অব ইন্সপেকশ ভিকেলস এ্যান্ড পোল	থোক	৬.০০	-	১.৫০	-
০৩	ফাউন্ডেশন পাইল টেস্ট এ্যান্ড মেটারিয়ালস টেস্টিং	থোক	৫.০০	-	৫.০০	-
০৪	আরচিটেকচারাল ড্রইং, স্ট্রাকচারাল ডিজাইন, সেনেটারি, প্লাম্বিং এবং অন্যান্য	থোক	৫.০০	-	৫.০০	-
০৫	সার্ভে ও মাটি পরীক্ষা	থোক	২.০০	-	২.০০	-
০৬	অফিস সরঞ্জাম ও কম্পিউটার, ফ্যাক্স ইত্যাদি	থোক	২.০০	-	২.২৫	-
০৭।	যানবাহন: (ক) (মটর সাইকেল)	সংখ্যা	১.৫০	১	০.০০	-
০৮	খ) ডাবল কেবিন পিকআপ	সংখ্যা	২৫.০০	৩	০.০০	৩
০৯।	ভূমি	একর	৯৪.০১	০.৫০	১৭৮.৪৮	০.৫৯
১০	ভূমি উন্নয়ন	ঘ:মি:	০.৮৪	৫৫৩.৬৯	৬.৯২	৩১৮৪.৫৯
১১	কন্সট্রাকশন অব বিল্ডিং	ব:মি:	১৪৭১.৬২	৭৪১৩.৬৮	১৮৪৩.০০	৭৪১৪৩৪.০০
১২	কন্সট্রাকশন অব রোড	ব: মি:	২.০৬	৪০	৬.৬২	২২.৯৭
১৩	গার্ড রুম ও রিসেপশন রুম	ব: মি:	০.০০	-	৮.০০	১৫.৮০
১৪	এক্সটার্নাল পানি সরবরাহ					
১৫	(ক) ইউ জি ডব্লিউ রিসেভেয়র	গ্যালন	৭.২৫	১৪৫০০.০০	০.০০	১৪৫০০.০০
১৬	খ) ডিপ টিউবওয়েল ও পানি নিষ্কাশন লাইন	সংখ্যা	৩১.০০	১.০০	৪২.৩৪	১.০০
১৭	গ) আরসিসি পাইপ লাইন	রানিং মি:	০.৩৫	৫০.০০	০.০০	-

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৮	ইন্টার্নাল সুয়ারেজ সিস্টেম:					
১৯	১৫০ মি: মি: পিভিসি লাইন	রানিং মি:	০.৪৭	১০০.০০	০.০০	-
২০	কন্সট্রাকশন অব সেপটিক ট্যাংক	রানিং মি:	২.৮০	৩০.৪৮	৩৩.৮৩	১৪
২১	কন্সট্রাকশন অব সকওয়েল	সংখ্যা	২.১৫	৪	০.০০	৪.০০
২২	ইন্সপেকশন পিট	সংখ্যা	০.৯৫	২০	০.০০	২০
২৩	সার্ফেস ড্রেন	রানিং মি:	১.৬৬	১০০.০০	০.০০	-
২৪	ডিসমেনটিং কস্ট অব অল্ড বিল্ডিং	-	০.৫২	৩৫০.০	০.৫২	-
২৫	রিকোভারি অব মেটারিয়ালস কস্ট অব অল্ড বিল্ডিং	-	-৫.০০	-	-৫.০০	-
২৬	বাউন্ডারি ওয়াল উইথ বারবেড ফেনচ এন্ড এমএস গেট	রানিং মি:	১২.০১	১৬৭.৪০	৩২.৬২	২২৫.০০
২৭	এক্সটার্নাল গ্যাস লাইন চালু:					
২৮	ক) ২৫/৫০ মি: মি: ডায়া	থোক	৯.১৪	-	০.০০	-
২৯	গাছ রোপন	থোক	১.০০	-	০.০০	-
৩০	বহিঃ বিদ্যুতায়ন					
৩১	ক) ২৫০ কেভিএ সাব স্টেশন	সংখ্যা	৬২.০০	২	৭৮.০৮	২
৩২	খ) স্ট্রিট এবং কমপাউন্ড লাইট	থোক	৩.০০	-	০.০০	-
৩৩	গ) পাম্প মটর সেট	সংখ্যা	৮.০০	৪	১৪.৫৬	৪
৩৪	লিফট	সেট	১০৮.০০	৪	১০৭.১৫	৪
৩৫	বৈদ্যুতিক জেনেটর	সেট	৪৩.০০	২	৪৯.৫৫	২
৩৬	অগ্নি নির্বাপক	জব	১.২৫	৪০	০.০০	-
৩৭	টেলিফোন, ইন্টারকম, ডিস লাইন	থোক	১২.০০	-	২৩.১২	১
৩৮	১২ কে ডব্লিউ পি পেনেল সিস্টেম	জব	০.০০	-	৩.০০	১
৩৯	১১ কে ভি এ এক্সটেনশন লাইন	থোক	০.০০	-	৩.০০	১
৪০	ফিজিক্যাল কন্টিনজেন্সি	থোক	২.০০	-	০.০০	-

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
৪১	প্রাইস কন্টিনজেন্সি	থোক	১০.০০	-	০.০০	-
	সর্বমোট		**১৯৩৮.০৫**		**২৪১৭.৭১**	

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

ভূমি
ভূমি উন্নয়ন
কন্সট্রাকশন অব বিল্ডিং
কন্সট্রাকশন অব রোড
গার্ড রুম ও রিসেপশন রুম
ইন্টার্নাল সুয়ারেজ সিস্টেম:
১৫০ মি: মি: পিভিসি লাইন
কন্সট্রাকশন অব সেপটিক ট্যাংক
কন্সট্রাকশন অব সকওয়েল
সার্ফেস ড্রেন
ডিসমেনটিং কস্ট অব অল্ড বিল্ডিং
এক্সটার্নাল গ্যাস লাইন চালু:
বহিঃ বিদ্যুতায়ন
২৫০ কেভিএ সাব স্টেশন
লিফট
বৈদ্যুতিক জেনেটর
অগ্নি নির্বাপক, ইত্যাদি।

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৫৩৯.০৭ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৪১৭.৭১ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৫.২২%। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মোঃ তারেক মঈন ইসলাম তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	০১/০৬/২০০৮	১৫/০২/২০১০
মোঃ সোহরাব হোসেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	১৫/০৩/২০১০	২৪/০৪/২০১১
মোঃনাসিম হোসেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	২৪/০৪/২০১১	২৪/০৪/২০১২
মোঃরুহুল আমিন	-	খন্ডকালীন	২৪/০৪/২০১২	১৭/১১/২০১৩

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
পাটওয়ারী তত্ত্বাবধায়ক প্রকৌশলী				
মোঃ আবদুর রউফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	১৭/১১/২০১৩	০২/০৪/২০১৫
এ,এস,এম, জিয়াউদ্দিন হায়দার তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	০২/০৪/২০১৫	০৬/০৫/২০১৫
ফিরোজ আহম্মেদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	০৬/০৫/২০১৫	২০/০৮/২০১৫
মোঃনাসিম হোসেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	২০/০৯/২০১৫	২০/০৩/২০১৭
ওম, প্রকাশ নন্দী তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	২০/০৩/২০১৭	১৮/০৪/২০১৭
মোঃ সাঈদ রেজা তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	১৮/০৪/২০১৭	৩০/০৬/২০১৭

১০। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :**

বিগত ২৮/০২/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের কতিপয় বাস্তবায়ন চিত্র :











১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা; (খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ; (গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা; (ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করা।	(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট আংশিক দূরীভূত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে;	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হয়েছে মর্মে মনে হয়েছে।

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
	(ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করার প্রচেষ্ট গ্রহণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।	

১২। প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:

স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে আবাসনের ব্যবস্থা করা হয়েছে; আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণে প্রকল্পটি ভূমিকা পালন করেছে। ফলে স্থায়ীভাবে নিজস্ব আবাসিক ফ্ল্যাট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৩। প্রকল্পটির বাস্তবায়নের সুফল এর Sustainability:

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৪। <u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ।

১৫। পর্যবেক্ষণ:

১৫.১ <u>Time over run</u>: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০৬ মাস সময় বেশী (১০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

১৫.২ <u>Cost over run</u>: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৯৩৮.০৫ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ২৫৩৯.০৭ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৪১৭.৭১ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ৪৮০.০০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (২৪.৭৫%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৫.৩ <u>পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভার সংস্থান না থাকা</u> : প্রকল্প দলিলে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা আয়োজনের

সংস্থান থাকলেও নিয়মিতভাবে উক্ত সভাসমূহ আয়োজন করা হয়নি। ফলে প্রকল্পটি বাস্তবায়নে জবাবদিহিতার অভাব ছিল এবং কেন্দ্রীয় পর্যায়ে থেকে যথাযথ দিক নির্দেশনা পায়নি।

১৫৪. পিসিআর প্রেরণে বিলম্ব : প্রকল্পটি সমাপ্ত হয় জুন, ২০১৭ সালে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ০৩ মাসের মধ্যে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও বিলম্বে প্রেরণ করা হয়।

১৫.৫ অডিট প্রতিবেদন আইএমইডিতে না পাওয়া : প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালে জানা যায় যে, অত্র প্রকল্পের উপর একাধিক ইনটার্নাল অডিট সম্পন্ন হয়েছে যার প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৬। সুপারিশ/ মতামত :

১৬.১ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক প্রকল্পটির সময় ও ব্যয় বৃদ্ধির প্রকৃত কারণ অনুসন্ধান করে এ ব্যাপারে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। ভবিষ্যতে সমজাতীয় প্রকল্প প্রণয়নকালে এমনভাবে পরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয় ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়। (**অনু: ১৯.১ ও ১৯.২**);

১৬.৩ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক ভবন-০৪ ও ০৫ এর টেন্ডার প্রক্রিয়ায় ঠিকাদারকে নোটিফিকেশন অব এ্যাওয়ার্ড প্রদান ও চুক্তি সম্পাদনের বিলম্বের প্রকৃত কারণ নির্নয়পূর্বক এ বিষয়ে বাস্তবায়নকারী সংস্থার দায়-দায়িত্ব নির্ধারন করবে (অনু:১৯.৪);

১৬.৬ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে এবং ভবিষ্যতে গৃহীত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগ কর্তৃক ইতোমধ্যে জারিকৃত পরিপত্র অনুসরণ করা বাঞ্চনীয় হবে;

১৬.৬ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইসি ও ষ্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে;

১৬.৭ প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিতে পিসিআর প্রের ণের বিষয়টি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৬.৮ অডিট প্রতিবেদন আইএমইডিতে না পাওয়া : প্রাপ্ত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য প্রকল্পের উপর একাধিক ইনটার্নাল অডিট সম্পন্ন হয়েছে যার প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি। আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পের অডিট প্রতিবেদন আইএমইডিতে জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে;

১৬.৯ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৮ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আগামী ০১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

নোয়াখালী জেলার মাইজদীতে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : ডিসেম্বর' ২০১৬)

১। প্রকল্পের নাম : নোয়াখালী জেলার মাইজদীতে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন (২য় পর্যায়) প্রকল্প।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৪। প্রকল্পের অবস্থান : নোয়াখালী জেলা (সদর)।

৫। প্রকল্পের পটভূমি:

জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে জমির পরিমাণ বৃদ্ধি পাচ্ছেনা। বর্তমানে জমি যেমন দুষ্পাপ্য, তেমনি উহার আকাশ চুম্বী মূল্যের কারণে সীমিত আয়ের লোকদের পক্ষে একখন্ড জমি ক্রয় করা দুঃসাধ্য ব্যাপার । বর্তমানে জমির পরিমাণ যা আছে, আগামীতেও তাই থাকবে। নিম্ন ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসিক এলাকা গড়ে তোলার ব্যাপারে সরকারী সিদ্ধান্ত রয়েছে। কাজেই, অল্প জমিতে কিভাবে বেশী লোকের আবাসন গড়ে তোলা সম্ভব তা এখনই স্থির করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা অপরিহার্য। এ পরিপ্রেক্ষিতে, স্বল্প জায়গায় পরিকল্পিত উপায়ে আবাসনের মাধ্যমে নোয়াখালী শহরের সীমিত আয়ের লোকদের নিকট বিক্রির জন্য "নোয়াখালী জেলার মাইজদীতে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন (২য় পর্যায়)" শীর্ষক প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে ।

৬.২। প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা;

(খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ;

(গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা;

(ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করা।

৭। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১২৯৯.৯৭	**২৪৭১.৫২**	**২৪২৮.০০**	জুলাই, ২০০৪ হতে জুন, ২০০৬	জুলাই, ২০০৪ হতে ডিসেম্বর, ২০১৬	জুলাই, ২০০৪ হতে ডিসেম্বর, ২০১৬	**১১৭১.৫৫ (৯০.১২%)**	**১১২ মাস (১৬৬%)**

৬.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১	সাপ্লাই এন্ড সার্ভিস	থোক	১৫.৮৩	-	১৫.৮৩	-

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
০২	রিপেয়ার এন্ড মেইন্টেনেন্স অব ইন্সপেকশ ভিকেলস এ্যান্ড পোল	থোক	১.০০	-	১.০০	-
০৩	সার্ভে ও মাটি পরীক্ষা	থোক	১.২৫	-	১.০০	-
০৪	অফিস সরঞ্জাম ও কম্পিউটার, ফটোকপিয়ার ইত্যাদি	থোক	২.০০	-	২.০০	-
০৫	ভূমি	একর	১২৩৯.৯৯	২০.৭৩	১২৩৯.৯৯	-
০৬	ভূমি উন্নয়ন	ঘ:মি:	৩৯৭.৬০	১১৩৬০১.৬৮	৩৯৭.৫৯	১১৩৬০১.৬৮
০৭	যানবাহন:					
০৮	(ক) (মটর সাইকেল)	সংখ্যা	১.৬০	০১.	১.৩৭	০১.
০৯	কন্সট্রাকশন অব রোড	ব: মি:		১০৬৫৪.৯৬		১০৬৫৪.৯৬
১০	কন্সট্রাকশন অব আরসিসি বক্স কালভার্ট					
১১	৫ ফুট স্পান আরসিসি বক্স কালভার্ট	সংখ্যা	৫২১.৪০	০৭	৫২১.৪০	
১২	৩ ফুট স্পান আরসিসি বক্স কালভার্ট	সংখ্যা		২৪.০০		
১৩	কন্সট্রাকশন অব ড্রেন					
১৪	ক) ২-৬/৩-৬ ফুট পাকা ড্রেন	মি:		৯৭৮.৩৬		৯৭৮.৩৬
১৫	খ) ১-০/১-০ ফুট পাকা ড্রেন	মি:		৫০৩৫.০৫		৫০৩৫.০৫
১৬	কন্সট্রাকশন অব ৫ ফুট/ ৪ফুট পাকা ড্রেন	মি:	৯৬.৬৬	৯০৫.২১	৯৬.৬৬	৯০৫.২১
১৭	বহিঃ পানি সরবরাহ					
১৮	ক) ১৫০ মি: মি: পিভিসি প্রধান পানির লাইন	মি:	১০.১৯	৯৪৪.৮৩	১৫.৬০	১৪৪৬.৪৫
১৯	খ) ১০০ মি: মি: পিভিসি পানি সরবরাহের লাইন	মি:	১৮.৬০	২৫১৭.৫৩	১৮.৬০	২৫১৭.৫৩
২০	বহিঃ বিদ্যুতায়ন					
২১	২৫০ কেভিএ ট্রান্সফার	সংখ্যা	৯৭.০৫	০১	৯৭.০৫	০১
২২	১১ কেভি ওভারহেড লাইন	-	৫.০০	-	৫.০০	-
২৩	পিডিবি/আরইবি'র এইচ টি লোড সেকশন ডিমান্ড এবং কানেকশন চার্জ	জব	৫.৭০	০১	৫.৭০	০১
২৪	বৃক্ষ রোপন	সংখ্যা	২.৬৪	৩৫০	২.৬৪	৩৫০
২৫	বাউন্ডারী ডিমারকেশন পিলার	সংখ্যা	২.৫২	২৫	২.৫২	২৫
২৬	প্লট ডিমারকেশন পিলার	সংখ্যা	১.৫৫	৫৮০	১.৫৫	৫৮০

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
২৭	কন্সট্রাকশন অব ডাস্টবিন	সংখ্যা	২.৫০	০১	২.৫০	-
২৮	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	২৪.২২	-	০.০০	-
২৯	প্রাইস কন্টিনজেন্সি	-	২৪.২২	-	০.০০	-
	সর্বমোট		**২৪৭১.৫২**		**২৪২৮.০০**	

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

মটর সাইকেল
কন্সট্রাকশন অব রোড
কন্সট্রাকশন অব আরসিসি বক্স কালভার্ট
৫ ফুট স্পান আরসিসি বক্স কালভার্ট
৩ ফুট স্পান আরসিসি বক্স কালভার্ট
কন্সট্রাকশন অব ড্রেন
২-৬/৩-৬ ফুট পাকা ড্রেন
১-০/১-০ ফুট পাকা ড্রেন
কন্সট্রাকশন অব ৫ ফুট/ ৪ফুট পাকা ড্রেন
বহিঃ পানি সরবরাহ
১৫০ মি: মি: পিভিসি প্রধান পানির লাইন
১০০ মি: মি: পিভিসি পানি সরবরাহের লাইন
বহিঃ বিদ্যুতায়ন
২৫০ কেভিএ ট্রান্সফার
১১ কেভি ওভারহেড লাইন
পিডিবি/আরইবি'র এইচ টি লোড সেকশন ডিমান্ড এবং কানেকশন চার্জ
বৃক্ষ রোপন
বাউন্ডারী ডিমারকেশন পিলার ইত্যাদি

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৪৭১.৫২ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৪২৮.০০ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৮.২৪%। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মোঃ গোলাম মোস্তফা	-	খন্ডকালীন	১৫/০৭/২০০১	১৬/১১/২০০৫
আবু আহিয়া সরকার	-	খন্ডকালীন	১৬/১১/২০০৫	১৬/১১/২০০৭
আবদুর রশিদ	-	খন্ডকালীন	২৬/১১/২০০৭	১৫/০৬/২০০৮
ওম প্রকাশ নন্দী	-	খন্ডকালীন	১৬/০৬/২০০৮	২৬/০৫/২০১০
মোঃ খালেদ হোসেন	-	খন্ডকালীন	২৬/০৫/২০১০	১১/০৪/২০১২

এ,কিউ,এম শাহাজালাল মজুমদার	-	খন্ডকালীন	১১/০৪/২০১২	২০/০৪/২০১৫
মোঃ শামসুল আলম	-	খন্ডকালীন	২০/০৪/২০১৫	১৯/১২/২০১৬
মোঃ গিয়াসউদ্দিন চৌধুরী	-	খন্ডকালীন	১৯/১২/২০১৬	৩১/১২/২০১৬

১০। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ২৮/০২/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।













১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত
(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা; (খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ; (গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা; (ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করা।	(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট আংশিক দূরীভূত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করার প্রচেষ্ট গ্রহণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১২। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা এবং আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট আংশিক দূরীভূত হয়েছে। এছাড়া স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে। এর ফলে পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করার প্রচেষ্ট গ্রহণ করা হয়েছে।

১৩। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে ; এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ।

১৫। **পর্যবেক্ষণ:**

১৫.১ Time over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

১৫.২ Cost over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৫.৩ রক্ষণাবেক্ষণের অভাব: প্রকল্প এলাকায় বসতি গড়ে না ওঠায় প্লট সংলগ্ন ইটের তৈরি রাস্তাগুলো ব্যবহার হচ্ছে না। ফলে রাস্তাগুলোতে ঘাস জন্মে যাচ্ছে, যা পরবর্তীতে রাস্তাকে চলাচলের অনুপোযোগী করতে পারে। কিন্তু পর্যাপ্ত জনবলের অভাবে এ বৃহৎ প্রকল্প এলাকার সামগ্রিক রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের পক্ষে সম্ভবপর নয় মর্মে প্রতীয়মান হয়।

১৬। **সুপারিশ/ মতামত :**

১৬.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৬.২ নির্মিত ড্রেনে পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে আউটলেটগুলোর মুখে নেট/গ্রিল স্থাপন করার ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৬.৩ প্রকল্পের মনিটরিংয়ের স্বার্থে ভবিষ্যতে পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন করতে হবে;

১৬.৪ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে এবং ভবিষ্যতে গৃহীত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগ কর্তৃক ইতোমধ্যে জারিকৃত পরিপত্র অনুসরণ করা বাঞ্চনীয় হবে ;

১৬.৫ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৪ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোরদীর্ঘমেয়াদী প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন' ২০১৭)

১। **প্রকল্পের নাম** : "প্রিপারেশন অব ডেভেলপমেন্ট প্ল্যান ফর বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর"

২। **উদ্যোগী মন্ত্রণালয়** : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। **বাস্তবায়নকারী সংস্থা** : নগর উন্নয়ন অধিদপ্তর, ঢাকা

৪। **প্রকল্পের অবস্থান** : যশোর সদর, ঝিকরগাছা এবং সারসা উপজেলা, যশোর জেলা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়:

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৯.৭৭	২১৮.৫৪	২০৬.৬৮	জুলাই' ২০১৩ হতে নভেম্বর' ২০১৪	জুলাই' ২০১৩ হতে জুন' ২০১৭	জুলাই' ২০১৩ হতে জুন' ২০১৭	৬.৯১ (৩.৪৬%)	২ বছর ৭ মাস (১৮২%)

প্রকল্পের পটভূমি:

অবস্থানগত কারনে বাংলাদেশ দক্ষিণ-পূর্ব এশিয়ার যোগাযোগের আঞ্চলিক কেন্দ্রে পরিনত হবার বিশাল সম্ভাবনা রয়েছে। আঞ্চলিক সংযোগের সাথে সংশ্লিষ্ট সড়ক, রেল ও পানি পথের সাথে গ্রামীন ও নগর কেন্দ্রগুলোর সার্বিক উন্নয়নের সম্ভাবনাকে বাস্তবায়নের জন্য আশু পদক্ষেপ প্রয়োজন। বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর উন্নয়ন পরিকল্পনা যোগাযোগ ব্যবস্থার আধুনিকায়ন এবং একাধারে এশিয়ান হাইওয়ে ও রেলপথের সাথে সমন্বয়ের একটি পদক্ষেপ। পশ্চিম বাংলা উত্তর-পূর্ব ভারতের ট্রানজিট তথা দক্ষিণ পূর্ব এশিয়ান হাইওয়ে ও রেলপথের সাথে সমন্বয়ের একটি পদক্ষেপ। পশ্চিম বাংলা ও উত্তর পূর্ব ভারতের ট্রানজিট তথা দক্ষিণ পূর্ব এশিয়ায় অবস্থিত চিনের ইউনান প্রদেশ পর্যন্ত সংযোগ নির্ভর করছে বাংলাদেশকে সড়ক যোগাযোগের কেন্দ্র হিসেবে রুপান্তরকরণের উপর, যেখানে আঞ্চলিক সংযোগের আওতায় নেপাল ও ভূটানকে অর্ন্তভুক্ত করা সম্ভব।

জাতীয় ও আঞ্চলিক নীতি বিশ্লেষণ করে বেনাপোল-যশোর হাইওয়ে করিডোরে অবস্থিত গ্রোথ সেন্টার গুলোর প্রযোজ্য পরিসেবা পরিকল্পনা করা হয়েছে । এই পরিকল্পনাটি মুলতঃ ভুমি ব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ নীতি সমুহের স্থানিক রুপান্তরকরণ। যাতে, পরিবহণ, বন্যা দুর্যোগ প্রশমন, জনমিতি ও জনসংখ্যা বৃদ্ধি, গৃহায়ন ও সংশ্লিষ্ট পরিসেবা, ভুমি ব্যবহার, সুশাসন ও প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, অর্থনৈতিক উন্নয়ন, শিল্পায়ন, অত্যাবশ্যকীয় পরিসেবা, ভুমি ব্যবস্থাপনা কৌশল সংক্রান্ত নীতি সমুহ বিবেচনা করা হয়েছে।

স্থানীয় পর্যায়ে বিভিন্ন সেক্টর হতে কৌশল নির্ধারণ ও একত্রিকরণ করে কাঠামোগত পরিকল্পনা ও শহর এলাকা পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। এই কাঠামোগত পরিকল্পনায় প্রকল্পের লক্ষ্য অর্জনের জন্য আগামী ২০ বছরের উন্নয়নের দিক নির্দেশনা ও ব্যপ্তি নির্ধারণ করা হয়েছে। গতানুগতিক মাষ্টার প্লানের অপরিবর্তনীয় চরিত্রের তুলনায় কাঠামোগত পরিকল্পনার কৌশলগত নমনীয়তা এই দীর্ঘ মেয়াদী পরিকল্পনার সমাধান।

কাঠামোগত পরিকল্পনা ও শহর এলাকা পরিকল্পনায় খাতভিত্তিক কৌশল সমুহ বিশ্লেষণ ও নির্ণয় করা হয়েছে। কখনও জাতীয় ও স্থানীয় বেনিফিট পরস্পর সাংঘর্ষিক হয়। যদিও কেন্দ্রীয় সরকারের কাছে বেনাপোল স্থল বন্দর ব্যাপক আয়ের

উৎস, বেনাপোল শহরের জন্য এটি যানজটসহ অন্য সব সমস্যার কারণ। অন্যদিকে, জাতীয় ও আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থার অত্যন্ত গুরুত্বপূর্ণ মাধ্যম, ধীর গতির স্থানীয় যানবাহন যেখানে কাঙ্ক্ষিত গতির পথে অন্তরায় ।

০৬। **প্রকল্পের উদ্দেশ্য**: বেনাপোল স্থল বন্দর ও বেনাপোল পৌর এলাকা, শার্শা ও ঝিকরগাছা উপজেলা শহর, যশোর জেলা শহর এবং বেনাপোল-যশোর হাইওয়ে করিডোর সংলগ্ন এলাকা সমূহ অন্তভূক্ত করা হয়েছে। প্রকল্প এলাকার স্ট্রাকচার প্ল্যান, আরবান এরিয়া প্ল্যান এবং ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রনয়ণ করা হবে। বেনাপোল স্থল বন্দর ও বেনাপোল পৌর এলাকা, শার্শা ও ঝিকরগাছা উপজেলা শহর, যশোর জেলা শহর এবং তৎসংলগ্ন মহাসড়কের দু'পাশের গ্রামীণ বসতি, কৃষি জমি ও জলাশয় এই পরিকল্পনার আওতায় আনা হয়েছে। এ প্রকল্পের উদ্দেশ্য হল বর্ণিত এলাকার জন্যঃ

০১. জাতীয় নীতি সমূহের প্রয়োগিক রুপান্তরকরণ;

০২. খাত ভিত্তিক এর উন্নয়ন কৌশল নিরুপণ ও এগুলো সংযোগকরণ;

০৩. খাত ভিত্তিক উন্নয়ন কৌশল সমূহের স্থানিক কৌশল নিরুপণ; এবং

০৪. কাঠামোগত পরিকল্পনা, শহর এলাকার পরিকল্পনা, বিস্তারিত এলাকা পরিকল্পনা, সংরক্ষণ পরিকল্পনা ও উন্নয়ন নিয়ন্ত্রন পরিকল্পনা প্রনয়ণ।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :** সার্ভে এন্ড জিআইএস ডাটাবেজ, ব্যক্তি পরামর্শক, ম্যাপ এন্ড ডাটাবেজ, প্ল্যান বুক প্রিন্টিং, বই, সেমিনার, সম্মানি, পরিবহন ও জ্বালানী, টিএ ও ডিএ, জিআইএস স্থাপন, আসবাবপত্র ইত্যাদি ।

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :** প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২১৮.৫৪ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২০৬.৬৮৩ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৫%।

৮। প্রকল্পের অংগভিত্তিক অগ্রগতি:

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
১	সার্ভে এন্ড জিআইএস ডাটাবেজ	বর্গ.কি.মি.	৯২.৮৬	৩২৪	৯১.৬৫	৩২৪
২	ব্যক্তি পরামর্শক	জন-মাস	৩৩.৩০	৪৮	৩৩.২৮	৪৮
৩	ম্যাপ এন্ড ডাটাবেজ	থোক	২.৫০	--	১.৭৫	থোক
৪	প্ল্যান বুক প্রিন্টিং	সংখ্যা	১১.৪৫	৪০০ বই এবং ১০০১ মানচিত্র	১১.১১	৪০০ বই এবং ১০০১ মানচিত্র
৫	বই, সেমিনার, সম্মানি	থোক	৮.২৫	--	৬৬০	থোক
৬	পিআরএ	সংখ্যা	১৩.৫০	৪৫	১২.১৯	৪৫
৭	অফিস স্পেস ভাড়া	মাস	৬.৪৮	১৮	৬.৪৬	১৮
৮	পরিবহন ও জ্বালানী	মাস	১৩.২০	১২	৯.৭৪	১২

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
৯	কন্টিনজেন্সি	থোক	১২.৯৬	থোক	১২.০১	থোক
১০	টিএ ও ডিএ	থোক	১১.৫৬	থোক	১১.৪৭	থোক
১১	জিআইএস স্থাপন	সংখ্যা	৯.১৩	২৫	৭.০৯৮	২২
১২	আসবাবপত্র	সংখ্যা	৩.৩৫	৫৭	৩.৩২৫	৫৭
	সর্বমোট		২১৮.৫৪		২০৬.৬৮৩	

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
		হতে	পর্যন্ত
জনাব আবু হাসান মর্তুজা উপ-পরিচালক (রিসার্চ এন্ড কো-অর্ডিনেসন)	খন্ডকালীন	২০/০৮/২০১৩	০৩/০২/২০১৪
ডক্টর খুরশিদ জাবিন হোসেন তৌফিক উপ-পরিচালক (রিসার্চ এন্ড কো-অর্ডিনেসন)	খন্ডকালীন	০৩/০২/২০১৪	০১/০৪/২০১৪
মিসেস.ফারজানা সামিরউদ্দিন উপ-পরিচালক (ভৌত পরিকল্পনা)	খন্ডকালীন	০১/০৪/২০১৪	৩১/০১/২০১৭
জনাব মোকসেদ হাসেম সিনিয়র প্লানার (সিনিয়র প্ল্যানার)	খন্ডকালীন	৩১/০১/২০১৭	৩০/০৬/২০১৭

১০। প্রকল্প অফিস পরিদর্শন ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ২৬/০৪/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান কর্তৃক প্রকল্প অফিস পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের বাস্তবায়ন কতিপয় চিত্র:

















১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পিত	অর্জিত
০১. জাতীয় নীতি সমূহের প্রায়োগিক রুপান্তরকরণ; ০২. খাত ভিত্তিক এর উন্নয়ন কৌশল নিরুপণ ও এগুলো সংযোগকরণ; ০৩. খাত ভিত্তিক উন্নয়ন কৌশল সমূহের স্থানিক কৌশল নিরুপণ; এবং ০৪. কাঠামোগত পরিকল্পনা, শহর এলাকার পরিকল্পনা, বিস্তারিত এলাকা পরিকল্পনা, সংরক্ষণ পরিকল্পনা ও উন্নয়ন নিয়ন্ত্রন পরিকল্পনা প্রনয়ণ।	০১. জাতীয় নীতি সমূহের প্রায়োগিক রুপান্তর করা হয়েছে মর্মে পিসিআরএ উল্লেখ করা হয়েছে; ০২. খাত ভিত্তিক এর উন্নয়ন কৌশল নিরুপণ ও এগুলো সংযোগকরণ করা হয়েছে মর্মে পিসিআরএ উল্লেখ করা হয়েছে; ০৩. খাত ভিত্তিক উন্নয়ন কৌশল সমূহের স্থানিক কৌশল নিরুপণ করা হয়েছে মর্মে পিসিআরএ উল্লেখ করা হয়েছে; এবং ০৪. কাঠামোগত পরিকল্পনা, শহর এলাকার পরিকল্পনা, বিস্তারিত এলাকা পরিকল্পনা, সংরক্ষণ পরিকল্পনা ও উন্নয়ন নিয়ন্ত্রন পরিকল্পনা প্রনয়ণ করা হয়েছে মর্মে পিসিআরএ উল্লেখ করা হয়েছে; ।

এ প্রকল্পের আওতায় এশিয়ান হাইওয়ের বেনাপোল-যশোর অংশের চারটি নগরকেন্দ্র ও সংলগ্ন গ্রামীন জনপদ নিয়ে কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করা হচ্ছে যেখানে একাধারে ভূমি ব্যবহার, স্থানীয় ও আঞ্চলিক পরিবহন ও স্থানীয় জনগোষ্ঠীর কর্মকান্ড জীবনযাত্রার ক্ষেত্রে বিবেচনায় নেয়া হচ্ছে।

১২। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

প্রকল্পটির বাস্তবায়নে নিম্নোক্ত প্রভাবগুলো ফুটে উঠেছে।

- যশোর জেলার ঝিকরগাছা ও শারশা এলাকার উন্নয়নের জন্য উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে।
- সরকারী ও বে-সরকারী দপ্তরসমূহের আগামী ২০ (বিশ) বছরের জন্য বাস্তবায়নযোগ্য প্রকল্পের পরিকল্পনা প্রণয়ন সম্পন্ন হয়েছে।
- পরিকল্পনার আলোকে প্রকল্প বাস্তবায়নের কাজ শুরু হয়েছে।

<u>কাঠামোগত পরিকল্পনাঃ</u>

বেনাপোল থেকে যশোর পর্যন্ত ৪০ কিলোমিটার দীর্ঘ, ৩২৪ বর্গকিলোমিটার এলাকার শহর, গ্রামীণ জনপদ, কৃষিজমি ও জলাশয়ের ভূমি ব্যবহার পরিকল্পনা ও অবকাঠামো উন্নয়ন এই পরিকল্পনার অর্ন্তভূক্ত। এই পরিকল্পানার লক্ষ্য হলো পণ্য, সেবা ও জনসাধারনের দক্ষ যাতায়াত নিশ্চিত করে এমন যুগোপযোগী পরিবহন ব্যবস্থা প্রভাব করা, যাতায়াত ব্যবস্থার সাথে উপযোগী বৃহৎ ভূমি ব্যবহার প্রস্তাব করন, ভবিষ্যতের ভূমি ব্যবহার, সড়ক ব্যবস্থা ও যানবাহনে প্রবেশ পথের প্রভাব; সম্ভাব্য উন্নয়ন ও ক্ষতির সম্ভাবনা সমূহ কমিয়ে আনার প্রস্তাবনা এবং সরকারী ও বেসরকারী সংস্থা সমূহের ভবিষ্যত উন্নয়নের দিকনির্দেশনা প্রদান করা।

এই পরিকল্পনায় সমগ্র সমীক্ষা এলাকার ২০ বছর মেয়াদী স্ট্রাকচার প্ল্যান, যাতে উন্নয়নের কৌশলগত নির্দেশনামূলক; শহর এলকার জন্য ১০ বছর মেয়াদী ভূমি ব্যবহার ও উন্নয়ন নিয়ন্ত্রণ এবং ৫ বছর মেয়াদী Action area Plan অন্তর্ভূক্ত রয়েছে। ধারাবাহিক ভাবে Growth Centre এবং সড়ক সমূহের বিন্যাস, কর্মক্ষেত্রের ঘনত্ব, প্রস্তাবিত রাস্তা সমূহ, ২.৩৩ হতে ১০০ বছর পর্যন্ত আবর্তে হাইড্রোলজিক মডেল থেকে স্থান ভেদে বন্যার তীব্রতা নিরুপণ করে ২০ বছর মেয়াদী স্ট্রাকচার প্ল্যান তৈরী করা হয়েছে, যেখারে জলাশয়, সংরক্ষণ জোন, কৃষিজোন, গ্রামীণ বসতি, শহর এলাকা, রেষ্ট্রিকটেড জোন,। আঞ্চলিক অবকাঠামোর হিসেবে মহাসড়কে ট্রাক বিশ্রাম এলাকা, বাসযাত্রী বিশ্রাম এলাকা, কোল্ড স্টোরেজ, খাদ্য গুদাম প্রস্তাব করা হয়েছে।

যশোর শহরের ভূমি ব্যবহার পরিকল্পনার ক্ষেত্রে রক্ষণশীল নীতি অনুসরণ করতে হয়েছে। প্রায় চারশ বছরের পুরানো এই স্বল্প উচ্চতার ভবন বিস্তৃত শহরে নতুন সড়কের প্রস্তাব না দিয়ে বিদ্যমান সরু সড়ক সমূহ (সম্ভাব্য ক্ষেত্রে) চওড়া করার প্রস্তাব করা হয়েছে। পৌর পরিসেবা সমূহ স্বল্প স্থানে প্রদান করার জন্য নেইবারহুড সেন্টার প্রস্তাব করা হয়েছে। ভৈরব নদীর তীর বরাবর পায়ে হাটার পথ প্রস্তাব করা হয়েছে।

উপরন্তু, নদীর তীর সংরক্ষণের জন্য ৫০ মিটারের বাফার প্রস্তাব করা হয়েছে। শহরের দক্ষিন প্রান্তে নীচু স্থানে 'উন্মুক্ত স্থান' প্রস্তাব করা হয়েছে। এই শহরের পৌরসেবা প্রদানের সাথে সংশ্লিষ্ট হরিজন পল্লীতে স্বল্প আয়ের জনগোষ্ঠির জন্য আবাসন প্রস্তাব করা হয়েছে। একই সাথে, যশোর এয়ারপোর্টের রানওয়ে বিবেচনা করে ভবনের উচ্চতা বিষয়ে এই প্ল্যানে নির্দেশনা প্রদান করা হয়েছে।

ঝিকরগাছা শহর উন্নয়ন পরিকল্পনাঃ

বেনাপোল-যশোর জাতীয় মহাসড়ক ও কপোতাক্ষ নদের সংযোগ স্থলে গড়ে উঠেছে ঝিকরগাছা শহর। মহাসড়ক, রেললাইন, কপতাক্ষ নদ ও যশোর শহরের পানি নিষ্কাশনের জন্য খননকৃত কাটাখাল এই শহরকে ৮ টি খন্ডে ভাগ করেছে।

অন্যদিকে, ঝিকরগাছায় এই অঞ্চলের সবচেয়ে অধিক পরিমাণ বন্যামুক্ত উচু স্থান বিদ্যমান। সেজন্য, ঝিকরগাছা স্থানীয় পরিসেবা সমূহের সাথে আঞ্চলিক পরিসেবা সমূহ যেমনঃ বৃদ্ধাশ্রম, ক্রিড়া শিক্ষা প্রতিষ্ঠান, রিজিওনাল পার্ক ইত্যাদি প্রস্তাব করা হয়েছে।

বন্যামুক্ত স্থান বেশি থাকায় শহরের উত্তর ও দক্ষিণে শিল্পাঞ্চল প্রস্তাব করা হয়েছে। বেনাপোলের মত ঝিকরগাছাকে ও শহরের মধ্যে প্রবেশ্যতা বাড়ানোর জন্য উত্তর ও দক্ষিণ দিকে প্রশস্ত রাস্তা প্রস্তাব করা হয়েছে, যা থেকে স্থানীয় সংযোগ সড়কের নেটওয়ার্ক তৈরী করা হয়েছে। একইভাবে, গড় বাৎসরিক বন্যা প্ল্যাবিত এলাকায় সংরক্ষণ, কৃষি ও উন্মুক্ত এলাকা প্রস্তাব করা হয়েছে।

বেনাপোল শহর উন্নয়ন পরিকল্পনাঃ

পরিকল্পনার আওতায় বেনাপোল, ঝিকরগাছা ও যশোর; এই তিনটি পৌর সভার আর্বান এরিয়া প্ল্যান প্রনয়ণ করা হয়েছে। বেনাপোল শহরটি মহাসড়ক ও রেল সড়কের দ্বারা প্রধান দুটি অংশে বিভক্ত হয়েছে। সীমান্ত শহর হিসেবে এর মূখ্য কার্যক্রম হলো স্থলবন্দরের মাধ্যমে পণ্য আমদানী-রপ্তানী। ভারত ও বাংলাদেশের পন্য আমদানী হয় এই স্থলবন্দরের মাধ্যমে, যা হয় পর্যায়ক্রমে ভবিষ্যতে আরো বৃদ্ধি পাবে। বর্তমানে এই স্থলবন্দরকে ঘিরে যে পরিমাণ যানবাহনের যাতায়াত হয় তাতেও বেনাপোল শহরের জনজীবন অস্বস্তিকর পরিস্থিতির সম্মুখীন হচ্ছে। পারিপার্শ্বিক এলাকা নীচু হওয়া শহরের পরিধি বৃদ্ধির সুযোগ কম। অন্যদিকে, শহরে আর্থ-সামাজিক উন্নয়নের জন্য প্রয়োজনীয় অবকাঠামো সমূহ: পরিকল্পিত আবাসন, বাণিজ্যিক এলাকা, শিল্পাঞ্চল, উন্মুক্ত স্থান, রাস্তা, শিক্ষা প্রতিষ্টানে ব্যাপক প্রয়োজনীয়তা রয়েছে।

এ ক্ষেত্রে ভূমির উচ্চতা তথা বন্যা প্রবণতা বিবেচনা করে এই অবকাঠামো বা ভুমি ব্যবহারের প্রস্তাব করা হয়েছে। এই সাথে, নদী ও জলাশয়, তীরবর্তী এলাকা এবং প্রতিবছর গড় বন্যা প্লাবিত এলাকা সংরক্ষণের প্রস্তাব করা হয়েছে, শহরের জনসাধারণের কারিগরি তথা শিক্ষাগত দক্ষতা বৃদ্ধির জন্য কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র প্রস্তাব করা হয়েছে। অপরদিকে, সীমান্ত এলাকার নিরাপত্তার স্বার্থে আর্ন্তজাতিক সীমানা হতে ১৫০ গজ পর্যন্ত সকল নির্মাণকে সাধারনভাবে স্থগিত রাখার নির্দেশনা প্রদান করা হয়েছে। শতাব্দী প্রাচীন স্থানীয় ভাবে পরিচিত "চোরের রাস্তাকে" সীমান্ত পর্যন্ত সংযোগ করার প্রস্তাব দেয়া হয়েছে, যাতে বন্দরের কার্যক্রম শহরকে প্রভাবিত না করে। এর বিপরীত

শহরের উত্তর দিকে অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে প্রবেশ্যতা বৃদ্ধির জন্য দুই স্তরে ১০০ ফুট চওড়া সড়ক প্রস্তাব করা হয়েছ্ এ গুলো পর্যায়ক্রমে বাস্তবায়ন করা হলে এই শহরটি আঞ্চলিক তথা জাতীয় উন্নয়নে বিশেষ ভূমিকা রাখতে সক্ষম হবে।

১৩। **পর্যবেক্ষণ:**

১৩.১। ঝিকরগাছায় অপরিকল্পিত বাড়িঘর নির্মাণ করা হয়েছে যাতে Inter Road connectinity নাই। ফলে সাধারণ মানুষের যোগাযোগে যথেষ্ঠ সমস্যা হচ্ছে। পর্যাপ্ত রাস্তা না থাকায় ড্রেনেজ ব্যবস্থা বাস্তবায়ন করা যাচ্ছে না। এতে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে মানুষের দুর্ভোগ বাড়ছে। পরিবেশগত ভারসাম্যহীনতা দেখা যাচ্ছে।

১৩.২। নদীর উপরে ক্রসবাধ নির্মানপূর্বক স্বার্থন্বেসীমহল মাছ চাষ করে পানির প্রবাহ বাধাগ্রস্ত করছে। ফলে নদী মরে যাচ্ছে, ড্রেনেজ ক্যাপাসিটি কমে যাচ্ছে। স্থানীয়ভাবে জলাবদ্ধতা তৈরী হচ্ছে।

১৩.৩। **Monospecis Culvert** গড়ে ওঠার কারনে নদীর **Ecology** নষ্ট হচ্ছে। একইভাবে বাওরের ক্ষেত্রেও **Monospecies Fisheries** এর কারনে **Ecological Balance** নষ্ট হচ্ছে।

১৩.৪ **Time over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০২ বছর ০৭ মাস সময় বেশী (১৮২%) ব্যয় হয়েছে।

১৩.৫ **Cost over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৯৯.৭৭ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ২১৮.৫৪ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২০৬.৬৮ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ৯.৯১ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (৩.৪৬%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৩.৬ **নিজস্ব জনবল ও দক্ষতার ঘাটতি:** প্রকল্প অফিস হতে ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত জিআইএস সফটওয়্যার ও আনুষঙ্গিক ম্যাপ ইউনিয়ন পরিষদ তথ্য কেন্দ্রের উদ্যোক্তাদের নিকট হস্তান্তর করা হয়েছে। কিন্তু প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত প্ল্যানের আলোকে ভূমি ব্যবহার সংক্রান্ত অনুমোদন ও পর্যবেক্ষণের জন্য আঞ্চলিক পর্যায়ে নিজস্ব দক্ষ জনবলের ঘাটতি রয়েছে।

১৩.৭ **অডিট আপত্তি নিষ্পত্তি:** পরিদর্শনকালে প্রকল্প পরিচালক কর্তৃক অবহিত করা হয় যে, প্রকল্পের আওতায় যে সমস্ত অডিট আপত্তি ছিল তা ইতোমধ্যে নিষ্পন্ন করা হয়েছে। বর্তমানে প্রকল্পটির কোন অডিট আপত্তি নেই। তবে অডিট প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৪। **সুপারিশ/ মতামত :**

১৪.১। এ প্রকল্প এলাকা ঝিকরগাছায় অপরিকল্পিত বাড়িঘর নির্মাণ করা হয়েছে যাতে Inter Road connectinity নাই। ফলে
সাধারণ মানুষের যোগাযোগে যথেষ্ঠ সমস্যা হচ্ছে। পর্যাপ্ত রাস্তা না থাকায় ড্রেনেজ ব্যবস্থা বাস্তবায়ন করা যাচ্ছে
না। এতে জলাবদ্ধতা সৃষ্টি হচ্ছে মানুষের দুর্ভোগ বাড়ছে। পরিবেশগত ভারসাম্যহীনতা দেখা যাচ্ছে। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরবর্তী উদ্যোগ গ্রহণ করবে;

১৪.২। নদীর উপরে ক্রসবাধ নির্মানপূর্বক স্বার্থান্বেসীমহল মাছ চাষ করে পানির প্রবাহ বাধাগ্রস্ত করছে। ফলে নদী মরে যাচ্ছে, ড্রেনেজ ক্যাপাসিটি কমে যাচ্ছে। স্থানীয়ভাবে জলাবদ্ধতা তৈরী হচ্ছে। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরবর্তী উদ্যোগ গ্রহণ করবে;

১৪.৩। Monospecis Culvert গড়ে ওঠার কারনে নদীর Ecology নষ্ট হচ্ছে। একইভাবে বাওরের ক্ষেত্রেও Monospecies Fisheries এর কারনে Ecological Balance নষ্ট হচ্ছে। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরবর্তী উদ্যোগ গ্রহণ করবে;

১৪.৪ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৪.৫ প্রকল্প এলাকায় প্রকল্পের আওতায় প্রস্তুতকৃত স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান অনুযায়ী ভূমি ব্যবহার ও উন্নয়ন প্রকল্প গ্রহণ হচ্ছে কিনা তা নিশ্চিত ও মনিটরিংয়ের জন্য সুনির্দিষ্ট প্রাতিষ্ঠানিক কাঠামো থাকা প্রয়োজন। এ বিষয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় পরবর্তী উদ্যোগ গ্রহণ করবে;

১৪.৬ উপজেলা, পৌরসভা ও ইউনিয়ন পর্যায়ে ভূমি ব্যবহার সংক্রান্ত পরিকল্পনা বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে নিজস্ব দক্ষ জনবল প্রয়োজন। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় এ বিষয়ে নীতি নির্ধারণী পর্যায়ে যথাযথ উদ্যোগ গ্রহণ করে আইএমইডিকে অবহিত করবে;

১৪.৭ ভবিষ্যতে দেশের সকল পৌরসভা ও উপজেলার ডিটেল স্ট্রাকচার প্ল্যান ও এ্যাকশন এরিয়া প্ল্যান প্রস্তুত করার বিষয়ে উদ্যোগী মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে পারে;

১৪.৮ প্রস্তুতকৃত প্ল্যান অনুযায়ী ভবিষ্যতে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হচ্ছে কিনা সে বিষয়টি পরিকল্পনা কমিশন ও বাস্তবায়নকারী সংস্থা যৌথভাবে তদারকি করবে; এবং

১৪.৯ অনুচ্ছেদ ১৪.১ হতে ১৪.৮ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ২১ (একুশ) দিনের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করবে।

রাজশাহী জেলার ছোট বনগ্রামে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: ডিসেম্বর' ২০১৬)

১। প্রকল্পের নাম : রাজশাহী জেলার ছোট বনগ্রামে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প।

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।

৪। প্রকল্পের অবস্থান : রাজশাহী জেলা।

৫.১। প্রকল্পের পটভূমি:

বর্তমানে জমি যেমন দুষ্পাপ্য, তেমনি উহার আকাশ চুম্বী মূল্যের কারণে সীমিত আয়ের লোকদের পক্ষে একখন্ড জমি ক্রয় করা দুঃসাধ্য ব্যাপার এবং এ অবস্থার ক্রমেই অবনতি হচ্ছে। জনসংখ্যা বৃদ্ধির সাথে সাথে জমির পরিমাণ বৃদ্ধি পাচ্ছেনা। বর্তমানে জমির পরিমাণ যা আছে, আগামীতেও তাই থাকবে। কাজেই, অল্প জমিতে কিভাবে বেশী লোকের আবাসন সম্ভব তা এখনই স্থির করে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা অপরিহার্য। এ পরিপ্রেক্ষিতে, স্বল্প জায়গায় পরিকল্পিত উপায়ে আবাসনের মাধ্যমে রাজশাহী শহরের ছোট বনগ্রাম এলাকায় সীমিত আয়ের লোকদের নিকট বিক্রির জন্য "রাজশাহী জেলার ছোট বনগ্রামে সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প" শীর্ষক প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে।

৫.২। প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা;

(খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ;

(গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা;

(ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করা।

৬। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	হ্রাসকৃত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৭৭৯.৩০	**১০৮৫.৪০**	**৯০৫.২৮**	আগষ্ট, ২০১২ হতে জুন, ২০১৪	আগষ্ট, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	আগষ্ট, ২০১২ হতে ডিসেম্বর, ২০১৬	**৬৯৩.৯ (৫০.৮৮%)**	**৩০ মাস (১২৫%)**

৭.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
০১।	ল্যান্ড কস্ট	থোক	৬৭০.১৬	৫.৫৪	৬৭০.১৬	৫.৫৪
০২।	ল্যান্ড ডেভেলপমেন্ট	থোক	৮৫.৭৪	৩৪২০৪.৫৬	৭৭.০৪	৩০২৯২.৯৬
০৩।	রোড এন্ড রোড ডেভিডার	থোক	৬৫.৩২	৩০৩১.৪০	৪১.৬৫	২৯৩৭.০৩
০৪।	কন্সট্রাকশন অব ড্রেন	থোক	১৪.৮৭	১২৭৪.৯২	১৯.২৬	১৩৭৫.৩৪
০৫।	কন্সট্রাকশন অব প্রোজেক্ট ফাউন্ডেশন	থোক	২.০০		২.৫০	
০৬।	লেক কন্সট্রাকশন এ্যান্ড রিলেটিং ওয়াল ফর লেক প্রটেকশন	থোক	১২.৯৯		১২.৯৭	১৩৪.৪১
০৭।	কন্সট্রাকশন অব কালভার্ট	থোক	৬১.০০		৮.২৯	
০৮।	কন্সট্রাকশন অব শোপ	ব:মি:	২৮.০৯	১০	-	নিল
০৯।	এক্সটার্নাল ওয়াটার ডিসট্রিবিউশন ওয়ার্কস	একর	৮.৬২	৯৭৩.৪৮	১১.০৯	১২৮৭.১১
১০।	প্লট ডিমিকেশন পিলার	ঘ:মি:	২.০০	১৫০	-	-
১১।	ইলেকট্রিশন (ওভার হেড লাইন, ট্রান্সফরমার)	ব:মি:	৫৮.৪২		৫০.০০	
১২।	কালেকশন চার্জ অব ইনভাইরোনমেন্টাল ক্লিয়ারেন্স		১.০০		০.৪০	থোক
১৩।	সাপলাই এ্যান্ড সার্ভিস	ব:মি:	১৫.০০		৫.৪৩২	থোক
১৪।	ট্রি প্ল্যান্টিশন		১.০০		০.৫৫	১৬৫
১৫।	ইন্সপেকশন ভিকলস	রানিং মি:	৪.০০	২	৩.৮৫৫	২ নোস
১৬।	মেইনটেনস এ্যান্ড পোল	রানিং মি:	৩.৫০		২.৩৮০	থোক
১৭।	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	২০.৬৭		-	

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৮।	প্রাইস কন্টিনজেন্সি	-	৩১.০২		-	
	সর্বোমোট		**১০৮৫.৪০**		**৯০৫.৫৫**	

০৮। **প্রকল্পের মূল কার্যক্রম :**

ল্যান্ড কস্ট
ল্যান্ড ডেভেলপমেন্ট

রোড এন্ড রোড ডেভিডার

কন্সট্রাকশন অব ড্রেন

কন্সট্রাকশন অব প্রোজেক্ট ফাউন্ডেশন

লেক কন্সট্রাকশন এ্যান্ড রিলেটিং ওয়াল ফর লেক প্রটেকশন

কন্সট্রাকশন অব কালভার্ট

কন্সট্রাকশন অব শোপ

এক্সটার্নাল ওয়াটার ডিসট্রিবিউশন ওয়ার্কস

প্লট ডিমিকেশন পিলার

ইলেকট্রিশন (ওভার হেড লাইন, ট্রান্সফরমার)

কালেকশন চার্জ অব ইনভাইরোনমেন্টাল ক্লিয়ারেন্স

সাপলাই এ্যান্ড সার্ভিস

বৃক্ষ রোপন

০৯। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১০৮৫.৪০ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ৯০৫.২৮ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৮৩.৪০%। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

১০। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
পরিমল কুমার কুরি নির্বাহী প্রকৌশলী	-	খন্ডকালীন	২১/০১/২০১৫	৩১/১২/২০১৬

১১। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :**

বিগত ৩০/০৩/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

<u>প্রকল্পের কতিপয় বাস্তবায়ন চিত্র :</u>









১২। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত
(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা;	(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে;
(খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ;	(খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট আংশিক দূরীভূত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে;
(গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা;	(গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে;
(ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করা।	(ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করার প্রচেষ্ট গ্রহণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।

১৩। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা এবং আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট আংশিক দূরীভূত হয়েছে। এছাড়া স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে। এর ফলে পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করার প্রচেষ্ট গ্রহণ করা হয়েছে।

১৪। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৫। সাধারণ পর্যবেক্ষণঃ

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে।

১৬। **পর্যবেক্ষণ:**

১৬.১ Time over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০২ বছর ০৬ মাস সময় বেশী (১২৫%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

১৬.২ রক্ষণাবেক্ষণের অভাব: প্রকল্প এলাকায় বসতি গড়ে না ওঠায় প্লট সংলগ্ন ইটের তৈরি রাস্তাগুলো ব্যবহার হচ্ছে না। ফলে রাস্তাগুলোতে ঘাস জন্মে যাচ্ছে, যা পরবর্তীতে রাস্তাকে চলাচলের অনুপোযোগী করতে পারে। কিন্তু পর্যাপ্ত জনবলের অভাবে এ বৃহৎ প্রকল্প এলাকার সামগ্রিক রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের পক্ষে সম্ভবপর নয় মর্মে প্রতীয়মান হয়। এক্ষেত্রে বিদ্যমান জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের আইন অনুসারে নির্মিত অবকাঠামোসমূহ (রাস্তা, ড্রেন ইত্যাদি) দ্রুত রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা প্রয়োজন।

১৬.৩ অডিট সম্পন্ন না হওয়া: প্রকল্পের পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন মেয়াদে ইন্টারনাল অডিট ও এক্সটারনাল অডিট সম্পাদিত হওয়ার কথা থাকলেও তা সম্পন্ন হয়নি।

১৬.৪ পিআইসি ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা না হওয়া: প্রকল্প দলিলে প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও ষ্ট্রিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলেও নিয়মিতভাবে উক্ত সভাসমূহ আয়োজন করা হয়নি। ফলে প্রকল্পটি বাস্তবায়নে জবাবদিহিতার অভাব ছিল এবং কেন্দ্রীয় পর্যায়ে থেকে যথাযথ দিক নির্দেশনা পায়নি।

১৬৫. পিসিআর প্রেরণে বিলম্ব : প্রকল্পটি সমাপ্ত হয় ডিসেম্বর, ২০১৬ সালে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর) ০৩ মাসের মধ্যে আইএমইডিতে প্রেরণের বাধ্যবাধকতা থাকলেও বিলম্বে (১০ মাস পর) প্রেরণ করা হয়।

১৭। সুপারিশ/ মতামত :

১৭.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ভবিষ্যতে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৭.২ নির্মিত ড্রেনে পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে আউটলেটগুলোর মুখে নেট/গ্রিল স্থাপন করার ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;

১৭.৩ বিধি মোতাবেক প্রকল্পের আওতায় নির্মিত রাস্তা, ড্রেনসহ যাবতীয় ভৌত অবকাঠামো অতি দ্রুত বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক রাজশাহী সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করা যেতে পারে;

১৭.৪ প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন ও মনিটরিংয়ের স্বার্থে ডিপিপি'র সংস্থান অনুযায়ী পিআইসি ও ষ্টিয়ারিং কমিটির সভা আয়োজনে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে উদ্যোগী ভূমিকা পালন করতে হবে;

১৭.৫ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে এ প্রকল্প সংশ্লিষ্ট সকল অডিট দ্রুত নিষ্পত্তিকরত: আইএমইডি'কে অবহিত করতে হবে;

১৭.৬ প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিতে পিসিআর প্রেরণের বিষয়টি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৭.৭ অনুচ্ছেদ ১৭.১ হতে **১৭.৬** পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক আগামী ০১ মাসের মধ্যে আবশ্যিকভাবে আইএমইডিকে অবহিত করতে হবে।

চট্রগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্রগ্রামকাপ্তাই মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়নশীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত :জুন' ২০১৭)

১।	**প্রকল্পের নাম**	:	চট্রগ্রাম জেলার রাউজান উপজেলায় চট্রগ্রাম-কাপ্তাই মহাসড়কের পার্শ্বে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন প্রকল্প।
২।	**উদ্যোগী মন্ত্রণালয়**	:	গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।
৩।	**বাস্তবায়নকারী সংস্থা**	:	জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ।
৪।	**প্রকল্পের অবস্থান**	:	রাউজান উপজেলা, চট্রগ্রাম।

প্রকল্পের পটভূমি:

চট্রগ্রাম শহর থেকে প্রায় ৩০ কিলোমিটার দূরে চট্রগ্রাম কাপ্তাই আঞ্চলিক মহাসড়কের পার্শ্বে রাউজান উপজেলা সদর দপ্তর। রাউজান পৌরসভার অভ্যন্তরে চট্রগ্রাম-কাপ্তাই মহাসড়কের পার্শ্বে চুয়েট সংলগ্ন ২০ একর জমির উপর প্রকল্পটি বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প (ক) ১ ম পর্যায় পিংক সিটি রাউজান (রাঙামাটি সড়ক) এবং (খ) ২ য় পর্যায় পিংক সিটি রাউজান (কাপ্তাই সড়ক) হিসেবে ভিন্ন ভিন্ন পর্যায়ে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

প্রস্তাবিত হাউজিং এস্টেট তথা উপ-শহর দুটিতে একটি মসজিদ, কমিউনিটি সেন্টার, কবরস্থান, স্কুল, খেলার মাঠ, মেডিকেল সেন্টার ইত্যাদির সংস্থান রাখা হয়েছে। এছাড়া নিরবিচ্ছিন্ন পানি সরবরাহের জন্য 6" Deep Tube Well, Pump house, stand by generator, sub-station এর ও ব্যবস্থা রাখা হয়েছে। আরো ব্যবস্থা হিসেবে এ প্রকল্পের চারিদিকে 6-6" উচ্চতায় সীমানা প্রাচীরসহ সুদৃশ্য গেইট থাকবে। প্রতিটি প্লটের স্থায়ী সীমানা প্রাচীর থাকবে ২০' প্রশস্ত এবং ২৫' প্রশস্ত রাস্তার ব্যবস্থাও রাখা হয়েছে যার উভয় পার্শ্বে সবুজ বেষ্টনী থাকবে। ৩.০০ কাঠার আবাসিক প্লট, ৫০ টি বাণিজ্যিক প্লট প্রতিটি হাউজিং এস্টেটের জন্য ৩৫% জায়গা খালি রাখা আছে। উপরিউক্ত সুব্যবস্থাধীনে দুইটি পরিকল্পিত উপশহর গড়ে উঠবে। প্রতিটি Standing Committee সভাপতিদের সংসদীয় এলাকায় নিম্ন ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসিক এলাকা গড়ে তোলার ব্যাপারে সরকারী সিদ্ধান্ত রয়েছে। তারই ধারাবাহিকতায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির সম্মানীত সভাপতির পক্ষ থেকে চট্রগ্রাম জেলার রাউজান উপজেলায় মধ্যম আয়ের লোকদের নিকট বিক্রয়ের জন্য রাউজান পিংক সিটি আলোচ্য প্রকল্পটি গৃহীত ও বাস্তবায়িত হয়েছে।

৬.২। প্রকল্পের উদ্দেশ্যসমূহ নিম্নরূপ:

(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা;
(খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ;
(গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা;
(ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
২৩৬৩.৭৮	**২৭০১.২৮**	**২৬৮৯.২৮**	জানুয়ারী, ২০১০ হতে জুন, ২০১২	জানুয়ারী, ২০১০ হতে জুন, ২০১৭	জানুয়ারী, ২০১০ হতে জুন, ২০১৭	**৩২৫.৫০** (১৪%)	**৬০ মাস** (২০০%)

৬.০। প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন (প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (পিসিআর)-এর ভিত্তিতে):

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৭)	(৮)
০১।	কন্টেনজেন্সি	থোক	০.৫০	-	৬.০০	-
০২।	মেইন্টেনেন্স অব ইন্সপেকশন ভিকেলস এ্যান্ড পোল	থোক	০.৫০	-	৪.৫০	-
০৩।	সার্ভে ও মাটি পরীক্ষা	থোক	১.৫০	-	৪.০০	-
০৪।	কষ্ট ফর কালেক্টিং ইনভায়রোনমেন্টারল ক্লিয়ারেন্স	থোক	১.০০	-	২.০০	-
০৫।	সন্মানী (টিওসি, টিইসি)	থোক	০.৭২	-	১.৫০	-
০৬।	অফিস সরঞ্জাম ও কম্পিউটার ইত্যাদি	থোক	০.৫০	-	০.৫০	-
০৭।	যানবাহন: (ক) (মটর সাইকেল)	সংখ্যা	১.৫০	১	১৬.৬৪	১
	খ) কার	সংখ্যা	১৬.০০	১	১৬.৬৪	১
০৮।	ভূমি	একর	১৫২১.০১	১৯.৯৬	৯০০.৬৬	১৯.৯৫
৯।	ভূমি উন্নয়ন	ঘ:মি:	১১৭.১৭	৯৮৪৮০.২৬	১০৯৪.৬৭	২৪৯৪১৩.২২
১০।	কন্সট্রাকশন অব ইন্টারনাল রোড	ব:মি:	১২৭.৬০	১০০০৫.৫৭	২৩৫.০০	২২০৫.৮২
১১।	ড্রেন নির্মাণ					
১২।	ক) সার্ফেস ড্রেন (৬০০মি:/৬০০ মি:)	রানিং মি:	৭.১৪	৪২৯.৭৪	৬৭.৮৯	৪৫৪৮.৭৯
১৩।	খ)সার্ফেস ড্রেন (৩০০ মি:/৩০০ মি:)	রানিং মি:	২৬.৪২	৩২৩০.৭২		
১৪।	কালভার্ট নির্মাণ					
১৫।	বক্স কালভার্ট (৫ ফুট আরসিসি)	রানিং মি:	১৩.৯১	৪৫.৭২		

ক্রমিক নং	অঙ্গের নাম	একক	লক্ষমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব	আর্থিক	বাস্তব
১৬।	স্পান কালভার্ট (৩ ফুট)	রানিং মি:	২.৮০	৩০.৪৮	৩৩.৮৩	১৪
১৭।	বহিঃ পানি সরবরাহ সিস্টেম					
১৮।	ক) ডিপ টিউবওয়েল	সংখ্যা	১৩.২০	১	১১.৫৫	১
১৯।	খ) ১১৪ মি.মি পিভিসি প্রধান পানি সরবরাহ লাইন	রানিং মি:	৩.১১	৪২৯.৭৪	১৫.১৫	২১৭২.৫২
২০।	গ)৭৫ মি.মি পিভিসি ডিস্পোজাল পানির লাইন	রানিং মি:	৬.৯৬	১৬১৫.৩৬		
২১।	ঘ) ওয়েস্ট ডিস্পোজাল পিট	সংখ্যা	২.৯০	২০	০.০০	-
২২।	বহিঃ বিদ্যুতায়ন					
২৩।	ক) সাব স্টেশন বিল্ডিং	সংখ্যা	৪.৫২	১	০.০০	-
২৪।	খ) সাব স্টেশন ইকুইপমেন্ট	সংখ্যা	৭৫.০০	১	০.০০	-
২৫।	গ) লাইটিং	থোক	৩০.০০	-	০.০০	-
২৬।	ঘ) পাম্প মটর সেট (৪১ এইচপি)	সেট	৮.০০	১	১১.৩৫	১
২৭।	আরসিসি বাউন্ডারী নির্মাণ	রানিং মি:	৩৫৯.৮৩	১০১৭৯.৫৫	২৪৬.১২	১২১২.২২
২৮।	প্রধান প্রবেশ গেট এবং ফেন্সি গ্রীল	জব	১.৫০	১	৩৩.০৪	-
২৯।	গাছ রোপন	সংখ্যা	১.০০	থোক	৪.৮৮	১০০০
৩০।	ক্রিয়েটিং টার্ফ	থোক	০.৫০	-	০.০০	-
৩১।	ফিজিক্যাল কন্টিনজেন্সি	-	০.০০	-	০.০০	-
৩২।	প্রাইস কন্টিনজেন্সি	-	১৮.৯৮	-	০.০০	-
	সর্বোমোট		**২৩৬৩.৭৮**		**২৬৮৯.২৮**	

০৭। **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম :**

- ভূমি অধিগ্রহণ (১৫২১.০১ একর);
- ভূমি উন্নয়ন (১১৭.১৭ ঘ:মি:);
- ক) সার্ফেস ড্রেন (৬০০মি:/৬০০ মি:);

- খ)সার্ফেস ড্রেন (৩০০ মি:/৩০০ মি:);
- ক) ডিপ টিউবওয়েল;
- আরসিসি বাউন্ডারী নির্মাণ; এবং
- প্রধান প্রবেশ গেট এবং ফেন্সি গ্রীল

০৮। প্রকল্পের সার্বিক অগ্রগতি :

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৭০১.২৮ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৬৮৯.২৮ লক্ষ টাকা যা অনুমোদিত প্রাক্কলিত ব্যয়ের ৯৯.৫৬%। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি। তবে পিসিআর এ অঙ্গভিত্তিক বাস্তব অগ্রগতি পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, প্রকল্পের আওতায় সমুদয় কাজ সম্পন্ন হয়েছে।

০৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

নাম ও পদবি	পূর্ণকালীন	খন্ডকালীন	দায়িত্বকাল	
			হতে	পর্যন্ত
মোঃ তারেক মঈন ইসলাম তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	০১/০৬/২০০৮	১৫/০২/২০১০
মোঃ সোহরাব হোসেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	১৫/০৩/২০১০	২৪/০৪/২০১১
মোঃনাসিম হোসেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	২৪/০৪/২০১১	২৪/০৪/২০১২
মোঃরুহুল আমিন পাটওয়ারী তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	২৪/০৪/২০১২	১৭/১১/২০১৩
মোঃ আবদুর রউফ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	১৭/১১/২০১৩	০২/০৪/২০১৫
এ,এস,এম, জিয়াউদ্দিন হায়দার তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	০২/০৪/২০১৫	০৬/০৫/২০১৫
ফিরোজ আহম্মেদ তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	০৬/০৫/২০১৫	২০/০৮/২০১৫
মোঃনাসিম হোসেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	২০/০৯/২০১৫	২০/০৩/২০১৭
ওম, প্রকাশ নন্দী তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	২০/০৩/২০১৭	১৮/০৪/২০১৭
মোঃ সাঈদ রেজা তত্ত্বাবধায়ক প্রকৌশলী	-	খন্ডকালীন	১৮/০৪/২০১৭	৩০/০৬/২০১৭

১০। প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :

বিগত ২৩/০২/২০১৮ তারিখে আইএমইডি'র উপ-পরিচালক, জনাব মশিউর রহমান, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের কতিপয় বাস্তবায়ন চিত্র :








১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা; (খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট দূরীকরণ; (গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা; (ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করা।	(ক) তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (খ) আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট আংশিক দূরীভূত হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (গ) স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে; (ঘ) পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করার প্রচেষ্ট গ্রহণ করা হয়েছে মর্মে পিসিআর এ উল্লেখ করা হয়েছে।	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।

১২। **প্রকল্পটির বাস্তবায়নোত্তর প্রভাব:**

তীব্র আবাসন সংকট প্রশমনের লক্ষ্যে স্বল্প জমিতে পরিকল্পিত উপায়ে আবাসনের ব্যবস্থা করা এবং আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত পরিকল্পিত প্রবৃদ্ধি উন্নয়নে শহরের তীব্র আবাসন সংকট আংশিক দূরীভূত হয়েছে । এছাড়া স্থায়ীভাবে নিজস্ব আবাসিক প্লট ক্রয়ে আগ্রহী ব্যক্তিবর্গের মধ্যে মাঠ পর্যায়ে সুযোগ সৃষ্টি করা হয়েছে। এর ফলে পরিবেশগত সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পরিকল্পিত উপায়ে বাণিজ্যিক স্থান তৈরি করার প্রচেষ্ট গ্রহণ করা হয়েছে ।

১৩। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

<u>সাধারণ পর্যবেক্ষণঃ</u>

- অধিকাংশ ক্রয় ওটিএম প্রক্রিয়ায় সম্পন্ন হয়েছে ;
- একাধিক দরদাতা প্রতিষ্ঠান টেন্ডার প্রক্রিয়ায় অংশগ্রহণ করেছে ;
- কার্যসম্পাদনে অতিরিক্ত সময় ব্যয় করা হয়েছে ; এবং
- ঠিকাদারের বিল পরিশোধ করা হয়েছে ।

১৫। **পর্যবেক্ষণ:**

১৫.১ <u>Time over run</u>: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ০৫ বছর সময় বেশী ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

১৫.২ Cost over run: প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২৩৬৩.৭৮ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ২৭০১.২৮ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২৬৮৯.২৮ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ১২.০০ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (১৩.৭৭%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৫.২ অডিট প্রতিবেদন আইএমইডিতে না পাওয়া : প্রাপ্ত পিসিআর ও পরিদর্শনকালে জানা যায় যে, অত্র প্রকল্পের উপর একাধিক ইনটার্নাল অডিট সম্পন্ন হয়েছে যার প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি।

১৫.৩ পিসিআর প্রণয়নে দুর্বলতা : মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত পিসিআর পর্যালোচনায় নিম্নবর্ণিত ত্রুটি পরিলক্ষিত হয়ঃ

- প্রকল্পের অংগভিত্তিক আর্থিক অগ্রগতি উল্লেখ থাকলেও বাস্তব অগ্রগতির সর্বমোট পরিমাণ যথাযথভাবে প্রদান করা হয়নি।
- প্রকল্পের আওতায় আরএডিপি বরাদ্দ সংক্রান্ত তথ্য প্রদান করা হয়নি।
- এক্সটারনাল অডিট সংক্রান্ত কলামে কোন তথ্য প্রদান করা হয়নি।

১৫.৪ পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা নিয়মিত আয়োজন না করা : প্রকল্প দলিল অনুসারে প্রকল্প বাস্তবায়নকালে প্রতিমাসে অন্তত ১ বার বাস্তবায়ন কমিটি (পিআইসি)সভা ও প্রয়োজন অনুসারে স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান থাকলেও নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়নি।

১৫.৫ প্রকল্প বাস্তবায়নকালে প্রকল্প পরিচালককে নিয়মিতভাবে প্রকল্পের আওতায় সম্পাদিত সকল কাজ তদারকি করতে হবে এবং এক্ষেত্রে প্রকল্প সংশ্লিষ্টদের জবাবদিহিতা বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক নিশ্চিত করতে হবে;

১৬। সুপারিশ/ মতামত :

১৬.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায়;

১৬.২ প্রাপ্ত পিসিআর পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য প্রকল্পের উপর একাধিক ইনটার্নাল অডিট সম্পন্ন হয়েছে যার প্রতিবেদন আইএমইডিতে পাওয়া যায়নি। আর্থিক স্বচ্ছতার স্বার্থে প্রকল্পের অডিট প্রতিবেদন আইএমইডিতে জরুরী ভিত্তিতে প্রেরণ করতে হবে;

১৬.৩ ঘন ঘন প্রকল্প পরিচালক বদলী পরিহার করতে হবে এবং ভবিষ্যতে গৃহীত প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগ কর্তৃক ইতোমধ্যে জারিকৃত পরিপত্র অনুসরণ করা বাঞ্চনীয় হবে;

১৬.৪ বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক ভবিষ্যতে প্রকল্প প্রণয়নকালে প্রযোজ্য ক্ষেত্রে যথাযথ ফিজিবিলিটি স্টাডি সম্পন্নকরত: প্রকৃত চাহিদার আলোকে প্রকল্পের আর্থিক ও বাস্তব লক্ষ্যমাত্রা নির্ধারণ করে প্রকল্প দলিল প্রণয়ন করবে;

১৬.৫ প্রকল্প পরিচালক কর্তৃক সঠিকভাবে পূর্ণাঙ্গ তথ্য সম্বলিত পিসিআর প্রণয়ন করতে হবে যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৬.৬ প্রকল্পের অনুমোদিত ডিপিপি/আরডিপিপি অনুসারে নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করতে হবে যা গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় নিশ্চিত করবে;

১৬.৭ অনুচ্ছেদ ১৬.১ হতে ১৬.৬ পর্যন্ত সুপারিশসমূহ বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাবলী আগামী ০১ মাসের মধ্যে আইএমইডিকে অবহিত করতে হবে।

যশোর জেলার মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

)সমাপ্ত(২০১৭ ,জুন :

১। প্রকল্পের নাম:যশোর জেলার মধ্যম আয়ের লোকদের জন্য আবাসিক ফ্ল্যাট নির্মাণ শীর্ষক প্রকল্প।

২। প্রকল্পের অবস্থান : যশোর সদর।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ (এনএইচএ)।

৪। প্রশাসনিক মন্ত্রণালয়: গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
৫৪৯৪.৩৪	৬৩৪৮.৭৬	৫৮৭২.৪৫	জানুয়ারী-২০১২ থেকে ডিসেম্বর ২০১৩	জানুয়ারী-২০১২ থেকে জুন ২০১৭	জানুয়ারী-২০১২ থেকে জুন ২০১৭	৬.৮৮১% (৪৪.৮৭%)	৩ বছর ৬ মাস (৩৫০%)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

ক্র: নং	অংগ/উপাঙ্গের নাম		Target (as per pp)		Actual Progress		Reasons for deviation
	(as per pp)	Unit	Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১.	Land cost	Acr	258.63	1.42	-		+258.63
২.	Land development	Cum	12.88	2749.50	-		+12.88
৩.	Construction of Building	Sqm	5147.57	16373.12	5096.41		+51.16
৪.	Construction of deep teubwell	Nos	11.71	01	89.88		(-)5.76
৫.	Construction of road	Sqm	22.07	1024.25			

ক্র: নং	অংগ/উপাঙ্গের নাম		Target (as per pp)		Actual Progress		Reasons for deviation
	(as per pp)	Unit	Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
৬.	Boundry wall	---	49.81	---			
৭.	Construction of Culvert	Nos	0.53	01			
৮.	Soler panel system	---	45.55	---	-		+45.55
৯.	Construction of UWR reserver	Gallon	22.54	31752.00	-		+22.54
১০.	Installation of water line		15.66	---	-		+15.66
১১.	Inspction pit		4.05		-		+4.05
১২.	Electrification		608.99	---	605.20		+3.79
১৩.	Office Equipment		2.50	---	2.00		+0.50
১৪.	Supply and Service		10.00	---	7.50		+2.50
১৫.	Maintenance material testing, Drawing, degine others	1.s	11.28	11.28	11.16		+0.12
১৬.	Survey & soil investigation						
১৭.	Plantation	---	1.00	---	0.50		+0.50
১৮.	Inspection Vehicle	Nos	54.00	Jeep	54.00		-
১৯.	Physical Contingency		59.99	-	-		+59.99
২০.	Price Contingency		10.00	-	5.80		+4.20
২১.	Total=	---	6348.76	-	5872.45		+476.31

- প্রকল্পটি সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭। প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ৫৮৭২.৪৫ লক্ষ টাকা। প্রকল্পের সকল অংগের কাজ শতভাগ শেষ হয়েছে বলে পিসিআর দৃষ্টে প্রতীয়মান হয়।

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৯। মূল্যায়ন পদ্ধতিঃপ্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;

- কাজের বাস্তবঅগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১০। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমি:

১০.১ **প্রকল্পের প্রধান উদ্দেশ্য নিম্নরুপ:**

(ক) পরিকল্পিত উপায়ে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে আবাসন সমস্যার সমাধানকরা;

(খ) আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ আবাসনের মাধ্যমে নগরায়ন সুবিধা প্রদান করা; এবং

(গ) আগ্রহী ক্রেতাদের স্বল্প মূল্যে স্থায়ী আবাসিক ফ্ল্যাট বরাদ্দের সুযোগ সৃষ্টি করা।

১০.২। প্রকল্পের মূল কার্যক্রমঃ প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম নিম্নরুপ:-

- ১০ তলা বিশিষ্ট ৪ টি ভবন নির্মাণ (১৪৪টি ফ্ল্যাট);
- রাস্তা নির্মাণ (৭৫২.৪৪ বর্গমিটার);
- বক্স কালভার্ট নির্মাণ (২টি);
- লিফট স্থাপন (৮টি);
- সাব-স্টেশন স্থাপন (৪টি);
- পানি, গ্যাস ও বিদ্যুৎ লাইন স্থাপন; এবং
- জীপ গাড়ি ক্রয় (১টি)

১০.৩ **প্রকল্পের পটভূমি:** প্রকল্পের উদ্দেশ্য হলো অল্প জায়গা ব্যবহার করে সুন্দর পরিকল্পিত আবাসিক ফ্ল্যাট নির্মাণ করে নতুন আবাসস্থল তৈরী করা। ১.৬৭ একর জায়গা যা পূর্বে অধিগ্রহণকৃত। ১০ তলা বিশিষ্ট ০৪টি বিল্ডিংয়ের সিড়ি, লবি, লিফটসহ সর্বমোট ১২২৪ বর্গফুটের ১৪৪টি ফ্ল্যাট বিল্ডিং তেরী করা। প্রকল্পের আরও উদ্দেশ্য এবং লক্ষ্য ছিল মধ্যম শ্রেণীর লোকদের নিকটস্বল্প মূল্যে বাসযোগ্য অল্প জায়গার মধ্যে আবাসস্থল গড়ে তোলা।

১১। প্রকল্পের অনুমোদন: প্রকল্পটি গত ১৬-০২-২০১২ তারিখে ৫৪৯৪.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হয়। গত ১৬/০২/২০১২ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়। এরপর ২ বার ব্যয় বৃদ্ধি ব্যতিরেখে ১ম ও ২য় সংশোধনী অনুমোদিত হয়। গত ১১-০১-২০১৭ তারিখে ৬৩৪৮.৭৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয় নির্ধারণ করে জুলাই ২০১১ হতে জুন, ২০১৭ মেয়াদে ৩য় সংশোধনী অনুমোদিত হয়।

১২। প্রকল্প এলাকা পরিদর্শন:

১২.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত০৮ /১১/২০১৭ তারিখে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন যশোর জেলার প্রকল্প এলাকায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন।

১২.২ **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো**



চিত্র: নির্মাণকৃত আবাসিক ভবনের দৃশ্য।



চিত্র: নির্মাণকৃত আবাসিক ভবনের দৃশ্য।



চিত্র: নির্মাণকৃত আবাসিক ভবনের দৃশ্য।



চিত্র: নির্মাণকৃত আবাসিক ভবনের দৃশ্য।

১২.৩ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দপ্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র সহকারী পরিচালক জনাব আবদুল্লাহ-আল মাসুদ গত ১৪/০৮/২০১৬ তারিখে পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১৩. প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের ডিপিপিতে প্রকল্প খাতে কোন জনবল দেখানো নেই। গৃহায়ণ কর্তৃপক্ষের খুলনা রেঞ্জের নির্বাহী প্রকৌশলী এই প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন এবং অন্যান্য স্টাফ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিজস্ব জনবল। সে কারণে জনবল খাতে প্রকল্প ফান্ড হতে কোন জনবল নিয়োগ হয়নি এবং টাকাও খরচ হয়নি।

১৪.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	সাঈদ রেজা	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	০২/০১/২০১২ হতে ১৮/০১/২০১৫ পর্যন্ত
২।	কাজী ফজলুল করিম	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	১৯/০১/২০১৫ হতে ৩০/০৬/২০১৫ পর্যন্ত
৩।	মোঃ মঈনুল হক মোতাইদ	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	৩০/০৬/২০১৫ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত

১৫. প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য:

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

১৫.১ প্রকল্প টেন্ডার প্রক্রিয়াঃ

কাজের বিবরণ	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	কার্যাদেশের তারিখ	কার্যাদেশ অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ	প্রকৃত কার্য সমাপ্তির তারিখ
১	২	৩	৪	৫	৬
আবাসিক ভবন নির্মাণ কাজ	১২৮৪.৯৩	**২২-১১-২০১২**	**০৬-০৬-২০১৩**	**১৭-০৬-২০১৫**	**৩০-০৪-২০১৭**
আবাসিক ভবন নির্মাণ কাজ	১২৮৩.৯৩	**২২-১১-২০১২**	**০৬-০৬-২০১৩**	**১৭-০৬-২০১৫**	**৩০-০৪-২০১৭**
আবাসিক ভবন নির্মাণ কাজ	১২৮২.৩৭	**২২-১১-২০১২**	**০৬-০৬-২০১৩**	**১৭-০৬-২০১৫**	**৩০-০৪-২০১৭**
আবাসিক ভবন নির্মাণ কাজ	১২৮১.৫৫	**২২-১১-২০১২**	**০৬-০৬-২০১৩**	**১৭-০৬-২০১৫**	**৩০-০৪-২০১৭**

১৬.০ <u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>

পরিকল্পনা	অর্জন
(ক) পরিকল্পিত উপায়ে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে আবাসন সমস্যার সমাধান করা;	(ক) পিসিআর অনুযায়ী উদ্দেশ্য সফল হয়েছে। সরেজমিন পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের নির্ধারিত জায়গায় প্রজেক্টের আবাসনের মাধ্যমে ভূমি ব্যবহার নিশ্চিত করা হয়েছে এবং এর মাধ্যমে আবাসন সমস্যার সমাধান হচ্ছে।
(খ) আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ আবাসনের মাধ্যমে নগরায়ন সুবিধা প্রদান করা; এবং	(খ) সরেজমিন পরিদশ্যনে দেখা যায়, প্রকল্পের মাধ্যমে ১০ (দশ) তলার ৪ (চার) ইউনিট বিশিষ্ট ৪ (চার) টি বিল্ডিং তৈরি করা হয়েছে। এর মাধ্যমে নগরায়নের সুবিধা প্রাপ্ত হয়েছে।
(গ) আগ্রহী ক্রেতাদের স্বল্প মূল্যে স্থায়ী আবাসিক ফ্ল্যাট বরাদ্দের সুযোগ সৃষ্টি করা।	(গ) প্রকল্পের মাধ্যমে ১০ (দশ) তলা বিশিষ্ট ৪ (চার) টি বিল্ডিংয়ে ১৪৪ টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে এবং স্থানীয় অধিবাসীদের বরাদ্দ প্রদান করা হয়েছে।

১৭ .০ উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ: প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৮.০ <u>বাস্তবায়ন পর্যবেক্ষণ:</u>

১৮.১ ত্রুটি পূর্ণ পিসিআর :পিসিআরে প্রকল্পের বাস্তবায়নকাল দেখানো আছে মূল জুলাই ২০১১ থেকে ডিসেম্বর ২০১৬। অন্যদিকে ডিপিপিতে প্রকল্পের মেয়াদ দেখানো আছে জুনুয়ারী ২০১২ থেকে ডিসেম্বর ২০১৩। প্রকল্পের অনুমোদন, সংশোধন প্রক্রিয়ার মেয়াদ ও তারিখ যথাযথভাবে উল্লেখ করা নেই। প্রকল্পের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি আর্থিক ও বাস্তব অগ্রগতির কলাম যথাযথভাবে পূরণ করা হয়নি। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যে দায়িত্ব পালন সংক্রান্ত সময় কাল যথাযথভাবে লিপিবদ্ধ হয়নি।

১৮.২ প্রকল্পের গাড়ী: প্রকল্পের ডিপিপিতে একটি জীপ গাড়ী ক্রয়ের জন্য ৫৫ লক্ষ টাকা ধরা ছিল।৫৮ লক্ষ টাকা দিয়ে একটি জীপ গাড়ী ক্রয় করা হয়। গাড়ীটি কে ব্যবহার করেছে বা বর্তমানে কি অবস্থায় আছে সে সম্পর্কে পিসিআরে কোন তথ্য উল্লেখ নেই। শুধু মন্তব্য কলামে একটি স্মারক নম্বর দেওয়া আছে। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট থেকে জানা যায়, ক্রয়কৃত জীপ গাড়ীটি প্রকল্প পরিচালক ব্যবহার করেননি। জীপ গাড়ীটি ক্রয় করার সাথে সাথে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের প্রধান অফিসে পাঠিয়ে দেওয়া হয়েছে।

১৮.৩ <u>Time & cost over run:</u> প্রকল্পটির মূল ডিপিপি ৫৪৯৪.৩৪ লক্ষ টাকার প্রাক্কলনে জানুয়ারী ২০১২ হতে ডিসেম্বর ২০১৩ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়েছিল। ১ম, ২য় এবং ৩য় সংশোধনীর মাধ্যমে ৬৩৪৮.৭৬ লক্ষ টাকার প্রাক্কলনে জানুয়ারী ২০১২ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ৩ (তিন) বছর ৬ (ছয়) মাস এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ৮৫৪.৪২ লক্ষ টাকা। প্রকল্পটি মূল ডিপিপির প্রাক্কলিত অর্থ ও নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেনি। প্রকল্প পরিচালকের বক্তব্য হল প্রকল্পটির সাইটে অনেক অবৈধ দখলদার ছিল।ভূমির অবৈধ দখল উচ্ছেদ করতে অনেক সময় লেগে যায়, এ কারণে প্রকল্প কাজ শুরু করতে দেরি হয়। সে কারনে প্রাক্কলন বৃদ্ধি পায় ও সময় বেশি লাগে।

১৮.৪ পিএসসি ও পিআইসি কমিটির সভা: প্রকল্পটির বাস্তবায়নকাল ছিল জুলাই, ২০১২ হতে জুন, ২০১৭পর্যন্ত । প্রকল্পে সময়কালে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়নি।

১৮.৫ চারটি ভবন নির্মাণ সংক্রান্ত তথ্যঃপ্রকল্পের মাধ্যমে ১০ (দশ) তলা বিশিষ্ট ৪ ইউনিটের৪ টি ভবন নির্মাণের কাজ শেষ হয়েছে।বাহ্যিকভাবে বিল্ডিংয়ের কাজ ভাল, ভিতরের ফিটিংস ভাল দেখা গেছে, ফ্ল্যাটের ডাইনিং ও কিচেন কক্ষ খুবই ছোট মনেহয়েছে।প্রতিটি ভবনে১২২৪ বর্গফুটের৩৬ টি করে ফ্ল্যাটকরে ৪ টি বিল্ডিংয়ে মোট (৪*৩৬)= ১৪৪ টি ফ্ল্যাট রয়েছে। এর মধ্যে ১২৮ টি ফ্ল্যাট বিক্রি হয়েছে এবং ৪ (চার) টি বিল্ডিংয়ের টপ ফ্লোরের ১৬ টি ফ্ল্যাট অবিক্রিত অবস্থায় আছে। প্রকল্প পরিচালক জানান, অবিক্রিত ফ্ল্যাট গুলো ক্রয়ের আগ্রহী প্রার্থী আছে তারা ইতোমধ্যে আবেদন করেছেন। পরিদর্শনের দিন দেখা যায়, ৪ টি বিল্ডিংয়ে ৭/৮ টি পরিবার ফ্ল্যাটে বসবাস করছে। বিল্ডিংয়ের বাইরে রং এর কাজ এখনো শেষ হয়নি, চলমান আছে। বিল্ডিংয়ের কানেকটিং রাস্তার সলিং করা হয়েছে, এখনো পুরোপুরি শেষ হয়নি।

১৮.৬ ফ্ল্যাট বিক্রয় সংক্রান্ত তথ্য: প্রকল্পের মাধ্যমে নির্মিত ফ্ল্যাট বিক্রয়ের জন্য ২০/১১/২০১৩তারিখে দৈনিক ভোরের কাগজ ও Daily Independent পত্রিকায় বিজ্ঞপ্তি দেওয়া হয়। নির্ধারিত ১০০০ টাকার ফরমে আগ্রহী প্রার্থীগণ আবেদন করেন। আবেদনগুলো যাচাই বাছাই করে যোগ্য প্রার্থীদের সিলেক্ট করা হয় এবং লটারির মাধ্যমে কোন ফ্ল্যাট কে পাবে তা নির্ধারন করা হয়। প্রতি স্কয়ার ফিট ৩৭১৭ টাকা হিসেবে ১২২৪ বর্গফুটের ফ্ল্যাটের মূল্য ৪৫,৫০,০০০ টাকা নির্ধারন করা হয়েছে। এর মধ্যে ২৫% টাকা ৪ কিস্তিতে পরিশোধ যোগ্য এবং অবশিষ্ট ৭৫% টাকা ১৬ বছরের মাসিক কিস্তিতে পরিশোধ যোগ্য এবং এর উপর ১৬% সরল সুদ যুক্ত হবে। ২৫% টাকা পরিশোধ করার পর ফ্ল্যাটের দখল বুঝিয়ে দেওয়া হচ্ছে। যশোর জেলা সদরে ১২২৪ বর্গফুটের ফ্ল্যাট ৪৫.৫০ লক্ষ টাকা যা অধিক মূল্য মনে হয়েছে। এ বিষয়ে প্রকল্প পরিচালক বলেন,PWD এর রেট সিডিউল অনুযায়ী মূল্য নির্ধারণ করা হয়েছে এবং ৭৫% টাকা ১৬ বছরে কিস্তিতে পরিশোধ যোগ্য বিধায় ফ্ল্যাটের মূল্য বেশি হয়েছে।

১৮.৭ নির্মাণকৃত ফ্ল্যাটের স্থানীয় চাহিদা: পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের মাধ্যমে ৪ টি বিল্ডিংয়ে ১৪৪ টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। অধিকাংশ ফ্ল্যাট বিক্রয় হয়েছে এবং স্থানীয় ভাবে অনেক ফ্ল্যাটের চাহিদা রয়েছে বলে যশোর জেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা জানান। ইতোমধ্যে অনেক গুলো আবেদন পেন্ডিং পড়ে আছে যারা ফ্ল্যাট নিতে আগ্রহী, কিন্তু ফ্ল্যাট না থাকায় তাদেরকে দেওয়া যাচ্ছে না। জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের যশোর জেলায় অনেক ভূমি রয়েছে যা অব্যবহৃত অবস্থায় আছে, যেখানে অনেক আবাসিক বিল্ডিং এবং মার্কেট করা সম্ভব।

১৮.৮ জনবলের অভাবঃবর্তমানে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের রাজশাহী সার্কেলের খুলনা বিভাগের আওতায় ১০ টি প্রকল্প চলমান রয়েছে। নির্বাহী প্রকৌশলী, খুলনা বিভাগ অত্র প্রকল্পসহ চলমান ১০ টি প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন। প্রকল্পসমূহ খুলনা বিভাগের বরিশাল, পটুয়াখালী, ভোলা, মাদারীপুর, নড়াইল ও যশোরসহ অন্যান্য জেলায় অবস্তিত। প্রকল্প পরিচালকের কার্যালয় খুলনায় অবস্থিত হওয়ায় অন্যান্য জেলায় চলমান প্রকল্পসমূহ নিয়মিত মনিটরিং ও তদারকি করা সম্ভবপর নয় মর্মে প্রতীয়মান হয়।

১৮.৯**পূর্ববর্তী পরিদর্শনের সুপারিশের জবাব না দেয়ঃ** প্রকল্পটি গত ১৪/০৮/২০১৬ তারিখে জনাব আবদুল্লাহ-আল-মাসুদ, সহকারীপরিচালক, আইএমইডি পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন জারী করেন। পরিদর্শন প্রতিবেদনে অনেকগুলো সমস্যা উল্লেখ করে তা সমাধানের জন্যসুপারিশ/মতামত প্রদান করা হয়। কিন্তু সে সুপারিশের বাস্তবায়ন হয়েছিল কিনা তার কোন জবাব আইএমইডিতে পাওয়া যায়নি।

১৮.১০ **প্রকল্প পরিচালক পরিবর্তন:** প্রকল্পটির পিসিআর পরিদর্শনের সময় দেখা যায়,প্রকল্প মেয়াদে তিন জন প্রকল্প পরিচালক কাজ করেছেন। অর্থাৎ প্রকল্পে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন হয়েছে। ডিপিপি বাস্তবায়নে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

১৮.১১ **গাড়ী হস্তান্তর না করা:** প্রকল্পের মাধ্যমে ৫৯ লক্ষ টাকা ব্যয় করে ১ টি গাড়ী ক্রয় করা হয়েছে। প্রকল্প শেষে সরকারী বিধান অনুযায়ী ক্রয় কৃত গাড়ী উপযুক্ত কর্তৃপক্ষের নিকট জমা দিতে হয় কিন্তু প্রকল্পটি শেষ হওয়ার পরেও অফিসিয়ালি গাড়ীটি হস্তান্তর করা হয়নি।

১৮.১২ **প্রকল্পের অডিট নিস্পত্তি:**সমাপ্ত প্রকল্পের পিসিআর পর্যবেক্ষনে দেখা যায়, প্রকল্প চলাকালীন এবং প্রকল্প শেষে ২ টি অভ্যন্তরিন অডিট হয়েছে, কোন আপত্তি অনিস্পন্ন নেই। এ প্রকল্পে এক্সটার্নাল ০১টি অডিট হয়েছে, কোন আপত্তি অনিস্পন্ন নেই।

১৯.০ **সুপারিশ/মতামত:**

১৯.১ চলমান প্রকল্প বাস্তবায়নে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করার জন্য অরুরোধ করা হলো।

১৯.২ পরবর্তী নতুন প্রকল্প এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ত প্রদান পরিহার করতে হবে।

১৯.৩ মন্ত্রণালয়ের পরবর্তী সমাপ্ত প্রকল্পের পিসিআর যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।

১৯.৪ প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত জীপ গাড়ী প্রকল্পে ব্যবহার হয়নি, জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ ক্রয়কৃত যানবাহনটি প্রধান কার্যালয়ে নিয়ে আসেন বলে পরিদর্শনের সময় জানা যায়। প্রকল্পের জন্য প্রয়োজন না হলে গাড়ীটি কেন কেনা হয়েছিল তা মন্ত্রণালয়কে স্পস্ট করতে হবে।

১৯.৫ পরিবীক্ষণ, মনিটরিং ও মূল্যায়ন বিভাগ কতৃক পরিদর্শনের সুপারিশের জবাব নিয়মিত দিতে হবে।

১৯.৬ স্থানীয় চাহিদার প্রেক্ষিতে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের যশোর জেলায় অব্যবহৃত ভূমিতে আরো আবাসিক ফ্ল্যাটের প্রকল্প নেওয়া যেতে পারে।

১৯.৭ প্রকল্পের মাধ্যমে নির্মাণকৃত ফ্ল্যাটের ডাইনিং ও কিচেন কক্ষ খুবই ছোট। পরবর্তীতে এরুপ প্রকল্প নিলে ফ্ল্যাটের ডাইনিং ও কিচেনের জায়গা প্রশস্ত করা যেতে পারে।

১৯.৮ ***চলমান প্রকল্পের ক্ষেত্রে*** পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক পিএসসি এবং পিআইসি সভা করতে হবে।

১৯.৯ ২ বছর ৬ মাসের প্রকল্প শেষ হয়েছে ৬(ছয়) বছরে। মন্ত্রণালয়ের নতুন এবং চলমান প্রকল্পের মেয়াদ নির্ধারণের ক্ষেত্রে ও নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে CPM/PERT প্রয়োগ করে কর্মপরিকল্পনা করতে হবে যাতে প্রকল্পটি যথাসময়ে শেষ হয়।

১৯.১০ প্রকল্পটি মূল প্রকল্পের প্রাক্কলিত অর্থে সমাপ্ত হয়নি, ৮৫৪.৪২লক্ষ টা অতিরিক্ত লেগেছে।মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের প্রাক্কলন সঠিক ভাবে করতে হবে এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে ডিপিপির নির্ধারিত অংগ ও অর্থের মধ্যে শেষ করতে হবে যাতে প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়।

১৯.১১ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কাজের তুলনায় জনবল অনেক কম। একারনে একজন কর্মকর্তা/কর্মচারী একাধিক অফিস ও প্রকল্পের দায়িত্ব পালন করছেন। অতিরিক্ত দায়িত্ব পালনের কারনে প্রকল্পের কাজ সঠিক ভাবে তদারকি করা সম্ভব হচ্ছে না। প্রয়োজনের নিরিক্ষে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের জনবল বৃদ্ধি করা আবশ্যক।

১৯.১২ যশোর জেলা সদরে প্রতি বর্গফুট ৩৭১৭ টাকা হিসেবে ১২২৪ বর্গফুট ফ্ল্যাটের মূল্য ৪৫.৫০ লক্ষ টাকা যা অনেক বেশি। ফ্ল্যাটের মূল্য যৌক্তিক পর্যায়ে কমানোর ব্যাবস্থা নেয়া যেতে পারে।

১৯.১৩ প্রকল্পের মাধ্যমে ক্রয়কৃত গাড়ী দ্রুত উপযুক্ত কর্তৃপক্ষের নিকট হস্তান্তর করার ব্যবস্থা নিতে হবে।

১৯.১৪ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

নড়াইল জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন শীর্ষক সমাপ্ত প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

১। প্রকল্পের নাম:"নড়াইল জেলার সদর উপজেলায় স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন" শীর্ষক প্রকল্প।

২। প্রকল্পের অবস্থান : নড়াইল জেলার সদর উপজেলা।

৩। বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ।

৪। প্রশাসনিক মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয়ঃ

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	মূল ব্যয়ের হ্রাস/বৃদ্ধি (মূল অনুঃ ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
(১)	*(২)*	*(৩)*	*(৪)*	*(৫)*	*(৬)*	*(৭)*	*(৮)*
২০৯৭.৩১	২৫৫৩.১৪	২৪৯৪.৩৭	জুলাই ২০১১ হতে জুন ২০১৪	জুলাই ২০১১ হতে জুন, ২০১৭	জুলাই ২০১১ থেকে জুন ২০১৭	১৮.৯৩%	২ বছর ৮ মাস (১৬০%)

৬। প্রকল্পের অঙ্গভিত্তিক বা স্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতিনিম্নে দেয়া হল:

ক্র: নং	অংগ/উপাঙ্গের নাম		Target (as per pp)		Actual Progress		Reasons for deviation
	(as per pp)	Unit	Financial	Physical (Quantity)	Financial	Physical (Quantity)	
	(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১.	Land cost	Acr	1916.73	16.50	1916.73	125751.77	0.00
২.	Land development	Cum	321.16	135342.51	321.10	594.42	+0.06
৩.	Road	Sqm	126.08	601.00	124.70	4349.75	+1.38
৪.	Drain	rm	40.20	4789.38	36.51	-	+3.69
৫.	Palasiding work	rm	6.52	---	6.52	-	-
৬.	Gate Valve Inspection pit	---	4.09	110.19	---	164.57	+4.09
৭.	RCC Box Culvert	rm	28.20	221	21.00	-	+7.20
৮.	Installation of	rm	19.43	---	---	20	+19.4

	water line						3
৯.	Bowndary & plot demarcation pilar	nos	0.81	20	0.81	-	-
১০.	Electrification	-	72.85	---	65.00	-	+7.85
১১.	Office Equipment	-	2.00	---	-	-	+2
১২.	Supply and Service	-	5.00	---	1.00	-	+4
১৩.	Plantation	nos	3.25	500	-	-	+3.25
১৪.	Inspection Vehicle pol	-	4.00	---	-	-	+4.00
১৫.	Surveying	-	2.00	---	1.00	-	+1.00
১৬.	Pourosova charge	1.s	1.00	---	-	-	+1.00
১৭.	Total=	---	2553.32	---	2494.37	-	+58.95

প্রকল্পটি সংস্থার নিজস্ব অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

৭। প্রকল্পের সার্বিক বাস্তবায়ন অগ্রগতিঃ

প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ২৫৫৩.১৪লক্ষ টাকা। প্রকল্পের শুরু হতে জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপঞ্জিত ব্যয় হয়েছে ২৪৯৪.৩৭ লক্ষ টাকা। প্রকল্পের সকল অংগের ১০০% কাজ সমাপ্ত হয়েছে বলে PCR এ উল্লেখ আছে।

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৯। মূল্যায়ন পদ্ধতিঃ প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:

- প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;
- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

১০। প্রকল্পের মূল উদ্দেশ্য ও পটভূমি:

১০.১ প্রকল্পের প্রধান উদ্দেশ্য নিম্নরুপ:

(ক) পরিকল্পিত উপায়ে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে আবাসন সমস্যার সমাধান করা;
(খ) আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ আবাসনের মাধ্যমে নগরায়ন সুবিধা প্রদান করা; এবং
(গ) আগ্রহী ক্রেতাদের স্বল্প মূল্যে স্থায়ী আবাসিক প্লট বরাদ্দের সুযোগ সৃষ্টি করা।

১০.২ **প্রকল্পের পটভূমি:** গ্রামীন জনপদের জীবন ব্যবস্থাকে উন্নত করার প্রয়াসে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তোলার লড়্যে নড়াইল জেলার সদর উপজেলায় ১৬.৫০ একর জমিতে একটি আবাসন প্রকল্প হাতে নেওয়া হয়। প্রকল্পের উদ্দেশ্যআরও কম জমি ব্যবহার করে পস্নট সৃষ্টি করে সুন্দর ও পরিকল্পিত

আবাসনের ব্যবস্থা করা। প্রকল্পের অভ্যন্তরে প্রাইমারী স্কুল, কাচা বাজার, সবুজ পার্কসহ বিভিন্ন নাগরিক সুবিধা সম্বলিত আবাসস্থল গড়ে তোলাই প্রকল্পের উদ্দেশ্য।

১১। প্রকল্পের অনুমোদন: প্রকল্পটি গত ১০/১০/২০১৩তারিখে ৫৪৯৪.৩৪ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রনালয় কর্তৃক অনুমোদিত হয়। গত ১০/০৩/২০১৩ তারিখে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ জারী করা হয়। এরপর প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেখে ১ম সংশোধনী অনুমোদিত **হয়। গত** ০২/০৪/২০১৭ তারিখে ৬৩৪৮.৭৬ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ের জুলাই ২০১১ হতে জুন, ২০১৭ মেয়াদে ৩য় সংশোধনী অনুমোদিত হয়।

১২। <u>প্রকল্প এলাকা পরিদর্শন:</u>

১২.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ০৮/১১/২০১৭ তারিখে গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়ের আওতায় জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষ কর্তৃক বাস্তবায়নাধীন নড়াইল জেলার প্রকল্প এলাকায় প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন।

১২.২ <u>নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো</u>



বাস্তবায়িত আবাসিক প্লটের চিত্র



বাস্তবায়িত আবাসিক প্লটের চিত্র



বাস্তবায়িত আবাসিক প্লটের রাস্তা ও ড্রেনের চিত্র



বাস্তবায়িত আবাসিক প্লটের চিত্র

১২.৩ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দপ্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র কোন কর্মকর্তা পরিদর্শন করেননি।

১৩. প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের ডিপিপিতে প্রকল্প খাতে কোন জনবল দেখানো নেই। গৃহায়ণ কর্তৃপক্ষের খুলনা রেঞ্জের নির্বাহী প্রকৌশলী এই প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন এবং অন্যান্য স্টাফ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিজস্ব জনবল। সে কারণে জনবল খাতে প্রকল্প ফান্ড হতে কোন জনবল নিয়োগ হয়নি এবং টাকাও খরচ হয়নি।

১৪. প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

ক্রঃ নং	কর্মকর্তার নাম	পদবি	পূর্ণকালীন/খন্ডকালীন	সময়কাল
১।	সাঈদ রেজা	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	০২/০৯/২০১০ হতে ১৮/০১/২০১৫ পর্যন্ত
২।	কাজী ফজলুল করিম	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	১৯/০১/২০১৫ হতে ৩০/০৬/২০১৫ পর্যন্ত
৩।	মোঃ মঈনুল হক মোতাইদ	প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী	খন্ডকালীন	৩০/০৬/২০১৫ হতে প্রকল্প সমাপ্তি পর্যন্ত

১৫. **প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য:**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

১৫.০১ প্রকল্প টেন্ডার প্রক্রিয়াঃ

কাজের বিবরণ	চুক্তি মূল্য	টেন্ডার বিজ্ঞপ্তির তারিখ	কার্যাদেশের তারিখ	কার্যাদেশ অনুযায়ী কার্য সমাপ্তির তারিখ	প্রকৃত কার্য সমাপ্তির তারিখ
১	২	৩	৪	৫	৬
মাটি ভরাট, রাস্তা নির্মাণ, ড্রেণ নির্মাণ, কালভার্ট নিমাণ, বাউন্ডারী ডিমার্কেইশন পিলার, প্লট ডিমার্কেইশন পিলার এবং প্যালাসাইডিং কাজ।	৫২৩.০৮	১২-০৮-২০১৫	২৮-১০-২০১৫	২৮-১০-২০১৬	৩০-০৬-২০১৭ (উর্দ্ধতন কর্তৃপক্ষ কর্তৃক জরিমানা আদায় করতঃ অনুমোদিত হয়েছে)

১৬.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন
(ক) পরিকল্পিত উপায়ে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে আবাসন সমস্যার সমাধান করা;	(ক) পিসিআর অনুযায়ী উদ্দেশ্য সফল হয়েছে। সরেজমিন পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের নির্ধারিত জায়গায়

পরিকল্পনা	অর্জন
	প্রজেক্টের আবাসন প্লট প্রস্তুতের মাধ্যমে ভূমি ব্যবহার নিশ্চিত করা হয়েছে এবং এর মাধ্যমে আবাসন সমস্যার সমাধান হচ্ছে।
(খ) আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ আবাসনের মাধ্যমে নগরায়ন সুবিধা প্রদান করা; এবং	(খ) পিসিআর অনুযায়ী উদ্দেশ্য সফল হয়েছে। সরেজমিন পরিদর্শনে দেখা যায়, প্রকল্পের নির্ধারিত জায়গায় আবাসিক প্লট, কাঁচা বাজার, স্কুল, সবুজ পার্কসহ বিভিন্ন নাগরিক সুবিধার সম্বলিত আবাসস্থল গড়ে তোলা হচ্ছে।
(গ) আগ্রহী ক্রেতাদের স্বল্প মূল্যে স্থায়ী আবাসিক প্লট বরাদ্দের সুযোগ সৃষ্টি করা।	(গ) প্রকল্পের মাধ্যমে ১৬.৫০ একর ভূমির উপর ১২৮ টি আবাসিক প্লট প্রস্তুত করা হয়েছে এবং স্থানীয় অধিবাসীদের বরাদ্দ প্রদান করা হচ্ছে।

১৭ .০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৮.০ **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৮.১ ত্রুটি পূর্ণ পিসিআর :পিসিআরে প্রকল্পের বাস্তবায়নকাল দেখানো আছে মূল জুলাই ২০১১ থেকে ডিসেম্বর ২০১৬। অন্যদিকে ডিপিপিতে প্রকল্পের মেয়াদ দেখানো আছে জুনুয়ারী ২০১২ থেকে ডিসেম্বর ২০১৩। প্রকল্পের অনুমোদন, সংশোধন প্রক্রিয়ার মেয়াদ ও তারিখ যথাযথভাবে উল্লেখ করা নেই। প্রকল্পের অঙ্গ ভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি আর্থিক ও বাস্তব অগ্রগতির কলাম যথাযথভাবে পূরণ করা হয়নি। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যে দায়িত্ব পালন সংক্রান্ত সময় কাল যথাযথভাবে লিপিবদ্ধ হয়নি।

১৮.২ **Time & cost over run:** প্রকল্পটির মূল ডিপিপি ২০৯৭.৩১ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১১ হতে জুন২০১৪ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়েছিল। ১ম, ২য় এবং ৩য় সংশোধনীর মাধ্যমে ২৫৫৩.১৪ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ২০১১ হতে জুন ২০১৭ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ২ (দুই) বছর ৮ (আট) মাস এবং প্রাক্কলন বৃদ্ধি পায় ৪৫৫.৮৩ লক্ষ টাকা। প্রকল্পটি মূল ডিপিপির প্রাক্কলিত অর্থ ও নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেনি। প্রকল্প পরিচালকের বক্তব্য হল প্রকল্পটির সাইটের ভূমি অধিগ্রহণ কাজে সমস্যা হওয়ায় প্রকল্প কাজ শুরু করতে দেরি হয়। সে কারনে প্রাক্কলন বৃদ্ধি পায় ও সময় বেশি লাগে।

১৮.৩ **পিএসসি ও পিআইসি কমিটির সভা:** প্রকল্পটির বাস্তবায়নকাল ছিল জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭পর্যন্ত । প্রকল্পে সময়কালে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক পিআইসি ও পিএসসি সভা অনুষ্ঠিত হয়নি।

১৮.৪ প্রকল্পের আবাসিক প্লট উন্নয়ন সংক্রান্ত তথ্যঃপ্রকল্পটি ১৬.৫০ একর জমির উপর প্রতিষ্ঠিত এবং মাটি ভরাটের মাধ্যমে প্রকল্পের উন্নয়ন কাজ শেষ হয়েছে। প্রকল্পের মাধ্যমে১২৮টি আবাসিক প্লট প্রস্তুত করা হয়েছে। এরমধ্যে ৭ কাঠার প্লট ২ টি, ৫ কাঠার প্লট ২৭ টি, ৪ কাঠার প্লট ৩ টি, ৩ কাঠার প্লট ৮৪ টি এবং ২.৫০ কাঠার প্লট ৮ টি।এছাড়া শিক্ষা প্রতিষ্ঠানের জন্য ০.০৮৬ একর, খেলার মাঠের জন্য ০.৪২ একর, মসজিদের জন্য ০.১৭ একর, কাঁচা বাজারের জন্য ০.১৬ একর, সাইট অফিসের জন্য ০.২০ একর, কমিউনিটি সেন্টার স্থাপনের জন্য ০.২০ একর, মার্কেট স্থাপনের জন্য ০.২৩ একর, এবং সবুজ পার্কের জন্য ০.০৭ একর মোট ১.৫৩ একর ভূমি রাখা হয়েছে। আবাসিক ১২৮ টি প্লটের মধ্যে ২০ টি প্লট আগ্রহী প্রার্থীদের মধ্যে বরাদ্দের ভিত্তিতে বিক্রয় করা হয়েছে এবং ১০৮ টি প্লট অবিক্রিত অবস্থায় রয়েছে। আবাসিক এলাকার রাস্তা ও ড্রেনের কাজ চলমান আছে এখনো শেষ হয়নি। আবাসিক এলাকার চারপাশে কোন বাউন্ডারি ওয়াল দেওয়া হয়নি, কারন ডিপিপিতে ধরা ছিলনা। বরাদ্দপ্রাপ্ত প্লটের মালিকদরে মধ্যে এখনো কেউ বাড়ী নির্মাণ করেনি।

১২.৪ কর্মপরিকল্পনা প্রণয়ন না করাঃ পরিদর্শনকালে নথি পর্যালোচনায় দেখা যায় যে, এ প্রকল্পের ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনা এখনও চূড়ান্ত করা হয়নি। এ প্রসংগে প্রকল্প পরিচালক অবহিত করেন যে,

বার্ষিক কর্মপরিকল্পনা চূড়ান্ত করার কাজ প্রক্রিয়াধীন রয়েছে এবং অতিশীঘ্রই তা অনুমোদনের জন্য যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করা হবে।

১২.৫ **<u>পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন না করাঃ</u>** প্রকল্পের ডিপিপি অনুসারে প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন মনিটরিং ও তদারকির স্বার্থে প্রতিমাসে অন্তত: ০১ বার পিআইসি সভা ও প্রয়োজন অনুসারে স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের বিধান থাকলেও সে অনুযায়ী পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হচ্ছে না।

১৮.৮ **কমন সার্ভিসের জন্য ভুমি বরাদ্দ:** প্রকল্পের ম্যাপ হতে দেখা যায়, উত্তর পার্শ্বে স্কুলের জন্য ৮ শতক জায়গা বরাদ্দ করা আছে। স্কুলের জন্য ৮ শতক জায়গা খুবই কম। অন্যদিকে খেলার মাঠের জন্য ৪২ শতক জায়গা বরাদ্দ করা আছে যা, স্কুল থেকে অনেক দুরে। খেলার মাঠটি স্কুলের সংলগ্ন হলে স্কুলের ছাত্র ছাত্রীরা তা ব্যবহার করতে পারত।

১৮.৯ **<u>প্রকল্পের অডিট নিস্পত্তি:</u>**সমাপ্ত প্রকল্পের পিসিআর পর্যবেক্ষনে দেখা যায়, প্রকল্প চলাকালীন এবং প্রকল্প শেষে ২ টি অভ্যন্তরিন অডিট হয়েছে, কোন আপত্তি অনিস্পন্ন নেই। এ প্রকল্পে এক্সটার্নাল ০১টি অডিট হয়েছে, কোন আপত্তি অনিস্পন্ন নেই।

১৯.০ **<u>সুপারিশ/মতামত:</u>**

১৯.১ চলমান প্রকল্প বাস্তবায়নে ঘন ঘন প্রকল্প পরিচালক পরিবর্তন না করার জন্য জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ও প্রশাসনিক মন্ত্রনালয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৯.২ পরবর্তী নতুন প্রকল্প এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ত প্রদান পরিহার করতে হবে।

১৯.৩ মন্ত্রণালয়ের পরবর্তী সমাপ্ত প্রকল্পের পিসিআর যথাযথভাবে লিপিবদ্ধ করতে হবে।

১৯.৪ আবাসিক এলাকার চার পাশে কোন বাউন্ডারি দেয়াল বা নিরাপত্তা দেয়ালের ব্যবস্থা নেই, নিরাপত্তা ও প্রাইভেসির জন্য প্রয়োজন হলে বাউন্ডারি দেয়াল দেয়া যেতে পারে।

১৯.৫ অবিক্রিত প্লটগুলো দ্রুত বিক্রয়ের ব্যবস্থা নিতে হবে।

১৯.৬ চলমান প্রকল্পের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগ হতে জারীকৃত পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক পিএসসি এবং পিআইসি সভা করতে হবে।

১৯.৭ ১ বছর ৮ মাসের প্রকল্প শেষ হয়েছে ৪(চার) বছর ৮ মাসে। মন্ত্রণালয়ের নতুন এবং চলমান প্রকল্পের মেয়াদ নির্ধারণের ক্ষেত্রে ও নির্ধারিত মেয়াদে প্রকল্প সমাপ্তির লক্ষ্যে CPM/PERT প্রয়োগ করে কর্মপরিকল্পনা করতে হবে যাতে সময় বৃদ্ধি করতে না হয় এবং প্রকল্পটি যথাসময়ে শেষ হয়।

১৯.৮ প্রকল্পটি মূল প্রকল্পের প্রাক্কলিত অর্থে সমাপ্ত হয়নি, ৪৫৫.৮৩ লক্ষ টা অতিরিক্ত লেগেছে।মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের প্রাক্কলন সঠিক ভাবে করতে হবে এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে ডিপিপির নির্ধারিত অংগ ও অর্থের মধ্যে শেষ করতে হবে যাতে প্রাক্কলন বৃদ্ধি করতে না হয়।

১৯.৯ জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কাজের তুলনায় জনবল অনেক কম। একারনে একজন কর্মকর্তা/কর্মচারী একাধিক অফিস ও প্রকল্পের দায়িত্ব পালন করছেন। অতিরিক্ত দায়িত্ব পালনের কারনে প্রকল্পের কাজ সঠিক ভাবে তদারকি করা সম্ভব হচ্ছে না। প্রয়োজনের নিরিক্ষে জনবল বৃদ্ধি করা আবশ্যক।

১৯.১০ প্রকল্পের আবাসিক এলাকায় স্কুলের জন্য মাত্র ৮ শতক ভূমি বরাদ্দ আছে এবং মাঠ হতে স্কুলটি অনেক দুরে। স্কুলের জন্য ভূমির পরিমান বৃদ্ধি করা যেতে পারে এবং মাঠের পাশে স্কুলের প্লটটি আনার ব্যবস্থা করা যেতে পারে।

১৯.১১ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ০১ (এক) মাসের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

কাজীর দেউড়ী কাঁচা বাজার ও এপার্টমেন্ট কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত: জুন,২০১৭)

১। প্রকল্পের নাম: কাজীর দেউড়ী কাঁচা বাজার ও এপার্টমেন্ট কমপ্লেক্স নির্মাণ

২। প্রকল্পের ধরন (বিনিয়োগ/কারিগরিসহায়তা/সমীক্ষা):বিনিয়োগ প্রকল্প।

৩। অর্থায়নের উৎস (জিওবি/প্রকল্পসাহায্য/জেডিসিএফ/স্বঅর্থায়ন/অন্যান্য): স্ব-অর্থায়ন।

৩.১। উন্নয়ন সহযোগী: প্রযোজ্য নয়।

৪। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ: গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়।

৪.১। বাস্তবায়নকারী সংস্থা: চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ।

৫। (ক) প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:

বিষয়	অনুমোদিতপ্রাক্কলন				বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিও বি	প্র: সা:	অন্যা ন্য			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল	২৫৫০.৩২৫ লক্ষ	-	-	-	জানুয়ারী' ২০০৮ থেকে ডিসেম্বর'২০১০	১৪/০১/২০০৯		
আরডিপিপি	৬১৫৬.৯৩ লক্ষ	-	-	-	জানুয়ারী' ২০০৮ থেকে ডিসেম্বর'২০১৬	৩০/১২/২০১২	১৪১.৪২	৩২৫%

(খ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত ব্যয় বৃদ্ধির হার: ১৪১.৪১%।

(গ) মূল প্রাক্কলনের সাথে ক্রমপুঞ্জিত মেয়াদ বৃদ্ধির হার:৩২৫%।

৬। প্রকল্প এলাকা:

বিভাগ	জেলা	উপজেলা	সিটিকর্পোরেশন/পৌরসভা	সমগ্রবাংলাদেশ
চট্টগ্রাম	চট্টগ্রাম	কোতোয়ালী	সিটি কর্পোরেশন	

(৭) প্রকল্পের উদ্দেশ্য:

১) নগর আবাসিকের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করা।

২) বন্দর নগরীর বাণিজ্যিক চাহিদা পূরণ করা।

৩) শহরে বসবাসকারীদের জন্য সুপরিকল্পিত ও পরিবেশগত কাঁচাবাজার স্থাপনের লক্ষ্যে।

৪) বন্দর নগরীর বর্ধিত জনসংখ্যার আবাসের লক্ষ্যে পার্কিং সুবিধাসহ নতুন আবাসিক ফ্ল্যাট নির্মাণ।

৫) প্রকল্পটি চট্টগ্রাম শহরের অর্থনৈতিক উন্নয়নের ভূমিকা রাখবে।

৮। প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন: প্রকল্প সমাপ্তি প্রতিবেদন (PCR) অনুযায়ী প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নে দেয়া হল:

(লক্ষ টাকায়)

ক্রঃ নঃ	পিসিআর অনুযায়ী কাজের বিভিন্ন অঙ্গের নাম	একক	অনুমোদিত লক্ষ্যমাত্রা		প্রকৃত বাস্তবায়ন	
			আর্থিক	বাস্তব পরিমাণ	আর্থিক	বাস্তব পরিমাণ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
A	**Revenue Component**					
1	Gas & Fuel		L.S	20.00	L.S	3.67
	Petrol & Lubricants		L.S	3.00	L.S	-
	Stationary, seal & stamp		L.S	1.00	L.S	0.52
	Publishing & Advertisement		L.S	20.00	L.S	7.87
	Temporary labor		L.S	1.00	L.S	-
	Legal expenditure		L.S	1.00	L.S	1.40
	Survey work		L.S	1.00	L.S	2.93
	Computer, internet & accessories					
	Soil test		L.S	1.00	L.S	-
	Consultancy		L.S	25.00	L.S	11.23
	Total			**76.00**		**27.63**
B	**Capital Component**					
	Jeep	nos	01	30.00		23.59
	Motor cycle	nos	02	2.00		-
	Garbage Tanker & trolly			-		-
	Land Acquisition	katha	24.00	352.00		-
2	Civil work including Finishing					
	Building Construction	sqm	12526.00	4439.80		4423.56
	Water supply	sqm	12526.00	241.63		192.37
	Electrical works	sqm	12526.00	330.00		292.45
	Lift	nos	04	240.00		189.86
	Escalator	nos	02	180.00		116.25
	Generator (300kva)	nos	02	40.00		32.46
	Substation (630 kva)	nos	02	120.00		105.35
	Solar panel, Fire Hydrant etc.		L.S	50.00		29.61
	Others					
3	Gas Supply		L.S	40.00	4500	23.16
4	Community Expenditure		L.S	10.00	4500	5.05
5	Landscapping & plantation		L.S	5.00	4500	2.45
6	Price contingency-	3%				
7	Physical contingency-	2%				
	Sub- Total			**6080.93**		**5436.16**
	Total			**6156.93**		**5463.79**

৭। **কাজ অসমাপ্ত থাকলে তার কারণ:** ডিপিপি-র লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সম্পন্ন হয়েছে।

৮।**মূল্যায়ন পদ্ধতিঃ** প্রকল্পটির সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নোক্তবিষয়/পদ্ধতি **অনুসরন** করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি পর্যালোচনা;

- প্রকল্পের PCR পর্যালোচনা;
- কাজের বাস্তবঅগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন;
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ;

৯। প্রকল্প এলাকা পরিদর্শন:

৯.১ প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের ৭ নং সেক্টরের পরিচালক জনাব মো: রফিকুল আলম গত ১৭/০৫/২০১৮তারিখে প্রকল্পটির প্রকল্প স্থান পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগিতা করেন। পরিদর্শনের সময় দেখা যায়, প্রকল্পের কাজ সঠিকভাবে বাস্তবায়িত হয়েছে।

৯.২ **নিম্নে পরিদর্শিত অংশের চিত্র দেয়া হলো**



চিত্র: প্রকল্পের আওতায় বাস্তবায়িত কাঁচাবাজারের দৃশ্য



চিত্র:প্রকল্পের আওতায় নির্মিত এ্যাপার্টমেন্ট ভবনের দৃশ্য



চিত্র: প্রকল্পের আওতায় নির্মিত এ্যাপার্টমেন্ট ভবনের দৃশ্য



চিত্র: প্রকল্পে বাস্তবায়িত কাঁচাবাজারের দৃশ্য

১০.০ প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রম:

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দপ্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইডি'র একজন কর্মকর্তা আবদুল্লাহ-আল-মাসুদ , সহকারী পরিচালক পরিদর্শন করেছেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়িত হয়েছে দেখা যায়।

১১.০ প্রকল্পের জনবল নিয়োগ:

প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব রাজীব দাশ, নির্বাহী প্রকৌশলী (আইপি) চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের নিজস্ব জনবল।

১২.০ প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:

প্রকল্প পরিচালকের নাম ও আইডি নং	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
জনাব রাজীব দাশ	নির্বাহী প্রকৌশলী (আইপি)	০৯/০৭/২০১৩	নিয়মিত	হ্যাঁ	০২টি
জনাব নুরুল আমীন ভূইয়া	নির্বাহী প্রকৌশলী-৩	০৯/০৭/১৩			

১৩.০ **প্রকল্পের ক্রয় কার্যক্রম:**

প্রকল্প অফিসে সংরক্ষিত প্রকল্পের ক্রয় সংক্রান্ত দলিলপত্র পর্যালোচনা করে দেখা যায় যে, বিজ্ঞাপন প্রক্রিয়া, কমিটি গঠন, দরপত্র আহবান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ প্রদান ইত্যাদি প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে। ক্রয় সম্পর্কিত তথ্য নিম্নরুপ:

(ক) ডিপিপি/টিএপিপি'তে মোট প্যাকেজ সংখ্যা: ০৩ টি।

(খ) পণ্য, কার্য ও সেবা ক্রয় সংক্রান্ত তথ্য:

প্যাকেজ	দরপত্র আহ্বানের তারিখ ও প্রাক্কলিত মূল্য	চুক্তির তারিখ ও চুক্তি মূল্য	কাজ সমাপ্তির তারিখ		বাস্তবায়নে বিলম্ব হলে তার কারণ
			চুক্তি অনুযায়ী	প্রকৃত	
০১.	৩০/১০/২০০৮ টা. ৩৫,৪৯,৯৩,৫০০.০০	০৫/০২/২০০৯ টা.৩২,০০,০৩,৪০১.০৯	২২/০৩/২০১১	৩০/১২/২০১২	নির্মাণ সামগ্রীর মূল্যবৃদ্ধি ও ঠিকাদারকে যথাসময়ে সাইট হস্তান্তর করতে না পারাতে বাস্তবায়নে বিলম্ব হয়েছে।
০২.	০৯/০১/২০১৪ টা. ২১,৭৮,০৪৬৪৭.০০	১৮/০৬/১৪ টা. ২৩,৬২,১০,৬৫৭.৭৭	২২/০৭/২০১৬	২৫/১২/২০১৬	
০৩.	১৩/০৪/২০১৬ টা. ১৫,৩৫,৪৮,৩৯৫.৯৮	২৮/০৭/২০১৬ টা. ১৩,০৪,৬৮,৩৮৩.১৫	১৩/০২/২০১৭	১৫/০৬/২০১৭	

১৪.০ **প্রকল্পের উদ্দেশ্য অর্জন:**

পরিকল্পনা	অর্জন	পর্যবেক্ষণ
(ক) নগর আবাসিকের জন্য উপযুক্ত বাসস্থানের ব্যবস্থা করা;	(ক) পিসিআর অনুযায়ী আবাসিকের জন্য বিল্ডিং নির্মান করা হয়েছে;	সরেজমিন পরিদর্শনে দেখা যায় ১৪ তলা ফাউন্ডেশনে ৩ টি বেইজমেন্টসহ ১৪ তলা ভবন নির্মিত হয়েছে।
(খ) বন্দর নগরীর বাণিজ্যিক চাহিদা পূরণ করা;	(খ) বন্দর নগরীর বাণিজ্যিক চাহিদা পূরণ হয়েছে;	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, নির্মিত ভবনের ফাস্ট ফ্লোরে মার্কেট তৈরি করা হয়েছে ।
(গ) শহরে বসবাসকারীদের জন্য সুপরিকল্পিত ও পরিবেশগত কাঁচাবাজার স্থাপনের লক্ষে;	(গ) শহরে বসবাসকারীদের জন্য সুপরিকল্পিত ও পরিবেশগত কাঁচাবাজার স্থাপনের লক্ষ পূরণ হয়েছে;	সরেজমিন পরিদর্শনে দেখা যায়, নির্মিত ভবনের গ্রাউন্ড ফ্লোরে কাঁচা বাজার স্থাপন করা হয়েছে।
(ঘ) বন্দর নগরীর বর্ধিত জনসংখ্যার আবাসনের লক্ষে পার্কিং সুবিধাসহ নতুন আবাসিক ফ্ল্যাট নির্মাণ;	(ঘ) বন্দর নগরীর বর্ধিত জনসংখ্যার আবাসনের লক্ষে পার্কিং সুবিধাসহ নতুন আবাসিক ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে;	সরেজমিন পরিদর্শনে দেখা যায় ১৪ তলা ফাউন্ডেশনে নির্মিত ভবনে গাড়ী পার্কিংয়ের জন্য ৩ টি বেইজমেন্টের সংস্থান রাখা হয়েছে।
(ঙ) প্রকল্পটি চট্টগ্রাম শহরের অর্থনৈতিক উন্নয়নের ভূমিকা রাখবে।	(ঙ) প্রকল্পটি চট্টগ্রাম শহরের অর্থনৈতিক উন্নয়নের ভূমিকা রাখবে।	এ বিষয়ে প্রভাব মূল্যায়নে পরবর্তীতে জানাবে।

১৫ .০ **উদ্দেশ্য পুরোপুরি অর্জিত না হলে তার কারণ:** প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

১৬.০ **বাস্তবায়ন পর্যবেক্ষণ:**

১৬.১ **Time & cost over run:** প্রকল্পটির মূল ডিপিপি ২৫৫০.৩২৫ লক্ষ টাকার প্রাক্কলনে জানুয়ারি, ২০০৮ হতে ডিসেম্বর, ২০১০ মেয়াদের জন্য গত ১৪/০১/২০০৯ তারিখে অনুমোদিত হয়েছিল। ২ বার সংশোধনীর মাধ্যমে ৬১৫৬.৯৩ লক্ষ টাকার প্রাক্কলনে জানুয়ারি, ২০০৮ হতে ডিসেম্বর'২০১৬ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়।অর্থাৎ প্রকল্পটির সময় বৃদ্ধি পায় ৬ (ছয়) বৎসর ৬ মাস বা ৩২৫% এবংপ্রাক্কলন বৃদ্ধি পায় ৩৬০৬.৬০৫ লক্ষ টাকা বা ১৪১.৪১% ।প্রকল্পটি মূল ডিপিপির প্রাক্কলিত অর্থ ও নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেনি। প্রকল্প পরিচালকের বক্তব্য হলপ্রকল্পে অন্তর্ভুক্ত জমিতে কাঁচা বাজার ছিল। কাচাঁ বাজার চালু রাখার কারণে ভবনের কাজ একবারে শুরু করা যায়নি। প্রকল্প এলাকাকে দুইভাগে ভাগ করে পূর্ব হতে অবস্থিত দোকান মালিকদের একটি অংশ পুণর্বাসন করে অপর অংশে নির্মাণ কাজ পরিচালনা করতে হয়। তাতে অংশ ভিত্তিক নির্মাণ কাজ পরিচালনা করতে গিয়ে প্রকল্পের মেয়াদ বৃদ্ধি পায়।

১৬.২ **প্রকল্পের ভৌত কাজ সংক্রান্ত:** চট্টগ্রাম সিটি কর্পোরেশনের অন্তর্ভুক্ত কাজীর দেউড়ী, কোতোয়ালী থানাধীন ২৩ কাঠা জায়গার উপর প্রকল্পটি অবস্থিত। প্রকল্পের মাধ্যমে ১৪ তলা ফাউন্ডেশনে ১১ তলা বিশিষ্ট ভবন নির্মাণ করা হয়েছে। নির্মিত ভবনে গাড়ী পার্কিংয়ের জন্য ৩টি বেইজম্যান্ট, ৬৪ টি ফ্ল্যাট ও ৭৬টি দোকান সংস্থান রাখা হয়েছে। ৬৪ টি ফ্ল্যাটের মধ্যে ১৫০১ স্কয়ার ফিটের ১৬ টি, ১৪৩৫ স্কয়ার ফিটের ৩২ টি, ১১৩৭ স্কয়ার ফিটের ৮ টি এবং ১০৪২ স্কয়ার ফিটের ৮ টি ।ফ্ল্যাট এবং দোকান ইতোমধ্যে আগ্রহী প্রার্থীদের মধ্যে বরাদ্দ করা হয়েছে। নির্মিত ভবনের সামনের অংশে কাঁচা বাজার ও মার্কেটে প্রবেশ পথ এবং পিছন দিক দিয়ে ৩টি লিফট ও সিড়ির মাধ্যমে ফ্ল্যাটে প্রবেশ পথ

রাখা আছে। ভবনে ৪ টি লিফট স্থাপন করা হয়েছে, এর মধ্যে ৩ টি ফ্ল্যাটে যাতায়াতের জন্য এবং ১ টি মার্কেটে যাতায়াতের জন্য ব্যবহৃত হবে। এছাড়া প্রথমে ফ্লোরের মার্কেটে যাতায়াতের জন্য এক সেট এ্যাসকেলেটর স্থাপন করা হয়েছে।

১৬.৩ **প্রকল্পের নির্মাণকাজের গুণগত মান:** প্রকল্পের নির্মাণ কাজে বর্তমানে ব্যবহৃত নির্মাণ সামগ্রীর টেস্ট রিপোর্টসমূহ পরিদর্শনকালে প্রদর্শন করা হয়েছে। সর্বোপরি, বাহ্যিকভাবে প্রকল্পের নির্মাণ কাজের গুণগত মান সন্তোষজনক বলে প্রতীয়মান হয়েছে।

১৬.৪। **অডিট নিষ্পত্তি সংক্রান্ত:**পিসিআর দৃষ্টে দেখা যায়, প্রকল্পের অভ্যন্তরীন এবং এক্সটার্নাল অডিট হয়েছে। ৩ টি আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় আছে, আপত্তি সংশ্লিষ্ট অর্থের পরিমান যথাক্রমমে১৩৭.৬৩৪লক্ষ, ৪.৫৯৯ লক্ষও ৭৭১.০০ লক্ষ টাকা।

১৬.৫ **<u>প্রকল্পের উদ্দেশ্য অর্জন:</u>**প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল পার্কিং সুবিধা সংবলিত আবাসিক ও বাণিজ্যিক ব্যবহারের জন্য একটি ভবন নির্মাণ করা। এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে ৩ টি বেইজমেন্টসহ ১৪ তলা বিশিষ্ট ভবন নির্মাণ করা হয়েছে। ৩ টি বেইজমেন্টে গাড়ী পার্কিংয়ের ব্যবস্থা রাখা হয়েছে, এছাড়া ভবনের ৩ পার্শ্বে গাড়ী পার্কিংয়ের ব্যবস্থা রাখা হয়েছে। ভবনের গ্রাউন্ড ফ্লোরে কাঁচা বাজারের জন্য ছোট ছোট দোকান করা হয়েছে এবং ১ম ফ্লোরে মার্কেট করা হয়েছে। আবাসনের জন্য ৬৪ টি ফ্ল্যাট নির্মাণ করে আগ্রহী প্রার্থীদের মধ্যে বরাদ্দ করা হয়েছে।প্রকল্পের এসব কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রকল্পের উদ্দেশ্য অর্জন করা হয়েছে।

১৬.৬ **<u>সম্পদ রেজিষ্টার সংরক্ষণ:</u>**এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে দেশি বিদেশী বিভিন্ন প্রকার যন্ত্রপাতি, আসবাবপত্র ও অফিস ইকুইপমেন্ট ক্রয় করা হয়েছে। এসব যন্ত্রপাতি ও মালামাল সম্পদ রেজিস্টরে লিপিবদ্ধ করার জন্য সম্পদ রেজিস্টার খোলা হয়নি। ক্রয়কৃত মালামালের তালিকা সংরক্ষনের জন্য সম্পদ রেজিস্টার খোলা প্রয়োজন।

১৭.০ **<u>সুপারিশ/মতামত:</u>**

১৭.১ প্রকল্পটি মূল প্রকল্পের মেয়াদ ও প্রাক্কলিত অর্থে সমাপ্ত হয়নি, ৬ (ছয়) বৎসর ৬ মাস বা ৩২৫% সময় এবং প্রাক্কলন ৩৬০৬.৬০৫ লক্ষ টাকা বা ১৪১.৪১% অতিরিক্ত লেগেছে। মন্ত্রণালয়ের নতুন প্রকল্পের প্রাক্কলন ও বাস্তবায়ন মেয়াদ সঠিক ভাবে করতে হবে এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে ডিপিপির নির্ধারিত অংগ, অর্থ ও মেয়াদের মধ্যে শেষ করতে হবে যাতে প্রাক্কলন ও মেয়াদ বৃদ্ধি করতে না হয়।

১৭.২ এ প্রকল্পের অভ্যন্তরীন এবং এক্সটার্নাল অডিটের ৩ টি আপত্তি নিষ্পত্তির অপেক্ষায় আছে, আপত্তি সংশ্লিষ্ট অর্থের পরিমান ৯১৩.২৩৩ লক্ষ টাকা। পেন্ডিং অডিট আপত্তিগুলো দ্রুত নিষ্পত্তি করতে হবে।

১৭.৩ এ প্রকল্পের মাধ্যমে নির্মিত এবং ক্রয়কৃত বিভিন্ন মালামালের তালিকা সংরক্ষনের জন্য সম্পদ রেজিস্টার তৈরি করতে হবে এবং সম্পদ রেজিস্টারে সকল মালামাল লিপিবদ্ধ করতে হবে।

১৭.৪ উপর্যুক্ত সুপারিশ/মতামত অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয়/সংস্থা কর্তৃক গৃহীত ব্যবস্থা সম্পর্কে আগামী ২১ (একু শ) দিনের মধ্যে বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ-কে অবহিত করতে হবে।

চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন শীর্ষক প্রকল্পের **সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন**

১.০ প্রকল্পের নাম : চাঁপাইনবাবগঞ্জ জেলার সদর উপজেলায় সাইট এন্ড সার্ভিসেস আবাসিক প্লট উন্নয়ন

২.০ উদ্যোগী মন্ত্রণালয়/ বিভাগ : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

৩.০ বাস্তবায়নকারী সংস্থা : জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ

৪.০ প্রাক্কলিত ব্যয় (লক্ষ টাকা):

মোট	নিজস্ব অর্থায়ন
২৫৫০৬০.	২৫৫০৬০.

৫.০ বাস্তবায়নকাল: জুলাই ,থেকে ডিসেম্বর ২০১২ ,২০১৬।

৬.০ (ক) প্রকল্পের বাস্তবায়ন, সময় এবং ব্যয় (লক্ষ টাকা):

বিষয়	**অনুমোদিত প্রাক্কলিত ব্যয়**				**বাস্তবায়ন কাল**	অনুমোদনের তারিখ	*** পরিবর্তন (+/-)**	
	মোট	**জিওবি**	**প্রঃ সাঃ**	**অন্যান্য**			**ব্যয় (%)**	**মেয়াদ (%)**
মূল	২৫৫০.৬০	---	---	২৫৫০ ৬০.	জুলাই/১২ থেকে জুন/১৪	০৬/০৮/২০১২ খ্রিঃ	---	২ বছর
সংশোধিত(১ম)	২৯৭১.১২	---	---	২৯৭১.১ ২	জুলাই/১২ থেকে জুন/১৫	২৮/১০/২০১৪ খ্রিঃ	১৬.৪৯ %	
ব্যয় বৃদ্ধি ব্যতিরিকে মেয়াদ বৃদ্ধি	---	---	---	---	জুলাই/১২ থেকে ডিসেম্বর/১৬	---	---	

৭.০ প্রকল্প এলাকা ঃ

বিভাগ	**জেলা**	**উপজেলা**	**সিটি কর্পোরেশন/ পৌরসভা**
রাজশাহী	চাঁপাইনবাবগঞ্জ	চাঁপাইনবাবগঞ্জ সদর	পৌরসভা

৮.০ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তবায়ন : প্রকল্পটির অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় হতে , /১০১০) তারিখে অগ্রায়িত প্রকল্প সমাপ্তি প্রতিবেদন ২০১৭/পিসিআর) এর ভিত্তিতে সংযুক্তি “ক” তে দেয়া হল ।

৯.০ প্রকল্পের সার্বিক বাস্তবায়নের অগ্রগতি :

পিসিআর অনুযায়ী দেখা যায় প্রকল্পটির মূল ব্যয় ২৫৫০ ,লক্ষ ৬০.সর্বশেষ সংশোধনীতে ব্যয় ২৯৭১ লক্ষ টাকা। ১২. লক্ষ টাকা। ১৬.১৬৯৫ এবং পরবর্তীতে প্রকৃত ব্যয় প্রকল্পের সকল অংগের ১০০% কাজ সমাপ্ত হয়েছে বলে PCR এ উল্লেখ আছে।

১০। কাজ অসমাপ্ত থাকলে তার কারণ: ডিপিপির লক্ষমাত্রা অনুযায়ী প্রকল্পের সকল কাজ সমাপ্ত হয়েছে।

১১। মূল্যায়ন পদ্ধতি: প্রকল্পটির মূল্যায়ন প্রতিবেদন প্রণয়নে নিম্নলিখিত পদ্ধতি অনুসরণ করা হয়েছে:

প্রকল্পের ডিপিপি ও PCR পর্যালোচনা, কাজের বাস্তব অগ্রগতি যাচাই ও তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা ও মতামত গ্রহণ।

১২। প্রকল্পের প্রধান উদ্দেশ্যঃ

ক) পরিকল্পিত উপায়ে ভূমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে আবাসন সমস্যার সমাধান করা;
খ) আধুনিক সুযোগ সুবিধা সমৃদ্ধ আবাসনের মাধ্যমে নগরায়ন সুবিধা প্রদান করা; এবং
গ) আগ্রহী ক্রেতাদের স্বল্প মূল্যে স্থায়ী আবাসিক প্লট বরাদ্ধের সুযোগ সৃষ্টি করা।

১৩। প্রকল্পের পটভূমিঃ

গ্রামীন জনপদের জীবন ব্যবস্থাকে উন্নত করার প্রয়াসে স্বল্প ও মধ্যম আয়ের লোকদের জন্য পরিকল্পিত আবাসন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে চাপাই নবাবগঞ্জ জেলার সদর উপজেলায় ১৬.৩৯ একর জমিতে একটি আবাসন প্রকল্প হাতে নেওয়া হয়। প্রকল্পের উদ্দেশ্য কম জমি ব্যবহার করে প্লট সৃষ্টি করে স্কুল, কাঁচা বাজার, সবুজ পার্কসহ বিভিন্ন নাগরিক সুবিধা সম্বলিত পরিকল্পিত আবাসনের ব্যবস্থা করা।

১৪। প্রকল্পের অনুমোদনঃ

আলোচ্য প্রকল্পটি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী কর্তৃক ২০১২ সালে ২৫৫০৬০. লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১২ থেকে জুন ২০১৪ মেয়াদে অনুমোদিত হয়। যার স্মারক নং গৃগম/পরি-২/জাগৃক-২২/২০১০/২২৬, তাং-৬/৮/২০১২। পরবর্তীতে স্মারক নং গৃগম/পরি-২/জাগৃক-২২/২০১০/২৫৭, তাং-২৮/১০/২০১৪ সূত্রে ডিসেম্বর ২০১৫ মেয়াদে এবং পরবর্তীতে ডিসেম্বর ২০১৬ মেয়াদে (ব্যয় বৃদ্ধি বিহীন) সংশোধিত হয়।

১৫। প্রকল্প এলাকা পরিদর্শনঃ

প্রকল্পটি সমাপ্তির পর প্রকল্পের কার্যক্রম মূল্যায়নের নিমিত্ত বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের উপ পরিচালক, নিম্নস্বাক্ষরকারী এইচ, এম, খালিদ ইফতেখার কর্তৃক ১৪/০৩/২০১৮ তারিখে প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শন করা হয় । পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন এবং প্রয়োজনীয় তথ্যাদি দিয়ে সহযোগীতা করেন।

১৬। প্রকল্প পরিদর্শন চিত্র:



চিত্র: প্রকল্পের আওতায় তৈরী বৈদ্যুতিক লাইন।



চিত্র: প্রকল্পের আওতায় তৈরী ড্রেনেজ ব্যবস্থা



চিত্র: প্রকল্পের আওতায় তৈরী অভ্যন্তরীণ রাস্তা



চিত্র: প্রকল্পের পরিদর্শনকালে প্রকল্প পরিচালকসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ



চিত্র: প্রকল্প এলাকায় উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক লাইনের খুটি।



চিত্র: প্রকল্প এলাকায় সীমা নির্ধারনী কাজে ব্যবহৃত ড্রাম সীট পার্টিসন।

১৭। প্রকল্প বাস্তবায়নে মনিটরিং কার্যক্রমঃ

সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার কর্মকর্তাবৃন্দ প্রকল্প বাস্তবায়নকালে বিভিন্ন সময়ে প্রকল্পের কার্যক্রম পরিদর্শন করেছেন মর্মে সমাপ্তি প্রদিবেদনে উল্লেখ করা হয়েছে। পরিদর্শনের সময় দেখা যায় পূর্বে এ প্রকল্পটি আইএমইড'র কোন কর্মকর্তা পরিদর্শন করেননি।

১৮। প্রকল্পে জনবল নিয়োগঃ

প্রকল্পের ডিপিপিতে প্রকল্প খাতে কোন জনবল দেখানো নেই। গৃহায়ণ কর্তৃপক্ষের রাজশাহী রেঞ্জের নির্বাহী প্রকৌশলী এই প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে অতিরিক্ত দায়িত্ব পালন করেছেন এবং অন্যান্য স্টাফ জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের নিজস্ব জনবল। সে কারণে জনবল খাতে প্রকল্প ফান্ড হতে কোন জনবল নিয়োগ হয়নি এবং টাকাও খরচ হয়নি।

১৯। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য ঃ

প্রকল্প পরিচালক এর নাম	মূল দপ্তর ও পদবি	দায়িত্বকাল	দায়িত্বের ধরণ (নিয়মিত/অতিরিক্ত)	একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসাবে দায়িত্ব প্রাপ্ত কিনা	
				হ্যাঁ/না	প্রকল্প সংখ্যা
পরিমল কুমার কুরী,	নির্বাহী প্রকৌশলী জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষ ,রাজশাহী।	জুলাই হতে ২০১২/ /ডিসেম্বর২০১৬	অতিরিক্ত দায়িত্ব	হ্যাঁ	২ টি সমাপ্ত ২ টি চলমান

২০। প্রকল্পের প্রকিউরমেন্ট সম্পর্কিত তথ্য:

প্রকল্পের ক্রয় সংক্রান্ত প্রক্রিয়ায় পিপিআর-২০০৮ এর বিধিবিধান যথাযথভাবে অনুসরণ করা হয়েছে।

২১। প্রকল্পের উদ্দেশ্য অর্জনঃ প্রকল্পটির উদ্দেশ্য অর্জিত হয়েছে বলে পরিদর্শনে প্রতীয়মান হয়েছে।

পরিকল্পিত	অর্জিত	মন্তব্য
ক) ক্রমবর্ধমান জনসংখ্যা বৃদ্ধির সাথে সংগতি রেখে পরিকল্পিত উপায়ে সীমিত জায়গায় অধিকসংখ্যক আবাসনের লক্ষ্যে আবাসিক প্লটের চাহিদা পূরণ; **খ)** জনগণের জন্য নাগরিক ও আধুনিক সুযোগ সুবিধা সৃষ্টি করা; গ) আগ্রহী ব্যক্তিবর্গের জন্য যৌক্তিক মূল্যে আবাসিক প্লট ক্রয়ের সুযোগ সৃষ্টি। ঘ) পরিকল্পিত বাণিজ্যিক স্থান নির্বাচন প্রেক্ষিতে সুস্থ নাগরিক পরিবেশ বিষয়ে সচেতনতা বৃদ্ধি।	সর্বমোট ১৬.৩৯ একর জমিতে ১৬৭টি আবাসিক প্লট ৩ টি বাণিজ্যিক প্লট, কাঁচা বাজার, সবুজ উদ্যান, মসজিদ, বিদ্যালয়, খেলার মাঠ ইত্যাদিসহ একটি পরিকল্পিত আবাসিক বসতি গড়ে তোলার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।	পরিকল্পিত উপায়ে সীমিত জায়গায় আগ্রহী ব্যক্তিবর্গের জন্য যৌক্তিক মূল্যে আবাসিক প্লট ক্রয়ের সুযোগ সৃষ্টি হয়েছে। সর্বোপরি স্কুল ,কাচাঁ বাজার, সবুজ উদ্যান, মসজিদ, বিদ্যালয়, খেলার মাঠ ইত্যাদিসহ একটি পরিকল্পিত আবাসিক বসতির বিকাশে প্রকল্পটি কার্যকর হিসাবে গন্য হতে পারে।

২২। বাস্তবায়ন পর্যবেক্ষণঃ

২২.১) ত্রুটিপূর্ণ পিসিআরঃ

পিসিআরে প্রকল্পের অনুমোদন, সংশোদন প্রক্রিয়া, মেয়াদ ও তারিখ সুষ্ঠুভাবে উল্লেখ করা নেই। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যে দায়িত্ব পালন সংক্রান্ত সময়কাল যথাযথভাবে লিপিবদ্ধ হয়নি। প্রকল্পের অডিট কার্যক্রম বিষয়ে কোন তথ্য পিসিআরে পাওয়া যায় না। প্রকল্প সমাপ্তির ০৩ মাসের মধ্যে সমাপ্তি প্রতিবেদন প্রেরণের নির্দেশনা থাকলেও বর্ণিত প্রকল্পের পিসিআর অগ্রায়িত হয়েছে সমাপ্তি মেয়াদের ১০ মাস পর। প্রকল্পে সময়কালে পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিপত্র অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক পিআইসি ও পিএসসিতে সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে পিসিআরে কোন তথ্য পাওয়া যায়নি।

২২ (২. Time and Cost over Run:

প্রকল্পটির মূল ডিপিপি ২৫৫০ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত ২০১৪ হতে জুন ২০১২ লক্ষ টাকায় প্রাক্কলনে জুলাই ৬০. ২০১২ লক্ষ টাকার প্রাক্কলনে জুলাই ১২.২৯৭১ হয়েছিল। পরবর্তী সংশোধনী সমূহের মাধ্যমেহতে ডিসেম্বর ২০১৬ পর্যন্ত মেয়াদের জন্য অনুমোদিত হয়। অর্থাৎ প্রকল্পটির সময় দুই বৎসর বৃদ্ধি পায় এবং ৪২০ লক্ষ টাকা প্রাক্কলন বৃদ্ধি ৫২. পায়। প্রকল্পটি মূল ডিপিপির নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে পারেনি। ভূমি অধিগ্রহণ কাজের সমস্যার কারনে প্রকল্পের কাজ শুরুহতে দেরী হয়েছে মর্মে প্রকল্প কর্তৃপক্ষ হতে জানা যায়।

২২.৩) প্রকল্পের আবাসিক প্লট উন্নয়ন ও বিক্রয় সংক্রান্ত তথ্য:

প্রকল্পটি ১৬.৩৯ একর জমির উপর প্রতিষ্ঠিত এবং মাটি ভরাটের মাধ্যমে ভূমি উন্নয়নকরত প্লট নির্মিত হয়েছে। ৫ কাঠার ১৫ টি, ৪.৮ কাঠার ৫ টি ৪.৩৩ কাঠার ১২ টি ৪ কাঠার ৫৪ টি ৩.৯৭ কাঠার ০১টি ৩ কাঠার ২৮ টি ২.৭৫ কাটার ১৬ টি এবং ২.৫ কাঠার ৮৯ টি প্রতি কাঠা ৩.৮১ লক্ষ টাকা দরে বিক্রয় পরিকল্পনা করা হয়েছে। এছাড়া ৬.১০ লক্ষ টাকা প্রতি কাঠা মূল্যে ০৭ টি বানিজ্যিক প্লটের সংস্থান রাখা হয়েছে।

প্রকল্পের মাধ্যমে প্রস্তুতকৃত ১৬৭ টি প্লট বিক্রয়ের বিজ্ঞপ্তি দেওয়া হয় । নির্ধারিত ফরমে আগ্রহী প্রার্থীগণ আবেদন করেন। আবেনগুলো যাচাই বাছাই করে যোগ্য প্রার্থীদের সিলেক্ট করা হয় এবং লটারির মাধ্যমে কোন প্লট কে পাবে তা নির্ধারন করা হয় । ইতোমধ্যে ৫২ টি প্লট বরাদ্দ করা হয়েছে । প্রতি প্লটের সমূদয় মূল্য ৪ কিস্তিতে পরিশোধ যোগ্য। প্লটের সমূদয় টাকা পরিশোধের পর বরাদ্দপ্রাপ্ত ব্যক্তিকে প্লট বুঝিয়ে দেয়া হবে এবং দলিল করে দেয়া হবে ।

২২.৪) জনবল সল্পতাঃ

বর্তমানে জাতীয় গৃহায়ণ কর্তৃপক্ষের রাজশাহী বিভাগের আওতায় বেশ কয়েকটি প্রকল্প চলমান রয়েছে। নির্বাহী প্রকৌশলী,রাজশাহী বিভাগ,অত্র প্রকল্পসহ চলমান বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করছেন। প্রকল্পসমূহ বিভিন্ন জেলায় অবস্থিত। প্রকল্প বাস্তব প্রেক্ষিতে স্বল্প জনবল নিয়ে নিয়মিত প্রকল্প মনিটরিং ও তদারকি করা সম্ভবপর নয় মর্ম প্রতীয়মান হয়।

২২.৫) অনিষ্পন্ন বৈদ্যুতিক সরবরাহ লাইন:

প্রকল্প এলাকায় দেখা যায় কিছু কিছু অংশে বৈদ্যুতিক লাইন নির্মানের কাজ সমাপ্ত হয়নি। উপস্থিত পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের প্রতিনিধিগণ জানান যে তারা ইতোমধ্যে প্রয়োজনীয় অর্থ সরবরাহ পেয়েছেন এবং অতি দ্রুত বৈদ্যুতিক লাইন স্থাপনের বাকী কাজগুলো সমাপ্ত করবেন।

২২.৬) প্রকল্পস্থলে ভূমি ব্যবস্থাপনা:

পরিদর্শনে দেখা যায় যে প্রকল্প সীমায় জলাধার রয়েছে। প্লটসমূহের সীমা নির্ধারণ ছাড়া সম্পূর্ন প্রকল্প এলাকার সীমানা নির্ধারনী কোনরূপ কার্যক্রম পরিলক্ষিত হয়নি। এছাড়াও প্রকল্প মধ্যস্থ একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক লাইনের খুটি রয়েছে যা জন নিরাপত্তার প্রেক্ষিতে গুরুত্ববহ ।

২২.৭) প্রকল্পের অডিট নিষ্পত্তি:

সমাপ্ত প্রকল্পের পিসিআর পর্যবেক্ষনে দেখা যায় যে, অডিট সংক্রান কোনরূপ তথ্য অনুপস্থিত প্রকল্প চলাকালীন এবং প্রকল্প শেষে প্রকল্পের সুষ্ঠু পরিচালন দক্ষতা নির্ধারনে এবং স্বচ্ছতা নির্দিষ্টকরনে অডিট কার্যক্রম সম্পন্ন করা যৌক্তিক ছিল।

২৩। সুপারিশ:মতামত/

১) আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে প্রকল্প সংশ্লিষ্ট সকল অডিট কার্যক্রমসমূহ দ্রুত নিষ্পত্তিকরত: আইএমইডি'কে অবহিত করতে হবে।

২) প্রকল্প এলাকায় বৈদ্যুতিক লাইন স্থাপনের অবশিষ্ট অংশের কার্যক্রম দ্রুত সমাপ্ত করনে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।

৩ প্রকল্প এলাকায় অবস্থিত উচ্চ ক্ষমতাসম্পন্ন বৈদ্যুতিক লাইন এবং খুটি বিষয়ে প্রয়োজনীয় নিরাপত্তা মূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪ প্রকল্প এলাকার চার পাশে কোন বাউন্ডারি দেয়াল বা নিরাপত্তা দেয়ালের ব্যবস্থা নেই। নিরাপত্তা বাউন্ডারি দিতে হবে।

৫) নির্মিত ড্রেনে পানি নিষ্কাশন ব্যবস্থা সচল রাখতে আউটলেটগুলোর মুখে নেট/গ্রিল স্থাপন করার ব্যাপারে বাস্তবায়নকারী সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে

৬) প্রকল্পের আওতায় নির্মিত রাস্তা, ড্রেনসহ যাবতীয় ভৌত অবকাঠামো অতি দ্রুত বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করতে হবে।

৭) জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের কাজের তুলনায় জনবল অনেক কম থাকায় একজন কর্মকর্তা/কর্মচারী একাধিক অফিস ও প্রকল্পের দায়িত্ব পালন করছেন। ফলত প্রকল্পের কাজ সঠিকভাবে তদারকি করা সম্ভব হচ্ছে না। প্রয়োজনের নিরিখে জনবল বিষয়ে ব্যবস্থা নেয়া প্রয়োজন।

৮) বাস্তবায়নকারী সংস্থার সকল সমাপ্ত প্রকল্পের পিসিআর যথাযথভাবে নির্দেশনা পরিপত্র অনুযায়ী প্রেরণ করতে হব/

৯) নতুন এবং চলমান প্রকল্পের ক্ষেত্রে একজন কর্মকর্তাকে একাধিক প্রকল্পের প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব প্রদান পরিহার করতে হবে।

১০) প্রকল্পের আওতায় ১৬৭টি প্লটের মধ্যে ইতোমধ্যে ৫২টি প্লট বরাদ্দ হয়েছে। অবশিষ্ট ১১৫টি প্লট দ্রুত বরাদ্দ প্রদানের ব্যবস্থা নিতে হবে।

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণীর্ষক প্রকল্পের সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন

(সমাপ্ত : জুন ২০১৭)

১। প্রকল্পের নাম : বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা-কর্মচারীদের জন্য ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ

২। উদ্যোগী মন্ত্রণালয় : গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।

৩। বাস্তবায়নকারী সংস্থা : গণপূর্ত অধিদপ্তর।

৪। প্রকল্পের অবস্থান : শেরে বাংলা নগর, ঢাকা।

৫। প্রকল্পের বাস্তবায়ন সময় ও ব্যয় :

(লক্ষ টাকায়)

প্রাক্কলিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল প্রাক্কলিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের (%)
মূল	সর্বশেষ সংশোধিত		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৬৪২১.৯৩	২১৮৪৭.১৪	২০৯০৯.৮৪	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৪	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭	জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭	৪৪৮৭.৯১ (২৭.৩২%)	৩৬ মাস (১০০%)

০৬। **প্রকল্পের উদ্দেশ্য** :

- বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীদের আবাসনের সুবিধা বৃদ্ধি;
- তাদের আবাসনের সমস্যা নিরসন করা; এবং
- কাজের দক্ষতা বৃদ্ধি করা।

০৭। **প্রকল্পের মূল কার্যক্রম :**

- ৬০০ ব:ফু: ১৬৮টি ফ্ল্যাট নির্মাণ;
- ৮০০ ব:ফু: ১১২টি ফ্ল্যাট নির্মাণ;
- ১০০০ ব:ফু: ১১২টি ফ্ল্যাট নির্মাণ;
- ১২৫০ ব:ফু: ৫৬টি ফ্ল্যাট নির্মাণ;
- মাল্টিপারপাস ভবন নির্মাণ;
- অভ্যন্তরীণ স্যানিটারি ও পানি সরবরাহ;
- অভ্যন্তরীণ বিদ্যুতায়ন;
- এসটিপি প্ল্যান্ট স্থাপন;
- লিফট স্থাপন; এবং
- ফায়ার ফাইটিং/হাইড্রেন্ড সিস্টেম স্থাপন।

০৮। **প্রকল্পের সার্বিক অগ্রগতি :**

প্রকল্পটির সর্বশেষ সংশোধিত অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ২১৮৪৭.১৪ লক্ষ টাকা। প্রাপ্ত পিসিআর অনুযায়ী প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২০৯০৯.৮৪ লক্ষ টাকা (৯৫.৭১%)। বাস্তব অগ্রগতির বিষয়টি পিসিআর এ উল্লেখ করা হয়নি।

(অংগভি ত্তিক আর্থিক ও বাস্তব অগ্রগতির বিস্তারিত পতাকা 'ক' তে সংযুক্ত)

০৯। **প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্য:**

নাম ও পদবি	দায়িত্বের ধরণ	দায়িত্বকাল	
		হতে	পর্যন্ত
জনাব মোহাম্মদ রফিকুল ইসলাম তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	০৩/১১/১১	২৫/১০/১২
জনাব আব্দুল মোমেন চৌধুরী তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	২৫/১০/১২	২৮/০২/১৬
জনাব মো: মোস্তফা কামাল তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	২৮/০২/১৬	২৩/০৪/১৭
জনাব মো: আমিনুল ইসলাম খান তত্ত্বাবধায়ক প্রকৌশলী	অতিরিক্ত	২৩/০৪/১৭	৩০/০৬/১৭

১০। **প্রকল্প পরিদর্শন, পরিদর্শিত এলাকা ও প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :**

বিগত ০২/১১/২০১৭ তারিখে আইএমইডি'র সহকারী পরিচালক, জনাব আবদুল্লাহ-আল-মাসুদ, কর্তৃক অত্র প্রকল্পটি পরিদর্শন করা হয়। এ সময়ে সংশ্লিষ্ট প্রকৌশলীগণসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত থেকে পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করেন।

প্রকল্পের বাস্তবায়ন পর্যবেক্ষণ :



চিত্র (১) : মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রকল্প উদ্বোধনকালে স্থাপিত স্মারক স্তম্ভ।



চিত্র (২) : ভবন এলাকার প্রধান ফটকের দৃশ্য।



চিত্র (৩) : প্রকল্পের আওতায় নির্মিত ভবনের দৃশ্য।




চিত্র (৪) : প্রকল্পের আওতায় নির্মিত অভ্যন্তরীণ রাস্তা।



চিত্র (৫) : প্রকল্প এলাকায় স্থাপিত এসটিপি প্ল্যান্ট।



চিত্র (৬) : বিদ্যুৎ সরবরাহের জন্য স্থাপিত সাব-স্টেশন।



চিত্র (৭): ভবনে স্থাপিত লিফটের দৃশ্য।



চিত্র (৮) : নির্মিত ফ্ল্যাটে বসবাসকারীদের অবস্থান।

১১। **প্রকল্পের উদ্দেশ্য অর্জন :**

পরিকল্পিত	অর্জিত	অত্র বিভাগের মন্তব্য
(ক) বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীদের আবাসনের সুবিধা বৃদ্ধি; (খ) তাদের আবাসনের সমস্যা নিরসন করা; এবং (গ) কাজের দক্ষতা বৃদ্ধি করা।	এ প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য বিভিন্ন আয়তনের ৪৪৮টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। ফলে জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যা নিরসন হয়েছে মর্মে প্রতীয়মান হয়।	আপাতদৃষ্টিতে স্বল্প মেয়াদে উদ্দেশ্য অর্জিত হলেও প্রভাব মূল্যায়নের মাধ্যমে প্রকৃত উদ্দেশ্য নিরূপণ করা যাবে।

১২। **প্রকল্পটির বাস্তবায়নের সুফল এরSustainability:**

নিম্নোক্ত বিষয়ের উপর নির্ভর করছে :

- সঠিক ব্যবস্থাপনা ও মনিটরিং;
- বার্ষিক অপারেশন এন্ড মেইনটেইন্যান্স নিয়মিতভাবে পরিচালনা;
- সর্বোপরি কাজের মান ও স্থায়িত্ব।

১৩। **প্রকল্পের প্রধান প্রধান ক্রয় সংক্রান্ত তথ্য :**

দরপত্র সংক্রান্ত নথি যাচাইয়ের প্রধান উদ্দেশ্য ছিল প্রকল্পটির আওতায় ক্রয়কৃত কাজ পর্যবেক্ষণ করা। এ ক্ষেত্রে প্রকল্পটির আওতায় একাধিক প্যাকেজ/লট থাকায় Random Selection এর মাধ্যমে নিম্নোক্ত কয়েকটি প্যাকেজ/লটের ক্রয় সক্রান্ত তথ্যাদি নিম্ন সারণিতে উপস্থাপন করা হ'লঃ (লক্ষ টাকায়)

প্যাকেজ / লটের নাম	কাজের বিবরণ	ক্রয় পদ্ধতি	ডিপিপি অনুযায়ী প্রাক্কলিত মূল্য	টেন্ডার ইভালুয়েশনের তারিখ	টেন্ডারে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সংখ্যা	টেন্ডারে রেসপনসিভ ব্যক্তি/ প্রতিষ্ঠানের সংখ্যা	চুক্তি সম্পাদনের তারিখ ও প্রতিষ্ঠানের নাম	চুক্তি অনুসার কার্য শেষ হওয়ার তারিখ	চুক্তি মূল্য	চূড়ান্ত বিল প্রদানের পরিমাণ	মন্তব্য
প্যাকেজ নং-WD-8	১০০০ ব:ফু: এর ৫৬টি ফ্ল্যাট নির্মাণ	ওটিএম	১৮১৪.৬৪	০৯/০৬/১৩	০৩ টি	০৩ টি	১৭/১১/১৩ পিবিএল-এমসিএল-জেভি	১৬/০২/১৫	২০৪২.২৮	২৩৮২.০৩ (ভেরিয়েশন অর্ডারে চুক্তি মূল্য বৃদ্ধি পেয়েছে)	পরবর্তীতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।
প্যাকেজ নং-WD-4	৬০০ ব:ফু: এর ৫৬টি ফ্ল্যাট নির্মাণ	ওটিএম	১১২৫.৪৪	২৯/০৫/১৩	০৩ টি	০২ টি	২১/১১/১৩ মেসার্স জামাল এন্ড কোম্পানী	২০/০২/১৫	১২৭০.১৭	১৩৫৪.১৩ (ভেরিয়েশন অর্ডারে চুক্তি মূল্য বৃদ্ধি পেয়েছে)	পরবর্তীতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।
প্যাকেজ নং-WD	৫ তলা বিশিষ্ট মাল্টিপারপাস ভবন নির্মাণ	ওটিএম	৭৯৫.৬৪	৩০/১২/১৫	০৪ টি	০১ টি	১৬/০২/১৬ এনপি-জেই-আইডি (জেভি)	১৫/০৯/১৬	৭৯৫.৬৪	৮৫১.২৪ (ভেরিয়েশন অর্ডারে চুক্তি মূল্য বৃদ্ধি পেয়েছে)	পরবর্তীতে চুক্তির মেয়াদ বৃদ্ধি করা হয়েছে।

(তথ্য সূত্র: প্রকল্প অফিস)

১৪। **পর্যবেক্ষণ:**

১৪.১ **Time over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় এর প্রকৃত বাস্তবায়নকাল অধিক সময় অতিবাহিত হয়েছে। মূল অনুমোদিত বাস্তবায়নকালের চেয়ে প্রকল্পটি বাস্তবায়নে ৩৬ মাস সময় বেশী (১০০%) ব্যয় হয়েছে। প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রতার ফলে উপকারভোগীদের প্রকল্পের সুফল পেতে বিলম্ব ঘটেছে।

১৪.২ **Cost over run:** প্রকল্পটির মূল অনুমোদিত ডিপিপি'র তুলনায় বাস্তবায়ন ব্যয় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। মূল অনুমোদিত প্রাক্কলিত ব্যয় ১৬৪২১.৯৩ লক্ষ টাকা থাকলেও পরবর্তীতে সংশোধনের মাধ্যমে প্রকল্পের ব্যয় নির্ধারিত হয় ২১৮৪৭.১৪ লক্ষ টাকা। আবার প্রকল্প বাস্তবায়নে প্রকৃত ব্যয় হয়েছে ২০৮৪৭.১৪ লক্ষ টাকা অর্থাৎ মূল অনুমোদিত ব্যয় অপেক্ষা প্রকল্প ব্যয় ৪৪৮৭.৯১ লক্ষ টাকা বৃদ্ধি পেয়েছে (২৭.৩২%)। প্রকল্প প্রণয়নকালে যথাযথ পরিকল্পনা ও ব্যয় প্রাক্কলনে ঘাটতি ছিল মর্মে প্রতীয়মান হয়।

১৪.৩ **নির্মিত ফ্ল্যাট ফাঁকা থাকা :** প্রকল্পটির আওতায় নির্মিত ৪৪৮টি ফ্ল্যাটের মধ্যে গণপূর্ত অধিদপ্তরের জন্য ২৪টি এবং জাতীয় সংসদ সচিবালয়ের কর্মকর্তা/কর্মচারীদের জন্য ৪২৪টি ফ্ল্যাট নির্মাণ করা হয়েছে। পরিদর্শনকালে জানা যায় যে, জাতীয় সংসদ সচিবালয়ের জন্য নির্ধারিত ৪২৪টি ফ্ল্যাটের মধ্যে ৬০টি ফ্ল্যাট এখনো বরাদ্দ প্রদান প্রক্রিয়া সম্পন্ন করা হয়নি, ফলে এ ফ্ল্যাটসমূহ বরাদ্দবিহীনভাবে পড়ে আছে। এতে সরকারের রাজস্ব আয়ে ক্ষতি হচ্ছে।

১৪.৪ **স্থায়ী জনবলের সংকট :** প্রকল্পের আওতায় নির্মিত ভবনসমূহে দৈনন্দিন সেবা নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় জনবল (পাম্প অপারেটর, লিফট অপারেটর, বৈদ্যুতিক মিস্ত্রি ইত্যাদি) গণপূর্ত অধিদপ্তরের সংশ্লিষ্ট সাব-ডিভিশনে নিয়োজিত নেই। ফলে ভবনে বসবাসকারীদের দৈনন্দিন সেবা পেতে ভোগান্তি হচ্ছে।

১৪.৫ **মাল্টিপারপাস ভবনে লিফট সুবিধা না থাকা :** প্রকল্পের আওতায় ফ্ল্যাটে বসবাসকারীদের সামাজিক এবং ধর্মীয় আচার-অনুষ্ঠান আয়োজনের জন্য ১৫ তলা ভিতবিশিষ্ট ৫ তলার একটি মাল্টিপারপাস ভবন নির্মাণ করা হয়েছে। কিন্তু ভবনে লিফট সুবিধা রাখা হয়নি। ফলে বয়স্ক ও শারিরীক প্রতিবন্ধীদের উক্ত ভবনের সুবিধা পেতে অসুবিধা হবে।

১৪.৬ **অগ্নিনির্বাপক ব্যবস্থাপনা :** ভবনের অগ্নিনির্বাপক ব্যবস্থাপনা নিশ্চিত করার জন্য প্রকল্পের আওতায় প্রতিটি ভবনে অগ্নিনির্বাপক যন্ত্র স্থাপন করা হয়েছে। কিন্তু ফ্ল্যাট নং-বি-২/১৫০৩ পরিদর্শনকালে দেখা যায় যে, অগ্নিনির্বাপক যন্ত্রসমূহে মেয়াদকাল ও পরীক্ষার সময়কাল উল্লেখ নেই। এছাড়াও ভবনে বসবাসকারীদের এসমস্ত যন্ত্র ব্যবহারের কোন প্রশিক্ষণ প্রদান করা হয়নি। এ সময়ে উপস্থিত সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য প্রদান করতে পারেননি।



১৪.৭ **অডিট সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য না থাকা :** প্রাপ্ত ডিপিপি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের পিসিআর-এর অডিট সংক্রান্ত অনুচ্ছেদে পূর্ণাঙ্গ তথ্য প্রদান করা হয়নি। এক্ষেত্রে প্রকল্প চলাকালীন ও প্রকল্প সমাপ্তির পরে আর্থিক ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্য পিসিআর-এ অন্তর্ভুক্ত করা সমীচীন ছিল।

১৪.৮ **ঘনঘন প্রকল্প পরিচালক বদলী :** প্রকল্পটি জুলাই, ২০১১ হতে জুন, ২০১৭ মেয়াদে বাস্তবায়নের জন্য অনুমোদিত হয়। প্রকল্পটি বাস্তবায়নে ৪ জন তত্ত্বাবধায়ক প্রকৌশলী প্রকল্প পরিচালকের দায়িত্ব পালন করেন। এ জাতীয় প্রকল্প বাস্তবায়নে ঘনঘন প্রকল্প পরিচালক বদলী কাম্য নয়।

১৪.৯ **নিয়মিত পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন না করা** : প্রকল্পের অনুমোদিত ডিপিপি অনুসারে প্রতি এক মাস অন্তর একবার পিআইসি সভা ও এক মাস অন্তত এক বার স্টিয়ারিং কমিটির সভা আয়োজনের সংস্থান ছিল। কিন্তু বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক নিয়মিতভাবে পিআইসি ও স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হয়নি।

১৫। <u>সুপারিশ/ মতামত :</u>

১৫.১ প্রকল্প থেকে সঠিক সময়ে সুফল প্রাপ্তি এবং বিনিয়োগকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পের ডিজাইন/পরিকল্পনা এমনভাবে প্রণয়ন করতে হবে যাতে প্রকল্পের Time over run ও Cost over run না ঘটিয়ে নির্ধারিত ব্যয়ে ও সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করা যায় **(অনু: ১৪.১ ও ১৪.২);**

১৫.২ প্রকল্পের আওতায় নির্মিত ভবনের ফাঁকা ফ্ল্যাটে নীতিমালার আলোকে দ্রুত বরাদ্দ প্রদান নিশ্চিত করাসহ রাজস্ব আয় বৃদ্ধির পদক্ষেপ নিতে হবে (অনুঃ ১৪.৩);

১৫.৩ ভবনে বসবাসকারীদের দৈনন্দিন সেবা নিশ্চিত করার স্বার্থে গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সহায়ক জনবল নিয়োগের বিষয়টি নিশ্চিত করা প্রয়োজন (অনু: ১৪.৪);

১৫.৪ মাল্টিপারপাস ভবন ভবিষ্যতে সম্প্রসারণ করা হলে আবশ্যিকভাবে লিফট সুবিধা নিশ্চিত করতে হবে **(অনু: ১৪.৫);**

১৫.৫ অগ্নিনির্বাপক যন্ত্রে মেয়াদ ও পরীক্ষার সময়কাল কেন উল্লেখ নেই সে বিষয়টি গণপূর্ত অধিদপ্তর যাচাই-বাছাই করে আইএমইডিকে অবহিত করবে এবং ভবনে বসবাসকারীদের জন্য প্রশিক্ষণ তথা ফায়ারড্রিলের ব্যবস্থা গ্রহণ করতে হবে **(অনু: ১৪.৬);**

১৫.৬ আর্থিক ব্যবস্থাপনার স্বচ্ছতা নিশ্চিত করার স্বার্থে প্রকল্পের অডিট সম্পন্ন করে এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি আইএমইডিকে অবহিত করতে হবে **(অনু: ১৪.৭) ;**

১৫.৭ একটি প্রকল্পে ঘনঘন প্রকল্প পরিচালক বদলী করার যৌক্তিকতা সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক পর্যালোচনা করা আবশ্যক এবং ভবিষ্যতে প্রকল্প পরিচালক নিয়োগের ক্ষেত্রে পরিকল্পনা বিভাগের বিদ্যমান পরিপত্র অনুসরণ করা সমীচীন হবে (অনু: ১৪.৮);

